Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry.

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

SRI AUROBINDO LIBRARY
PONDICHERRY, INDIA

....

....

....

Fumigated AUG 1993

But thought nor word can seize eternal truth

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

CC-0. In Public Domain. Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

सांख्य सूत्रम् ।

महर्षि कपिल प्रणीतम् ।

अनिरुद्धभट्ट-कृतया वृत्तिसमाख्यया व्याख्यया
कालीवर वेदान्तवागीश कृत
भाषानुवादेन च समेतम् ।

श्रीयुक्त दुर्गाचरण सांख्य-वेदान्ततीर्थ भट्टाचार्य्येण
संशोधितम् ।

श्रीहरिपद भट्टाचार्य्येण प्रकाशितम् ।

नूतनावृत्तिः ।

वङ्गाब्दाः १३२२ ।

मूल्यमेकरूप्यकम् ।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgao

PUBLISHED BY
HARI PADA BHATTACHARJYA,
91, Durga Charan Mitter's Street,
CALCUTTA.

PRINTED BY
MIHIR CHANDRA GHOSH,
"At New Saraswati Press"
25/A, Mechuabazar Street, Calcutta.

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

বিজ্ঞাপন।

আমার স্বর্গীয় পিতৃদেব কালীবর বেদান্তবাগীশ মহাশয় সাংখ্য-দর্শনের অনিরুদ্ধ বৃত্তি বঙ্গানুবাদ সহ মুদ্রিত ও প্রকাশিত করেন। যখন এই পুস্তক প্রকাশিত হইয়াছিল, তখন এতদ্দেশে এই বৃত্তিটী নিতান্ত দুষ্প্রাপ্য ছিল; এমন কি তিনি তৎকালে "একের অধিক আদর্শ পুস্তকের অভাবে" যে ইহা বিশুদ্ধ ভাবে সংশোধন করিতে ক্ষম হন নাই, তাহা তিনি প্রথম বারের বিজ্ঞাপনেই স্পষ্ট ব্যক্ত করিয়া গিয়াছিলেন। দুষ্প্রাপ্য গ্রন্থ সকল প্রকাশের দ্বারা সুপ্রাপ্য করাই-যে তাঁহার হৃদয়ের একটী উচ্চ উদ্দেশ্য ছিল, তাহা ও তিনি উক্ত বিজ্ঞাপনেই প্রকাশ করিয়াছেন। তদ্ভিন্ন তাঁহার লেখনী যে প্রত্যেক নূতন বিষয়ে হস্তক্ষেপ করিতে অদ্বিতীয় সাহসী ছিল এবং পিষ্ট-পেষণ কার্য্যে বিরক্ত; তাঁহার প্রকাশিত গ্রন্থাবলী-ই তাহার উজ্জ্বল প্রমাণ।

অনিরুদ্ধবৃত্তির পাঠ সম্বন্ধীয় গোলযোগ চিরপ্রসিদ্ধ। এমন এক খানি পুস্তক ও মুদ্রিত দেখা যায় না, যাহার সমস্তগুলি পাঠ বিশুদ্ধ ও সুসঙ্গত বলিয়া গ্রহণ করিতে পারা যায়। উপযুক্ত আদর্শ পুস্তকের অভাব-ই যে ইহার প্রধান কারণ তদ্বিষয়ে সংশয় নাই। এই জন্য এবার আমরা অনেকগুলি আদর্শ পুস্তক সংগ্রহ করিয়া ইহার সে দোষ অপনয়নের চেষ্টা করিয়াছি। আদর্শ পুস্তকগুলির মধ্যে যে সমস্ত পাঠ, তুলনায় বিশুদ্ধ ও সুসঙ্গত বলিয়া বিবেচিত হইয়াছে; সে সমুদায় পাঠ মূলের মধ্যে সন্নিবিষ্ট করা হইয়াছে। এবং আবশ্যকমতে অন্যান্য শুদ্ধ পাঠ গুলি ও নিম্নে টিপ্পনী রূপে দেওয়া হইয়াছে। ইহার দ্বারা অধ্যাপক এবং ছাত্রগণের বিশেষ উপকার হইবে বলিয়া আশাকরি।

অবশেষে কৃতজ্ঞতা সহকারে প্রকাশ করিতেছি যে—ভবানীপুর ভাগবত চতুষ্পাঠীর সুযোগ্য অধ্যাপক প্রসিদ্ধ দার্শনিক পণ্ডিত

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

श्रीयुक्त दुर्गाचरण सांख्य-वेदान्त तीर्थ महाशय अनुग्रहपूर्वक एइ गुरुतर कार्य्य भार ग्रहण करियाछिलेन। तिनि स्वयं पाठ गुलिर आलोचना पूर्वक, संशोधन ओ पाठ परिवर्त्तनादि कार्य्य सम्पादन करिया दियाछेन। सुतरां एवार पुस्तक खानि ये सम्पूर्ण विशुद्ध ओ सुसङ्गत पाठ विभूषित हइयाछे, इहा साहस करिया वलिते पारि। पाठकवर्गेर सुविधार्थे एवार मूल ओ वृत्ति देवनागर अक्षरे एवं वङ्गानुवादटी दिलाम। एखन इहार द्वारा पाठकगण उपकार ओ तृप्तिलाभ करिलेइ श्रम सार्थक मने करिव। किमधिक मिति।

प्रकाशक—श्रीहरिपद भट्टाचार्य्य।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

सवृत्ति

सांख्य-सूत्रम् ।

प्रथमः—विषयाध्यायः ।

विनायकं नमस्कृत्य विष्णुं सूर्य्यं सरस्वतीम् ।
लक्ष्मीं गङ्गां महेशानं वृत्तिं कर्त्तुं समारभे ॥

पुरुषः खलु वैराग्यान्मोक्षशास्त्रे प्रवर्त्तते। वैराग्याच्च विद्या स्यात्, वैराग्यञ्च द्वेधा स्यात्—भोगादिद्वारेण प्रवृत्तिपरिक्षया-ज्जन्मान्तरीयदुरितक्षयाद्वा (१)। तथाच श्रुतिः—"यदहरेव विरजेत् तदहरेव प्रव्रजेत्" इति। शास्त्रे प्रवृत्तश्च परवैराग्यान्मुच्यते। तथा चाह पतञ्जलिः—"दृष्टानुश्रविकविषयवितृष्णस्य वशीकारसंज्ञा वैराग्यम् ॥ तत्परं पुरुषख्यातेर्गुणवैतृष्ण्यम्"—इति। एतदेव परं वैराग्यं वक्तुमतिकारुणिको महामुनिर्जगदुद्दिधीर्षुः कपिलो मोक्षशास्त्रमारभमाणः प्रथमं सूत्रं चकार—

अथ त्रिविधदुःखात्यन्तनिवृत्तिरत्यन्तपुरुषार्थः ।१

अथेत्ययं मङ्गलार्थः, न तु कर्म्मानन्तर्य्यार्थः, यदहरेवेत्यादिश्रुतेः आनन्तर्य्यार्थस्य अप्रयोजनत्वात्। कर्म्मारम्भे च मङ्गलकरणं

তিন প্রকার দুঃখের আত্যন্তিক নিবৃত্তির নাম আত্যন্তিক পুরুষার্থ। পুরুষ (আত্মা) যাহা চায়, প্রার্থনা করে, তাহাই পুরুষার্থ। দুঃখনিবৃত্তি ও দুঃখনিবারক

(१) वैराग्यं च द्वेधा स्यात् शोकादिना जन्मान्तरीयदुरितक्षयाद्वा इति वा पाठः।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

ख्यायम्। अथ-शब्दस्य मङ्गलवाचको दृश्यते, "ओंकारश्चाथ-शब्दश्च द्वावेतौ ब्रह्मण: पुरा। कण्ठं भित्त्वा विनिष्क्रान्तौ तेन माङ्गलिकावुभौ" इति। त्रिविधदु:खेति—शारीर मानसिकयो-राध्यात्मिकत्वेन संग्रहणादेकत्वम्। आधिभौतिकं पशुपक्ष्यादि-जनितम्, आधिदैविकं ग्रहभूतादिजनितम्। नन्वेवं तेषां निवृत्ति: स्वत एव भविष्यति, दु:खानां द्वित्रक्षणावस्थायित्वात्; अत आह—अत्यन्तेति। न हि दु:खविशेषाणां निवृत्तिरभिमता, किन्तु दु:ख-जातीयानाम्। भविष्यतामपि दु:खजातीयानां निवृत्तिरत्रात्यन्त-शब्दार्थ:। धर्म्मार्थकाममोक्षाणां पुरुषार्थत्वं, न तु तन्नाद्यानां त्रयाणा-मत्यन्तत्वम्; क्षयित्वाद्विषयजसुखत्वाच्च। मोक्षस्य च न तथा; नित्यत्वात् प्रकाशरूपत्वाच्च। अत उक्तमत्यन्तपुरुषार्थ इति ॥ १ ॥

भवतु दु:खनिवृत्ति: पुरुषार्थ:, तथापि दृष्टादेव सुकरोपायात्तत्-सिद्धे: शास्त्रसाध्ये दुष्करोपाये अनेकजन्मपरम्परायास-सम्पाद्ये चित्तनिरोधादौ क: स्वस्थात्मा प्रवर्त्तेत? तथाच "अर्के चेन्मधु विन्देत किमर्थं पर्वतं व्रजेत्। इष्टस्यार्थस्य संसिद्धौ को विद्वान् यत्न-माचरेत्।" तथाहि,—शारीरदु:खनिवृत्तये औषधादय: सन्ति, मानसदु:खनिवृत्तये प्रवरस्त्रीमिष्टान्नादय: सन्ति; आधिभौतिक-दु:खनिवृत्तये च नीतिशास्त्रार्थवादिभि: प्रोक्ता नानाप्रकारा: सन्ति, आधिदैविकदु:खनिवृत्तये च शान्तिमणिमन्त्रादय: सन्तीति; अत्रोत्तरसूत्रम्—

ধনাদি প্রার্থনা করে; সুতরাং দুঃখনিবৃত্তি ও দুঃখনিবর্ত্তক ধনাদি পুরুষার্থ। দুঃখ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক ভেদে তিন প্রকার। ঐ তিন প্রকার দুঃখ আদৌ থাকিবে না, কস্মিন্ কালেও পুনরুৎপন্ন হইবে না, এরূপ ভাবে বিনিবৃত্ত হইলে, বিনষ্ট হইলে, তাহা আত্যন্তিক বিশেষণে বিশেষিত হয়। অর্থাৎ তাদৃশ দুঃখ নিবৃত্তিকে আত্যন্তিক দুঃখনিবৃত্তি বলা যায়। সামান্যাকারে দুঃখ-

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न दृष्टात्तत्सिद्धिर्निवृत्तेरप्यनुवृत्तिदर्शनात् ॥२॥

न वयं निवृत्तिमात्रं पुरुषार्थं इति ब्रूमः, किंतूत्पत्तिनिवृत्तिः। औषधादिना च नावश्यं दुःखं निवर्त्तते, यदि वा कथञ्चित् निवर्त्तेत, पुनरन्येन न भवितव्यमिति नास्ति नियमः ॥२॥

भवतु दुःखनिवृत्तिस्तथापि न पुरुषार्थः, पुनः पुनस्तथाविध-प्रतीकारकरणात्; इत्यत आह—

प्रात्यहिकक्षुत्प्रतीकारवत्तत्प्रतीकारचेष्टनात् पुरुषार्थत्वम् ॥३॥

यथा प्रत्यहं क्षुत्प्रतीकाराय वरान्नभक्षणादिना त्वमस्य पुरुषार्थता, तथा दुःखनिवृत्तये औषधादिना पुनःपुनःप्रतीकारात् पुरुषार्थतेति ॥ ३ ॥ सिद्धान्तमाह—

নিবৃত্তি হওয়া সামান্য পুরুষার্থ; কিন্তু আত্যন্তিক দুঃখনিবৃত্তি আত্যন্তিক পুরুষার্থ। ইহার অন্য নাম পরম পুরুষার্থ। তাহার কারণ এই যে, ঐরূপ দুঃখ নিবৃত্তিই দুঃখনিবৃত্তি কামনার চরম সীমা। ১

দৃষ্ট উপায় দ্বারা অর্থাৎ লৌকিক উপকরণের দ্বারা আত্যন্তিক দুঃখ নিবৃত্তি হয় না। লৌকিক উপকরণে দুঃখের নিবৃত্তি হইলেও তাহার অনুবর্ত্তন থাকে। ধনাদির দ্বারা উপস্থিত-দুঃখ নিবৃত্তি হয় বটে; পরন্তু তাহার পরক্ষণেই আবার তৎসদৃশ অন্য দুঃখ আসিয়া উপস্থিত হয়। সুতরাং স্বীকার করিতে হইতেছে যে, লৌকিক উপায়ে ক্ষণিক দুঃখ নিবৃত্তি হয়; আত্যন্তিক দুঃখনিবৃত্তি হয় না। ২

ক্ষণিক নিবৃত্তি হইলেও তাহা অপুরুষার্থ নহে। কেননা পুরুষ তাহাও চায়, তাহাও প্রার্থনা করে। আজ ক্ষুধার প্রতীকার করিলেও কাল আবার ক্ষুধা হইবে, ইহা ভাবিয়া কে কোথায় উদাসীন থাকে? খাইতে চায় না? অতএব, দৈনন্দিন ক্ষুধা স্থলে যেমন সেই সাময়িক ক্ষুন্নিবৃত্তি পুরুষার্থ বলিয়া গণ্য হয়; সেইরূপ, লৌকিক উপায় ও তৎসাধ্য সাময়িক দুঃখনিবৃত্তি, উভয়ই পুরুষার্থ

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

সর্ব্বাসম্ভবাৎ সম্ভবেঽপ্যত্যন্তাসম্ভবাদ্ধেয়ঃ প্রমাণকুশলৈঃ ॥ ৪ ॥

ন হি সর্ব্বদেশে সর্ব্বকালে বা বৈদ্যাদয়ঃ সম্ভবন্তি, সম্ভবেঽপি নাত্যন্তত্রিবিধদুঃখনিবৃত্তিঃ স্যাৎ। অবশ্যং হি দেহনিবন্ধনাদ্রোগাদীনাং সম্ভবঃ, দেহী সুখীতি ন দৃষ্টমিতি। তস্মাদেষ পুরুষার্থঃ প্রামাণিকৈঃ হেয়ঃ, শাস্ত্রগম্যস্তূপাদেয়ঃ ॥ ৪ ॥ যুক্ত্যন্তরমাহ—

উৎকর্ষাদপি মোক্ষস্য সর্ব্বোৎকর্ষশ্রুতেঃ ॥ ৫ ॥

অথবা দুঃখত্রয়নিবৃত্তেরন্যোন্যমুৎকর্ষো দৃষ্টঃ, মোক্ষস্তু সর্ব্বোৎকৃষ্টঃ, নিত্যত্বাদেকত্বাৎ সর্ব্বদুঃখোচ্ছেদরূপত্বাচ্চ।

ননু নাস্ত্যেব তদ্দর্শনং, যত্র মোক্ষো ন পুরুষার্থঃ, ন চৌষধাদিনা দুঃখনিবৃত্তিমাত্রং মোক্ষঃ। তস্মাৎ যস্তব সিদ্ধান্তঃ, সোঽস্মাকং ভবিষ্যতি, ইত্যত আহ—

বলিয়া গণ্য হয়। ফল কথা এই যে, চেষ্টার বা ইচ্ছার বিষয় মাত্রেই পুরুষার্থ। ৩

সকল স্থানে ও সকল সময়ে দুঃখনিবারক লৌকিক উপায় থাকে না। থাকিবার সম্ভাবনাও নাই। থাকিলেও তদ্দ্বারা দুঃখের আত্যন্তিক নিবৃত্তি হয় না। তৎকারণে, শাস্ত্রতত্ত্বজ্ঞ ব্যক্তিরা দুঃখনিবারক লৌকিক উপায় গুলিকে হেয় অর্থাৎ তুচ্ছ জ্ঞান করিয়া থাকেন। স্ত্রী, অন্ন, পান ও ভোজনাদি দৃষ্ট উপায় পরিত্যাগ ও শাস্ত্রীয় উপায় অবলম্বন করেন। ৪

লৌকিক উপায়ে যে দুঃখনিবৃত্তি হয়, তাহার তারতম্য বা উৎকর্ষাপকর্ষ আছে। পরন্তু সর্ব্বদুঃখনিবৃত্তিরূপ মুক্তিতে তাহা নাই। তজ্জন্য মুক্তিই সর্ব্বোৎকৃষ্ট। তাৎপর্য্য এই যে, মুক্তির উৎকর্ষতা জানিয়া অভিজ্ঞ পুরুষ ক্ষণিক দুঃখনিবৃত্তি ও তৎসাধক লৌকিক উপকরণ তুচ্ছ জ্ঞান করেন এবং মুমুক্ষু হইয়া শাস্ত্রপথ অবলম্বন করেন। ৫

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

अविशेषश्चोभयोः ॥ ६ ॥

स्वपक्षस्थित्या परपक्ष उपालभ्यते, न त्वन्यथा। उक्तञ्च "यत्रो-भयोः समो दोषः परिहारोऽपि तादृशः। नैकः पर्य्यनुयोज्यः स्यात्ता-दृगर्थ विचारणे।" ॥ ६ ॥

किं स्वभावतो बद्धस्य मोक्षसाधनोपदेशः? अन्यथा वा?

इत्यत्राह—

न स्वभावतो बद्धस्य मोक्षसाधनोपदेशविधिः ॥ ७ ॥

स्वभावनाशात् स्वरूपनाशप्रसङ्गात्। उक्तञ्च "वस्तुस्थित्या न बन्धोऽस्ति तदभावान्न मुक्तता। विकल्पघटितावेतावुभावपि न किञ्चन।" ॥ ७ ॥ एतदेव द्रढ़यति—

स्वभावस्यानपायित्वादननुष्ठानलक्षणमप्रामाण्यम् ॥८॥

नित्यस्वभावस्य बन्धस्य अप्रच्यवात्तन्नाशार्थमनुष्ठानमशक्यमिति ॥८॥

ধনাদি দৃষ্ট উপায় এবং বৈদিক ক্রিয়া কলাপ (তজ্জনিত পুণ্য) উভয়ই তুল্য। ধন-ভোগ যেমন নশ্বর, পুণ্যভোগও তদ্রূপ নশ্বর। সুতরাং শাস্ত্রীয় উপায়ের মধ্যে ক্রিয়াত্মক উপায় গুলি আত্যন্তিক দুঃখ নিবৃত্তির কারণ নহে। শাস্ত্র মোক্ষ উপদেশ করিয়াছেন সত্য; পরন্তু তদ্বিষয়ে অনেকগুলি প্রশ্ন ও অনেক গুলি বিচার্য্য আছে। যথা—। ৬

আত্মার দুঃখ সম্বন্ধ নামক বন্ধন স্বাভাবিক কি না বিবেচনা করা আবশ্যক। আত্মা স্বীয় স্বভাবে বদ্ধ, এরূপ হইলে তাঁহার মুক্তির জন্য সাধনের উপদেশ অসম্ভব হয়। যাহা যাহার স্বভাব, উপায় দ্বারা তাহার অভাব হয় না। হইলেও তাহার বস্তুতা তিরোহিত হয়। অগ্নির স্বভাব তাপ ও আলোক, যদি তাহার অভাব হয়, তবে আর তাহার অগ্নিত্ব থাকে কৈ। এজন্য, বিবেচনা করা উচিত যে; আত্মা স্বীয় স্বভাব বশতঃ বদ্ধ নহেন। ৭

যাহা স্বভাব তাহা অনপায়ী অর্থাৎ বিনশ্বর নহে। স্বভাব যখন অপগত হয়

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

কশ্চিদ্বিপ্রলম্ভায়াঽশক্যমপ্যুপদিশতি, যথাঽঙ্গুল্যগ্রে করিযূথশত-মিতি। অত্রাহ—

নাশক্যোপদেশবিধিরুপদিষ্টেঽপ্যনুপদেশঃ ॥ ৯ ॥

অশক্য কার্য্যে উপদেশো ন সম্ভবতি, উপদিষ্টেঽপি নোপদেশঃ নিষ্ফলো ভবতীত্যর্থঃ ॥ ৯ ॥ অত্র শঙ্কতে—

শুক্লপটবদ্বীজবচ্চেৎ ॥ ১০ ॥

স্বভাবস্যাপি নাশো দৃশ্যতে, যথা পটে শুক্লত্বস্য রাগাদিভিঃ, বীজস্য বা অগ্ন্যুত্তাপাদ্ অঙ্কুরজননশক্তেঃ ॥ ১০ ॥

সিদ্ধান্তমাহ—

শক্ত্যুদ্ভবানুদ্ভবাভ্যাং নাশক্যোপদেশঃ ॥ ১১ ॥

সৎকার্য্যসিদ্ধের্ন পটস্য শৌক্ল্যং নষ্টম্, কিন্তু রাগাদিনাভিভূতম্, ক্ষালনাৎ পুনরুদ্ভূতম্ ; অঙ্কুরাজননাদপি ন বীজং নষ্টম্, কিন্ত্বভি-

---

না, তখন তাহার বিনাশার্থ অনুষ্ঠান বা চেষ্টা বৃথা। এজন্য বিবেচনা হয় যে, আত্মা বদ্ধস্বভাব নহেন। বদ্ধ স্বভাব হইলে তাঁহার মুক্তিবিধায়ক শাস্ত্রীয় উপদেশ গুলি অপ্রমাণ অর্থাৎ উন্মত্তপ্রলাপ তুল্য হয়। ৮

যাহা অশক্য, যাহা কেহ পারে না, সামান্য প্রাকৃত ব্যক্তিও তাহার উপদেশ করে না। করিলেও তাহা অগ্রাহ্য হয়। সুতরাং বিবেচনা করা উচিত যে, সর্ব্বহিতৈষিণী শ্রুতি যখন আত্মার বন্ধন মোচনের উপায় বিধান করিয়াছেন, তখন অবশ্যই তাহা শক্য। ৯

যদি বলেন, শুভ্রবস্ত্রের স্বাভাবিক শুভ্রতা রঞ্জনক্রিয়ার দ্বারা অপগত বা অভাব প্রাপ্ত হইতে দেখিয়াছি এবং দাহাদির দ্বারা বীজের স্বাভাবিক অঙ্কুর-শক্তিও নষ্ট হইতে দেখিয়াছি ; তদ্দৃষ্টান্তে আত্মারও স্বাভাবিক বন্ধন অপগত হয় বলিব? বলিলে হানি কি? ১০

হানি আছে। দৃষ্টান্ত দুইটী ঠিক নহে। ঐ ঐ স্থলে শক্তির বা স্বভাবের উদ্ভব ও তিরোভাব মাত্র হয়, অত্যন্তাভাব বা প্রধ্বংস হয় না। রঞ্জনাদির দ্বারা বস্ত্রের শুভ্রতার ও দাহাদির দ্বারা বীজের অঙ্কুর-শক্তির বিনাশ হয় না, কেবল

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

भूतम्, तस्य च पुनरुद्भवो न दृश्यते, वस्तुवैचित्र्यात् ; अथवा योगिसंकल्पादिभिस्तच्छक्त्याविर्भावात् ॥ ११ ॥

ननु आत्मा स्वभावतो न बद्धः, किन्तु कालवशाद्बद्धो भविष्यतीत्यत्राह—

न कालयोगतो व्यापिनो नित्यस्य सर्व्वसम्बन्धात्॥१२॥

भवत्वयं, यदि तस्य कदापि कालयोगः स्यात् न स्याद्वा ; नित्यस्य व्यापिनः सर्वकालसम्बन्धोपाधित्वात्। नित्यस्येत्यनेन सर्वकालसम्बन्धे प्राप्ते व्यापिन इत्युत्तरसूत्रपर्य्यालोचनया सम्पातायातम् ॥१२॥

देशवशाद्बद्धो भविष्यतीत्यत्राह—

न देशयोगतोऽप्यस्मात् ॥ १३ ॥

व्यापिनो नित्यस्य सर्व्वदेशसम्बन्धादिति ॥ १३ ॥

अथावस्थातो बद्धो भविष्यतीत्यत आह—

মাত্র অভিভব বা অদর্শন হয়। অভিভূত হয় বলিয়াই রজকের ক্ষারসংযোগ ও নির্ণেজন প্রভৃতি ক্রিয়া বিশেষের দ্বারা বস্ত্রে পুনর্ব্বার শুভ্রতা আগমন করে এবং যোগীরাও সংকল্প-শক্তির দ্বারা দগ্ধ বীজ অঙ্কুরিত করিতে পারেন। ১১

কালে না হয় এমন কিছুই নাই, কালপ্রভাবে স্বভাবেরও প্রচ্যুতি হইতে পারে, সুতরাং আত্মার বন্ধন স্বাভাবিক হউক বা না হউক, কালকৃত হইলেও হইতে পারে, এরূপ আশঙ্কাও করিতে পার না। আত্মার বন্ধন, কালসম্বন্ধের অধীন হইলে মুক্তির আশা বৃথা হয়। কেননা নিত্য ও সর্ব্বব্যাপী কাল, মুক্ত অমুক্ত সাধারণ আত্মাতেই সম্বদ্ধ আছেন, সুতরাং মুক্তি হইলেও কাল পুনর্ব্বার বন্ধন করিবে। কাযে কাযেই বলিতে হয় যে, আত্মার বন্ধন কালকৃত নহে। উক্ত যুক্তি অনুসারে দেশসম্বন্ধও বন্ধনের কারণ নহে, ইহা বুঝিয়া লইতে হইবে। ১২। ১৩।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

नावस्थातो देहधर्म्मत्वात् तस्याः ॥ १४ ॥

तस्या अवस्थायाः; देहधर्म्मत्वादित्युपलक्षणम्, अपरिणामित्वादिति परमार्थः ॥ १४ ॥

आत्मनोऽप्यवस्था भविष्यतीत्यत्राह—

असङ्गोऽयं पुरुष इति ॥ १५ ॥

असङ्गोऽयं पुरुष इति श्रुतिरस्ति, सा वाधिता स्यात् ॥ १५ ॥

कर्म्मवशाद्बद्धो भविष्यतीत्येतत् दूषयति—

न कर्म्मणाऽन्यधर्मत्वादतिप्रसक्तेश्च ॥१६॥

निर्गुणत्वादात्मनः, कर्म्मणो नात्मधर्म्मत्वम् । नन्वन्यधर्मेणापि कर्मणा बद्धो भविष्यतीति, तदयुक्तम्; न ह्यन्यधर्मेणान्यत्र किञ्चिदाधीयते, विश्वस्य वैचित्र्यानुपपत्तेः; अतिप्रसक्तेश्चेति मुक्तानामपि पुनर्ब्बन्धप्रसङ्गः, अन्यत्वाविशेषादिति ॥ १६ ॥ दूषणान्तर माह—

আত্মা কোনরূপ অবস্থার দ্বারাও আবদ্ধ নহেন। কেননা অবস্থা মাত্রেই দেহের ধর্ম্ম; আত্মার নহে। একের ধর্ম্মে অপরের বন্ধন, ইহা বোধ হয় কেহই স্বীকার করিতে পারেন না। একের ধর্ম্মে অন্যের বন্ধন হওয়া সত্য হইলে মুক্তিচেষ্টা বৃথা হয়। তিনিই যেন মুক্ত হইলেন, তাঁহারই যেন দেহ পাত হইল; কিন্তু অন্যের দেহ ত থাকিল; যাহারা অমুক্ত থাকিল তাহারাই তোমাকে পুনর্ব্বার বন্ধন অবস্থায় ফেলিবে। অতএব, ইহাই বলা উচিত যে, আত্মা অবস্থার দ্বারা বদ্ধ হয়েন নাই। ১৪

অবস্থা আত্মার ধর্ম্ম, এ কথা বলা যায় না। বলিলে, "অসঙ্গোঽয়ং পুরুষঃ" পুরুষ বা আত্মা অসঙ্গ অর্থাৎ নির্ধর্ম্মক, নির্লিপ্ত,—ইত্যাদি শ্রুতি বাক্য সকল মিথ্যা হইয়া যায়। শ্রুতি মিথ্যা, ইহা কেহই স্বীকার করিতে পারিবেন না। ১৫

কর্ম্মের দ্বারাও তাঁহার বন্ধন ঘটনা স্বীকার করা যায় না। কেননা কর্ম্মও অন্যের অর্থাৎ দেহের ধর্ম্ম। কর্ম্ম সকল দেহের দ্বারাই উপার্জ্জিত হয়, তজ্জন্য সংস্কারও (পাপ ও পুণ্য) দেহে (চিত্তপর্য্যন্ত দেহ) আহিত থাকে; সুতরাং কর্ম্ম বা ক্রিয়াফল সকল (পাপ ও পুণ্য) দেহেরই (চিত্তেরই) ধর্ম্ম; আত্মার

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

বিচিত্রভোগানুপপত্তিরন্যধর্মত্বে ॥ ১৭ ॥

দৃশ্যন্তে কেচিৎ সুখিনঃ কেচিৎ দুঃখিনঃ। ন চানাদৌ সংসারে কেনাপি সুখহেতুঃ কর্ম্ম দুঃখহেতুঃ কর্ম বা ন কৃতম্; অন্যধর্মেণান্যত্র কার্য্যজননে সর্ব্বে সুখিনো দুঃখিনো বা স্যুঃ ॥ ১৭ ॥

অন্যধর্ম্মেণান্যত্র কার্য্যজননে প্রকৃতিরেব নিয়ামিকা ভবিষ্যতি, যং পুরুষং প্রতি সা প্রবর্ত্ততে, তস্য বন্ধো ভবিষ্যতীত্যত্রাহ—

প্রকৃতিনিবন্ধনা চেন্ন তস্যা অপি পারতন্ত্র্যম্ ॥১৮॥

প্রকৃতেরপি ব্যাপিত্বাৎ সর্ব্বপুরুষসম্বন্ধা বিশেষাৎ কর্ম্ম বিনা ন নিয়ম ইতি তস্যা অপি কর্ম্মপারতন্ত্র্যম্, তত্র চোক্তো দোষঃ ॥ ১৮ ॥

যদি হি প্রকৃত্যাদিনিবন্ধন আত্মনো বন্ধো নাস্তি, স্বভাবেন চ নাস্তি, তর্হি মোক্ষশাস্ত্রোপদেশোঽনর্থঃ স্যাদিত্যত্র সিদ্ধান্তমাহ—

নহে। একের ধর্ম্মে অন্যের বন্ধন, এ সিদ্ধান্ত অতিব্যাপ্তি-দোষাক্রান্ত অর্থাৎ যুক্তিবিরুদ্ধ। ভাবিয়া দেখুন, একের ধর্ম্মে অন্যের বন্ধন, ইহা সত্য হইলে অবশ্যই মুক্ত আত্মার আকস্মিক বন্ধন উপস্থিত হইতে পারে কি না। ১৬

একের কর্ম্মে অন্যের ফলভোগ, ইহা বলিলে, ভোগবৈচিত্র্যও থাকে না। কেহ সুখী, কেহ দুঃখী, কেহ মূঢ় ও জড় হয় কেন? এক জনের সৎকর্ম্মে অন্যের সুখ; একের অসৎকর্ম্মে অন্যের দুঃখ; অথবা সকলের কর্ম্মে সকলে সমান সুখী কিংবা সমান দুঃখী না হয় কেন? অতএব, অব্যভিচরিত ভোগনিয়ম দেখিয়া অনুমান হয় যে, একের ধর্ম্মে অন্যের ফলভোগ অসম্ভব সুতরাং দেহনিষ্ঠ কর্ম্মের ফলে আত্মার বন্ধন হওয়া অসম্ভব। ১৭

প্রকৃতিই প্রবৃত্তিমতী হইয়া পুরুষকে আলিঙ্গন দ্বারা বদ্ধ করে এবং প্রবৃত্তিশীলা প্রকৃতি যখন যাহার প্রতি প্রবৃত্তিমতী হন সে তখন বদ্ধ হয়, এরূপ অনুমান করাও যায় না। কেননা তিনি স্বাধীনা নাহেন; তিনিও চেতনের অধীন। জড় মাত্রেই চেতন-প্রযোজ্য, স্বয়ং-চেষ্ট নহে। যে স্বয়ং-চেষ্ট নহে, কি প্রকারে সে অন্যকে নিয়মিতরূপে বন্ধন করিবে? ১৮

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

ন নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবস্য তদ্‌যোগস্তদ্‌যোগাদৃতে ॥ ১৯

শুদ্ধেতি গুণাসঙ্গী। বুদ্ধেতি স্বচ্ছঃ। তদ্‌যোগঃ বন্ধযোগঃ। তদ্‌যোগাৎ ঋতে প্রকৃতিযোগাদৃতে অবিবেকং বিনা নাত্মনঃ কদাপি বন্ধঃ, কিন্তু অবিবেকাদ্বন্ধঃ ইত্যভিপ্রায়ঃ। স চ শাস্ত্রোপদেশা-ন্নামাপ বদিতব্যঃ ॥ ১৯ ॥

অথাবিদ্যয়া তস্য বন্ধো ভবিষ্যতীত্যত্রাহ—

নাবিদ্যাতোঽপ্যবস্তুনা বন্ধাযোগাৎ ॥ ২০ ॥

অবিদ্যা হি বিদ্যাপ্রাগভাবঃ প্রধ্বংসাভাবো বা। উভয়থাপ্যবস্তু। ন চাবস্তুনা বস্তুন আত্মনঃ সম্ভবতি বন্ধঃ। তস্মাদবিদ্যয়া বন্ধ ইতি ব্যপদেশমাত্রং, ন তত্ত্বম্ ॥ ২০ ॥

বিদ্যাতোঽন্যাঽবিদ্যা বস্তুভূতা ভবিষ্যতীত্যত্র আহ—

বস্তুত্বে সিদ্ধান্তহানিঃ ॥ ২১ ॥

অস্মাকং তাবদবিদ্যায়াঃ সদ্রূপত্বে নাশাভাবাদনির্মোক্ষঃ। অদ্বৈতিনান্ত্ববিদ্যা ন তাত্ত্বিকী। দ্বৈতবাদিনাল্বনাদের্বস্তুভূতস্য তস্য নাশাভাবাদুপদেশানর্থক্যম্ ॥ ২১ ॥ দূষণান্তরমাহ—

সিদ্ধান্ত এই যে, প্রকৃতির সহিত পুরুষের যোগ অর্থাৎ অবিবিক্ততা (মিশ্রিত প্রায় হওয়া) ব্যতীত অন্য কোন কারণে শুদ্ধ বুদ্ধ মুক্ত স্বভাব আত্মার বন্ধন ঘটনা হইবার সম্ভাবনা নাই। ১৯

কেহ বলেন, অবিদ্যাই আত্মার বন্ধন; বস্তুতঃ তাহা সম্ভব নহে। কেননা বিদ্যার অভাব অবিদ্যা; সুতরাং তাহা অবস্তু; অথবা মিথ্যা। মিথ্যাঅবিদ্যার দ্বারা আত্মার বন্ধন, ইহা অযুক্ত কথা। স্বপ্নদৃষ্ট মিথ্যা রজ্জু কি কখন কোন বাস্তব বস্তু বাঁধিতে পারে? (কখনই নহে)। ২০

যদি বলেন, অবিদ্যাও বস্তু; তাহা হইলে তাঁহাদের সিদ্ধান্ত ভঙ্গ হইবে। কেননা অদ্বৈতবাদীরা বলেন, তাঁহাদের অবিদ্যা বস্তু নহে; তাহা এক প্রকার মিথ্যা জ্ঞান মাত্র। ২১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

विजातीयद्वैतापत्तिश्च ॥ २२ ॥

यद्यविद्या वस्तुभूतानादिस्तदा नित्यात्मतुल्या। अनात्मत्वे विजातीयद्वैतापत्तिः ॥ २२ ॥

अथान्यपदार्थानामीदृशी गतिः, अविद्या तु वस्तुभूताऽनादिरपि विनंक्ष्यतीत्याह—

विरुद्धोभयरूपा चेत् ॥ २३ ॥

अन्योऽन्यविरुद्धरूपा, अनादिरपि नाशात् प्रागभावरूपा ॥ २३ ॥

उत्तरमाह—

न तादृक्पदार्थाप्रतीतेः ॥ २४ ॥

न कुत्रापि केनापि कदापि तादृक् पदार्थः प्रतीतः ॥ २४ ॥

यद्येवं, तर्हि प्रकृत्यादीनां षट्पदार्थ वैधर्म्यात् कुत्र प्रवेश इत्यत्राह—

न वयं षट्पदार्थवादिनोवैशेषिकादिवत् ॥ २५ ॥

स्पष्टम् ॥ २५ ॥

यद्यनियताः पदार्थाः, कथं पञ्चविंशतितत्त्वम्? इत्यत्राह।

অবিদ্যাকে বস্তু বলিলে অদ্বৈতবাদীর অদ্বৈত-মত-ভঙ্গ হয়। কেননা এ কথার দ্বারাই তাঁহাদের বিজাতীয়-দ্বৈত থাকা সপ্রমাণ হয়। ২১

অবিদ্যা বস্তুও বটে অবস্তুও বটে; এরূপ বিরুদ্ধ-দ্বৈরূপ্য হয় না। তাহার কারণ এই যে, একের উক্ত প্রকার উভয়রূপতা বিরুদ্ধ ভিন্ন অবিরুদ্ধ নহে। যাহা বস্তু তাহাই অবস্তু; যাহা আছে তাহাই আবার নাই, ইহা অত্যন্ত অসঙ্গত কথা। ২৩

পরস্পরবিরুদ্ধ দ্বিরূপ পদার্থ কেহ কখন দেখে নাই, কোনরূপ প্রমাণে প্রমিত হয় নাই, সুতরাং তাহা নাই। ২৪

অবিদ্যা তবে কোন্ পদার্থের অন্তর্গত? এ প্রশ্ন আমরা গ্রাহ্য করি না।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

অনিয়তত্বেঽপি নাযৌক্তিকস্য সংগ্রহোঽন্যথা বালোন্মত্তাদিসমত্বম্ ॥ ২৬ ॥

ষড়েব পদার্থা ইতি ন ব্রুমঃ, ন তু যুক্তিসিদ্ধমপি নাঙ্গীকুর্ম্মঃ। অন্যথা বালোন্মত্ততুল্যত্বম্। তথাচ, নহ্যাপ্তবাদান্নভসো নিপতন্তি মহাসুরাঃ। যুক্তিমদ্বচনং গ্রাহ্যং ময়াঽন্যৈশ্চ ভবদ্বিধৈঃ ॥ ২৬ ॥

বৌদ্ধপক্ষং নিরস্যতি—

নানাদিবিষয়োপরাগনিমিত্তোঽপ্যস্য ॥ ২৭ ॥

অস্য আত্মনঃ অনাদিবিষয়বাসনানিমিত্তো বন্ধো ভবিষ্যতীতি ন। অস্মাকং তাবদ্বাসনয়া সহাত্মনঃ সম্বন্ধাভাবাদ্বন্ধাভাবঃ। বৌদ্ধনয়েঽপি স্থিরস্যাত্মনোঽসত্ত্বাদ্বাসনায়া অপি তাবৎকালং স্থিত্যভাবাৎ কেন কো বদ্ধ ইতি ॥ ২৭ ॥

বাহ্যবস্তূপরাগাদ্বাসনাসন্তানেনাত্মসন্তানস্য বন্ধো ভবিষ্যতীত্যত আহ—

আমরা বৈশেষিক প্রভৃতির ন্যায় ছয় কিংবা ষোড়শ পদার্থ বাদী নহি। ছয় পদার্থের অথবা ষোল পদার্থের অধিক নাই; এরূপ নিয়মিত কথা আমরা বলি না। আমাদের মতে প্রাকৃতিক পদার্থ অসংখ্য; তন্মধ্যে যাহা যুক্তিসিদ্ধ তাহা মানি; যাহা যুক্তিবিরুদ্ধ তাহা মানি না। ২৫

আমাদের মতে পদার্থের ইয়ত্তা নাই বটে; কিন্তু অযৌক্তিক পদার্থ অঙ্গীকার করি না। যুক্তিবিরুদ্ধ বস্তু স্বীকার করিলে অবশ্যই তাহা বালকের ও উন্মাদের কথার সহিত সমান হইবে। ২৬

জীবের বিষয়বাসনা অনাদি, তদ্দ্বারা আত্মার বন্ধন, ইহা স্বীকার্য্য নহে। কেন-না আমাদের মতে আত্মা নির্লিপ্ত স্বভাব; বাসনার (অনুভবজাত সংস্কার বিশেষের) সহিত তাঁহার কোনরূপ সম্পর্ক সংঘটন হয় না। বৌদ্ধমতেও আত্মার সহিত কর্ম্মবাসনার সম্পর্ক নাই। তাহারা বলে, আত্মা ক্ষণবিধ্বংসী বিজ্ঞান প্রবাহের নামান্তর মাত্র; সুতরাং তাহা কোন স্থায়ী বস্তু নহে। যাহা স্থায়ী নহে,

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न बाह्याभ्यन्तरयोरुपरज्योपरञ्जकभावोऽपि देशभेदात्, स्रुघ्नस्थपाटलिपुत्रस्थयोरिव ॥ २८ ॥

यद्युच्येत रविजलभाजनयोरपि दृष्ट उपरज्योपरञ्जकभावस्तन्न । तत्र रश्मिसम्बन्धादुपरागः, अत्र तु तत्सम्बन्धो नास्ति । वासनाद्वारेण चेत्, न, तावत्कालासत्वात् कथं सम्बन्धः । सन्तानस्य चेत्, यदि सन्तानी व्यतिरिक्तः, सिद्धान्तहानिः । अथाऽव्यतिरिक्तः, तथापि तेन तत्र किञ्चिदाधेयम् । आधानन्त्वशक्यम् क्षणिकत्वात् । अनाधाने किन्तेनाऽसत्कल्पेनेति ॥ २८ ॥

माभुद्वासनया आन्तरोपरागः, आत्मनोव्यापित्वाद्बाह्यैकदेशिनात्मसम्बन्धादुपरागोभविष्यतीत्यत आह—

তাহার আবার বাসনা কি ? যে, কর্ম্মসমকালে থাকিল না, কিপ্রকারে তাহাতে কর্ম্মসংস্কার জন্মিবে, স্থিত হইবে ? সুতরাং, বৌদ্ধেরাও বাসনার দ্বারা বন্ধন, এ কথা বলিতে পারেন না। ২৭

বাহ্যবস্তুর দ্বারা আত্মা নামক অন্তরস্থ জ্ঞানধারা উপরঞ্জিত হইতে পারে না। কেন না উহারা পরস্পর বিভিন্ন দেশে আছে। বিভিন্নদেশে বিরাজিত থাকায় উক্ত উভয়ের কেহ কাহার উপরজ্য ও উপরঞ্জক নহে। বিবেচনা করুন, উপরঞ্জক বস্তু থাকে বাহিরে, আর উপরজ্য বস্তু আত্মা (জ্ঞানধারা) থাকেন অভ্যন্তরে। কি প্রকারে তদুভয়ের সংযোগ বা বিম্বপ্রতিবিম্বভাব সংঘটন হইবে ? স্রুঘ্নদেশস্থ জবাপুষ্প কি পাটলিপুত্রস্থ স্ফটিকে উপরাগ জন্মাইতে পারে ? একস্থানের মঞ্জিষ্ঠা কি স্থানান্তরস্থ বস্ত্রে স্বরক্তিমা সঞ্চারিত করিতে পারে ? যদিও তুমি আকাশস্থ সূর্য্যকে ভূতলস্থ জলে উপরক্ত হইতে অর্থাৎ প্রতিবিম্বিত হইতে দেখিয়াছ, তথাপি তাহা এস্থানের দৃষ্টান্ত নহে। সূর্য্য-যে জলে উপরক্ত হন, প্রতিবিম্বিত হন, তাহা তিনি রশ্মিসম্বন্ধের দ্বারাই হন। এখানে সেরূপ কোন সম্বন্ধ সংঘটনের সম্ভাবনা নাই। বিষয়ের সহিত সম্বন্ধ সংঘটন না হইলে কোনক্রমেই আত্মাধিকরণে বাসনা বা সংস্কার জন্মিতে পারে না। বাসনার দ্বারাও সম্বন্ধ ঘটিবার সম্ভাবনা নাই। কেননা তোমাদের মতে আত্মা ক্ষণিক। যে আত্মা বিষয় দর্শন করিল, বাসনা

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

দ্বয়োরেকদেশলব্ধোপরাগান্ন ব্যবস্থা ॥ ২৯ ॥

একাত্মবাদিনাং সর্ব্বদা লব্ধোপরাগাদনির্ম্মোক্ষ ইতি নাস্তি ব্যবস্থা। নানাত্মবাদিনান্তু সর্ব্বেষাং সর্বার্থৈঃ সম্বন্ধাদেকদা তুল্য-জ্ঞানোৎপাদান্ন ব্যবস্থা ॥ ২৯ ॥ শঙ্কতে—

অদৃষ্টবশাচ্চেৎ ॥ ৩০ ॥

যদ্যপি সর্বদাসম্বন্ধাৎ সর্বত্র জ্ঞানং প্রসজ্যেত, তথাপি যস্যাদৃষ্টেন যজ্জ্ঞানং জন্যতে, তদেব তস্য কারণমিতি ন সর্ব্বত্র জ্ঞানম্ ॥ ৩০ ॥

দূষণমাহ—

ন দ্বয়োরেককালাযোগাদুপকার্য্যোপকারকভাবঃ ॥৩১॥

দ্বয়োঃ কর্ত্তৃ-ভোক্ত্রোরেককালাযোগাৎ একক্ষালিকাসত্ত্বেন নোপ-কার্য্যোপকারকভাবঃ সম্ভবতি ॥ ৩১ ॥ শঙ্কতে—

জন্মকালে সে আত্মা পরিবর্ত্তিত হইল; অন্য আত্মা আসিল; সুতরাং বৌদ্ধমতেও বাসনা সম্বন্ধের দ্বারা বন্ধন ঘটনা হওয়া সুসম্ভব নহে। ২৮

একাত্মবাদী বলিবেন, আত্মা সর্ব্বব্যাপী, সুতরাং বাহ্যবস্তুর সহিত তাঁহার সম্বন্ধ পড়িয়া আছে, সেই সম্বন্ধের দ্বারাই তিনি বাসনাগ্রস্ত হন। ইহার প্রত্যুত্তর এই যে, যদি ব্যাপী পদার্থ বলিয়া আত্মার সহিত বহির্ব্বিষয়ের সম্বন্ধ থাকা স্বীকার কর, তাহা হইলে বন্ধ-মোক্ষ-ব্যবস্থা থাকিবে না। যে এখন মুক্ত আছে, ভবিষ্যতে সে পুনর্ব্বার বদ্ধ হইতে পারে। নানাত্মবাদীকেও বলি, তাঁহার মতেও উক্ত-কারণে বন্ধমোক্ষের ও লৌকিক জ্ঞানোৎপত্তির সুব্যবস্থা থাকিবে না। সুতরাং কি নানাত্মবাদী, কি একাত্মবাদী কেহই বাসনা-নিমিত্তক-বন্ধন ইহা স্বীকার করিতে পারিবেন না। ২৯

অদৃষ্টই বাসনার ও জ্ঞানের সুব্যবস্থা করে, অর্থাৎ যে অদৃষ্ট যে জ্ঞানের উৎপাদক সেই অদৃষ্টই সেই জ্ঞানের কারণ, এবং অদৃষ্ট অভাবে মুক্ত আত্মায় বাসনা থাকে না, সংসারী আত্মায় অদৃষ্ট থাকে, তাই তিনি বদ্ধ হন, ইহাও সঙ্গত কথা নহে। ৩০

ক্ষণিক বাদী মতে আত্মা ও বিষয়বাসনা তুল্যকালিক নহে। যে কালে যে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

পুত্রকর্ম্মবদিতি চেৎ ॥ ৩২ ॥

যথা পুত্রেষ্টিযাগাদিনা অবিদ্যমানস্য পুত্রস্য সংস্কারদ্বারা উপকারঃ ক্রিয়তে, তথাঽত্রাপি ভবিষ্যতি ॥ ৩২ ॥ অত্র সিদ্ধান্তমাহ—

নাস্তি হি তত্র স্থির এক আত্মা যো গর্ভাধানাদিকর্ম্মণা সংস্ক্রিয়তে ॥ ৩৩ ॥

ত্বন্মতে ত্বাত্মাঽনাদির্নিত্যঃ শুদ্ধো বুদ্ধঃ, তদুদ্দেশেন হবিস্ত্যাগাদয়ো যুজ্যন্ত ইতি ॥ ৩৩ ॥ আত্মা অস্থিরবোধ ইত্যাহ—

স্থিরকার্য্যাসিদ্ধেঃ ক্ষণিকত্বম্ ॥ ৩৪ ॥

সত্ত্বমর্থক্রিয়াকারিত্বং, তচ্চ ক্রমাক্রমাভ্যাং ব্যাপ্তং, তৌ চাক্ষণিকে ন সম্ভবতঃ, অতস্তৌ ক্ষণিকত্বমাপাদয়তঃ ॥ ৩৪ ॥ পরিহরতি—

আত্মা আছে, সে কালে সে আত্মায় বাসনা জন্মে নাই। এককালিকতা না থাকায় কোন ক্রমেই উক্ত উভয়ের অর্থাৎ আত্মার ও বিষয় বাসনার পরস্পর উপকার্য্য উপকারক ভাব ঘটনা হয় না। তাৎপর্য্য এই যে, আত্মা স্থায়ী না হইলে তদধিকরণে অদৃষ্ট জন্মিতে পারে না। ৩১

লোকে পুত্র জন্মাইবার জন্য "পুত্রেষ্টি" যজ্ঞ করে। ভাল পুত্র হইবে বলিয়া প্রথম হইতেই গর্ভাধানাদি সংস্কার কার্য্য করে। সে স্থলে যেমন সেই ক্রিয়ার দ্বারা ভবিষ্যৎ পুত্রের অথবা অবিদ্যমান-পুত্রের উপকার হয়, এস্থলেও সেইরূপ হয় বলিব? বিদ্যমান আত্মার কর্ম্মে অবিদ্যমান বা ভবিষ্যৎ আত্মার উপকার হয় বলিব? ৩২

তাহা বলিতে পার না। গর্ভাধানাদি কর্ম্মের দ্বারা সংস্কৃত হইতে পারে, উপকৃত হইতে পারে, এরূপ স্থায়ী আত্মা তোমাদের মতে নাই। গর্ভাধান কালে যে যে আত্মা ছিল, প্রসবকালে সে আত্মা থাকে নাই সুতরাং কে কাহার কর্ম্মে সংস্কৃত বা উপকৃত হইবে? ৩৩

তোমরা বলিয়া থাক, জন্যমাত্রেই অস্থির অর্থাৎ ক্ষণধ্বংসী। কোনও বস্তুর স্থিরত্ব-সিদ্ধি নাই, সুতরাং আত্মারও স্থিরত্ব সিদ্ধি নাই। তথাপি তাহার অর্থ

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

ন, প্রত্যভিজ্ঞাবাধাৎ ॥ ৩৫ ॥

যদ্যপি সহকারিসদ্ভাবাসদ্ভাবাভ্যাং করণাকরণন্যায়ৈঃ স্থিরসিদ্ধিঃ সমাধেয়া, তথাপি সর্ব্ববাদ্যবিবাদসিদ্ধত্বাৎ "স এবায়ম্" ইত্যবাধিতপ্রত্যভিজ্ঞাবাধ উক্তঃ। এতদন্যত্র প্রপঞ্চিতমিতি নেহ প্রতন্যতে ॥ ৩৫ ॥ দূষণান্তরমাহ—

শ্রুতিন্যায়বিরোধাচ্চ ॥ ৩৬ ॥

শ্রুতিরাহ 'অস্তি জন্মান্তরফলোপভোক্তা পুরুষঃ' ন্যায়শ্চ 'কো নামানুপভোগ্যে কর্ম্মণি তৎসাধনে বা প্রবর্ত্ততে' যদ্যুচ্যেত কারুণিকানাং বিরাগাৎ প্রবৃত্তির্ভবিষ্যতি, তন্ন, তত্রাপি তদুপকারেণ স্বধর্ম্মলাভাৎ; ধর্মানভিসন্ধানেঽপি মোক্ষসাধনত্বাৎ ॥ ৩৬ ॥

দূষণান্তরমাহ—

ক্রিয়া অর্থাৎ বিশেষ বিশেষ ব্যবহার হইয়া থাকে। তাৎপর্য্য এই যে, আত্মা ক্ষণিক, তাঁহার বন্ধনও ক্ষণিক, সুতরাং দোষাভাব। ৩৪

জীবের প্রত্যভিজ্ঞা-নামক এক প্রকার সত্যজ্ঞান আছে, সেই সত্যজ্ঞান ঐরূপ সিদ্ধান্তকে বাধিত অর্থাৎ মিথ্যা বলিয়া প্রমাণ করে। প্রথমোৎপন্ন যথার্থ জ্ঞানের নাম অভিজ্ঞা। প্রথম অভিজ্ঞেয় বস্তু সকল বারান্তরে বা সময়ান্তরে জ্ঞানগোচর হইলে শাস্ত্রে তাহাকে প্রত্যভিজ্ঞা আখ্যায় অভিহিত করে। সেই প্রত্যভিজ্ঞা-জ্ঞান অবাধিত অর্থাৎ সত্য। সেই জন্যই, যে আমি কাল পর্ব্বত দেখিয়াছি, সেই আমি আজ্ আবার নদী দেখিতেছি এবং কাল যে ব্যক্তির সহিত কথা কহিয়া ছিলাম, সেই ব্যক্তিই আজ্ আমার নিকট আসিয়াছে, ইত্যাদি প্রকার যথার্থ বা অবাধিত অনুভব হইয়া থাকে। আত্মার স্থায়িত্ব-ব্যতীত কোনও প্রকারে ঐরূপ ঐরূপ প্রত্যভিজ্ঞা জ্ঞান জন্মিতে পারে না; সুতরাং ক্ষণিকাত্মবাদটী প্রত্যভিজ্ঞা-প্রমাণ বিরুদ্ধ। ৩৫

ক্ষণিকাত্মবাদটী শ্রুতি ও যুক্তি উভয় বিরুদ্ধ; সুতরাং ক্ষণিকাত্মবাদ অগ্রাহ্য বা মিথ্যা। ৩৬

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

দৃষ্টান্তাসিদ্ধেশ্চ ॥ ৩৭ ॥

সর্ব্বস্যৈব পক্ষপ্রবিষ্টান্নাস্তি দৃষ্টান্তঃ। অপ্রবিষ্টে স এব স্থিরঃ। অথ তস্যাপি ক্ষণিকত্বমন্যহেতুনা প্রসাধ্যতাম্? তত্রাপি দৃষ্টান্তাসিদ্ধিরিতি ॥ ৩৭ ॥ ক্ষণিকপক্ষেঽর্থক্রিয়া ন সম্ভবতীত্যাহ—

যুগপজ্জায়মানয়োর্ন কার্য্যকারণভাবঃ ॥ ৩৮ ॥

সব্যেতরবিষাণয়োরিব যুগপজ্জায়মানয়োঃ ক্ষণক্ষণার্থক্রিয়য়োঃ। এতচ্চাসকৃদুক্তম্ ॥ ৩৮ ॥

পূর্ব্বাপরকালভাবিতামাত্রাৎ কার্য্যকারণভাবো ভবিষ্যতীত্যত্রাহ

বস্তুর ক্ষণিকত্ব প্রত্যক্ষসিদ্ধ নহে। কাযে কাযেই অনুমেয় বলিয়া প্রতিপন্ন করিবার চেষ্টা করিবে। করিলে তাহা বিফল হইবে। কারণ এই যে, অনুমান দ্বারা ক্ষণিকত্ব নির্ণয় করিতে হইলে দৃষ্টান্ত দেখান আবশ্যক; পরন্তু তাহা নাই। ৩৭

ইতিপূর্ব্বে বলিয়াছ, "ক্ষণিক হইলেও অর্থক্রিয়া অর্থাৎ ব্যবহার কার্য্য চলে।" পরন্তু বাস্তব পক্ষ অনুধাবন করিয়া দেখিলে দেখিতে পাইবে, তাহা চলে না; নির্দ্দিষ্ট ব্যবস্থা মাত্রেই লোপ প্রাপ্ত হইয়া যায়। অমুক অমুকের কার্য্য, অমুক অমুকের কারণ, এই একটী নির্দ্দিষ্ট ব্যবহার আছে। বস্তু সকল ক্ষণিক হইলে উল্লিখিত কার্য্য-কারণ-ব্যবস্থা কদাচ থাকিতে পারিত না। কেন? তাহা বিবেচনা কর। যে দুই বস্তু লইয়া কার্য্যকারণ-ব্যবহার হয়, অর্থাৎ অমুক অমুকের কারণ ও অমুক অমুকের কার্য্য, এইরূপ অবধারণ করা হয়, সেই দুই বস্তু অবশ্যই তোমার মতে অস্থির অর্থাৎ ক্ষণিক। ক্ষণে ক্ষণেই তাহারা জন্মিতেছে ও মরিতেছে; উভয়েই তুল্যরূপে উৎপন্ন ও বিনষ্ট হইতেছে। উভয়েরই জন্ম যদি দুই মেষ শৃঙ্গের ন্যায় যুগপৎ অর্থাৎ এককালে হয় এরূপ বল, তাহা হইলে, কোনক্রমেই তাহাদের কার্য্য-কারণ-সম্বন্ধ ঘটিবে না। যাহারা এক সময় জন্মে, যাহাদের মধ্যে পূর্ব্বাপরীভাব বা অগ্রপশ্চাৎভাব না থাকে, তাহাদের মধ্যে কে কাহার কার্য্য তাহা নির্ণয় করা যায় না, বরং ইহাই নির্ণীত হয় যে, তদুভয়ের মধ্যে কেহ কাহার কার্য্য নহে, কেহ কাহার কারণও নহে। ৩৮

২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

পূর্ব্বাপায়ে উত্তরাযোগাৎ ॥ ৩৯ ॥

ভবেদেব, যদ্যতিশয়াধায়কত্বং স্যাৎ; তদেব ত্বশক্যং ক্ষণিকত্বাদিতি ॥ ৩৯ ॥ এতৎ স্পষ্টয়তি—

তদ্ভাবে তদযোগাদুভয়ব্যভিচারাদপি ন ॥ ৪০ ॥

হেতুহেতুমদ্ভাবকালে কার্য্যাভাবাদুভয়ব্যভিচারাদপি ন কার্য্যকারণভাবঃ। আস্তাং তাবদর্থক্রিয়াকারিত্বম্, অয়ং হেতুরিদং কার্য্যমিতি ব্যবহারোঽপি ন স্যাৎ ॥ ৪০ ॥

অথ হেতোঃ কার্য্যকালে সত্ত্বমপ্রয়োজকং, পূর্ব্বকাল ভাবিতামাত্রেণ ভবিষ্যতীত্যত আহ—

পূর্ব্বাপরীভাব রক্ষার্থ ক্রমিক জন্ম বলিলেও তোমার মতে কার্য্যকারণভাব থাকে না। কেননা উৎপন্ন কারণ-দ্রব্য যখন পরক্ষণ পর্য্যন্ত থাকে না, অপায় অর্থাৎ নষ্ট হইয়া যায়, তখন আর তাহার সহিত পরোৎপন্ন কার্য্যদ্রব্যের যোগ বা কোনরূপ সম্পর্ক থাকে, এরূপ কথা বলিতে পারিবে না। তাহা না পারিলেই কার্য্যকারণভাব থাকিল না, ইহা স্বীকার করিতে হইবে। অভিপ্রায় এই যে, কারণ দ্রব্য বর্ত্তমান না থাকিলে কার্য্যজন্ম হওয়া সুসম্ভব নহে। ৩৯

ক্ষণিকমতটী সত্য হইলে অবশ্যই কারণের সহিত কার্য্যের অসংযোগ অর্থাৎ কোনরূপ সম্বন্ধ না থাকা সিদ্ধ হইবে। 'অসংযোগ সত্য হইলে, এবং কার্য্য জন্মাইবার পূর্ব্বেই কারণ দ্রব্যের বিনাশ হওয়া সত্য হইলে অবশ্যই কার্য্য-কারণ ব্যবহারটী থাকিত না। কারণ নাই, অথবা কারণের সহিত কার্য্যের কোন সম্পর্ক নাই, অথচ কার্য্য জন্মিল, ইহা নিতান্তই যুক্তি-বহির্ভূত। আকস্মিক কার্য্যজন্ম কোন কালেই সপ্রমাণ হয় না। কাযে কাযেই বলিতে হয়, ক্ষণিক মতটী, "কারণ থাকিলে কার্য্য জন্মে" এই অন্বয়নামক যুক্তি এবং "কারণ না থাকিলে কার্য্য জন্মে না" এই ব্যতিরেক নামক যুক্তি, এই দ্বিবিধ যুক্তির বহির্ভূত। ৪০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

पूर्व्वभावित्वमात्रे न नियमः ॥ ४१ ॥

किं भिन्नसन्तानस्य, एकसन्तानस्य वा ? भिन्नसन्तानस्य चेदति-प्रसङ्गः ; एक सन्तानस्य चेत्, निरन्वयध्वंसः। तस्य हि भिन्न-सन्तानेन तुल्यत्वात् न नियमः। अन्वयश्च नास्तीत्युक्तम्। अथा-विद्यमानस्यापि हेतुता दृश्यते, यथेषुक्षेपकस्य इषुक्षेपानन्तरमपस्मा-रादिना मरणं, (१) पश्वादिषुविद्धस्य मरणकर्त्तृत्वम्। तन्न तत्रापि मरणे व्यापार-द्वारेणान्वयात् ॥ ४१ ॥

वाह्यवस्तूपरागादन्ध इत्युक्तम्। ननु वाह्यञ्च वस्तु नास्ति विज्ञा-नात्मकत्वाज्जगत इति विज्ञानवादिमतं निरस्यति—

न विज्ञानमात्रं वाह्यप्रतीतेः ॥ ४२ ॥

न विज्ञानमात्रं जगत्। तथासत्यहं घट इति प्रत्ययः स्यात्, न त्वयं घट इति। वासनाविशेषादिति चेत् न, वाह्याभावे घट-वासनाया एव असत्त्वात् कथं विशेषः ? किञ्च, वासनाया अपि

কারণ-দ্রব্য বর্ত্তমান থাকুক বা না থাকুক, পূর্ব্বভাবিতা থাকিলেই কারণতা থাকে অর্থাৎ কার্য্যোৎপত্তির পূর্ব্বক্ষণে কারণের অস্তিত্ব ছিল বলিয়াই সে কারণ বলিয়া ব্যবহৃত হইবে, এরূপ সিদ্ধান্তও সঙ্গত নহে। কারণের কারণত্ব ঠিক ঐরূপ হইলে অমুক অমুকের কারণ, এতদ্রূপ নিশ্চয়াত্মক ব্যবহার হইতে পারিত না। বিশেষতঃ কে কাহার নিমিত্তকারণ এবং কে কাহার উপাদান কারণ, তাহাও জানা যাইত না।

একজন এক জনের প্রতি বাণনিক্ষেপ করিল, করিয়াই সে অপস্মার রোগে মরিয়া গেল। বাণক্ষেপ্তা কারণ তখন থাকিল না, অথচ বাণবিদ্ধ ব্যক্তির মরণ রূপ কার্য্য হইল। ইহা দেখিয়া মনে করিবেন না যে বিদ্যমান না থাকিলেও কারণতা থাকে। উদাহৃত দৃষ্টান্তে কারণের অবিদ্যমানতা নাই। বাণক্ষেপ্তার মরণ বাণবিদ্ধের মরণের কারণ নহে; পরন্তু তাহার দ্বার মাত্র, তাহা পৃথক্ ঘটনা। ৪১

কেবল বিজ্ঞানই আছে, বাহ্য বস্তু আদৌ নাই, এতদ্রূপ বিজ্ঞানবাদ অসত্য।

---

(१) मद्दिष्यादिमरणं इति क्वचित् पाठः।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

কারণং বাসনৈব ? উত বাহ্য বাসনাপি। বাসনাপীতিপক্ষেঽন্যস্যাপি সত্বাৎ স এব বাহ্যোঽর্থঃ। ননু নাস্ত্যেব বাহ্যোঽর্থঃ, অবয়বাতিরিক্তস্য অবয়বিনোঽভাবাৎ। তথাহি—অবয়বাবয়বিনোরৈক্যত্বাৎ একত্ব প্রতীতিঃ চলত্যবয়বেঽবয়বী চলতি। অস্থাবয়বে ন চলত্যবয়বী। "ন চলতী"তিবিরুদ্ধধর্ম্মাধ্যাসেন ভেদান্নৈকত্বম্। এবং রক্তারক্তাবৃতা-নাবৃততদ্দেশাতদ্দেশত্বাদিদোষা উদাহার্য্যাঃ। মাভূদবয়বী, তথাপি ন বাহ্যার্থাপলাপঃ, পরমাণুপুঞ্জস্যৈব স্থূলত্বেন গ্রহণাৎ ন, অবয়-বিনা হি কার্য্যেণ পরমাণু রনুমাতব্যঃ। তদভাবাৎ ক্বানুমানং, পরমাণূনামতীন্দ্রিয়ত্বাৎ পুঞ্জোঽপি কিঞ্চিদতিশয়ানাধানাৎ স্থূলোঽয়মিতি প্রত্যয়ো ভ্রান্ত ইতি বিজ্ঞান মাত্রং জগদিতি। অত্রো-চ্যতে—অবয়বাবয়বিনোর্ভেদাৎ অপি চ দ্বয়োরন্যত্বান্নাবয়বকম্পে-ঽবয়বী কম্পতে। যত্র তু বহুতরাবয়বকম্পস্তত্রাবয়বী কম্পত এব। এবং রক্তারক্তাদিবিরোধেঽপি সিদ্ধান্তা বক্তব্যাঃ। তস্মাৎ সিদ্ধো বাহ্যোঽর্থঃ। বাসনৈবেতি পক্ষে সর্ব্বদা জ্ঞানোৎপত্তিরিতি ॥ ৪২ ॥

নির্বিষয়স্য জ্ঞানস্যাদর্শনাদ্বিষয়াভাবাৎ জ্ঞানমপিনাস্তীতি শূন্য-বাদ্যাহ ॥

তদভাবেতদভাবাচ্ছূন্যং তর্হি ॥ ৪৩ ॥

বিষয়াভাবে জ্ঞানাভাবচ্ছূন্যং স্ববিষয়ত্বে কর্ত্তৃকর্ম্ম বিরোধঃ স্যাৎ ইতি ॥ ৪৩ ॥

কেননা অন্তরস্থ বিজ্ঞান ছাড়া বাহিরেও বিজ্ঞেয় থাকা অনুভূত হয়। বহির্বস্তু সকল অন্তরস্থ বিজ্ঞানের আলম্বন বা বিষয়; তন্নিমিত্ত তাহারা বিজ্ঞেয় অর্থাৎ বিজ্ঞানের অবগাহন স্থান। সুতরাং বিজ্ঞানও বিজ্ঞেয় এক বা অভিন্ন নহে। ঘট, পট, গৃহ কুড্য সমস্তই বিজ্ঞান এবং সেই বিজ্ঞানই আত্মা, ইহা সত্য হইলে "এই ঘট" এরূপ প্রতীতি না হইয়া 'আমি ঘট' এতদ্রূপ প্রতীতি হইত। যখন সেরূপ প্রতীতি হয় না তখন আর বিজ্ঞান ছাড়া অন্য কিছুই নাই, এরূপ নির্ণয় অবশ্যই বুদ্ধিবিভ্রম, সন্দেহ নাই। ৪২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

शून्यं तत्त्वं भावो विनश्यति वस्तुधर्म्मत्वाद्विनाशस्य ॥४४

यदि भावरूपं तत्त्वं स्यात्तदा भावस्य नाशात्तत्त्वनाशेऽनिर्मोक्षः। वस्तुधर्मत्वाद्विनाशस्य वस्तुनोऽवश्यं विनाशात् ॥४४॥ समाधानमाह—

अपवादमात्रमबुद्धानाम् ॥ ४५ ॥

भावो नश्यतीति, (१) वाङ्मात्रं, नतु तत्त्वम्। अबुद्धानामज्ञातशास्त्राणाम्, प्रागभावस्य विनाशदर्शनात्, सत्कार्य्यसिद्धौ भावस्याविनाशात्; तिरोभावे नाशशब्दप्रयोगेऽपि प्रकृतिपुरुषयोरनाशात्। नन्वभाव एव नास्ति, कुतस्तस्य नाशानाशचिन्ता ? कथं तर्हि अघटं भूतलमिति ज्ञानम् ? भूतलालम्बनं चेत्, घटवत्यपि भूतले तदभावज्ञानप्रसङ्गः, भूतलस्य तादवस्थ्यात्। केवलभूतलालम्बनमभावज्ञानं, तच्च घटे सति कैवल्यं नास्तीति चेत्, किं भूतलस्वरूपमात्रं कैवल्यं ? तदतिरिक्तं वा ? यदि स्वरूपमात्रं, घटे सत्यपि तस्य सद्भावादभावज्ञानं स्यात्। अतिरिक्तपक्षे स एवाऽभावः। अथ भूतलस्यैकाकित्वेऽभावव्यवहारः, घटे सति एकाकित्वं नास्तीति कोऽभाव-

---

বিজ্ঞেয় বিষয় না থাকিলে নিরালম্ব জ্ঞানও আসিতে পায় না, সুতরাং এ পক্ষে শূন্য বাদের প্রসক্তি হইয়া পড়ে। ৪৩

কোন কোন ভ্রান্ত পুরুষ মনে করে শূন্যই জগতের তত্ত্ব (যথার্থরূপ)। ভাব অর্থাৎ যাহা আছে বলিয়া অনুভূত হয় তাহার শেষ ফল অভাব বা বিনাশ। সেই বিনাশ বস্তুমাত্রেরই স্বধর্ম্ম বা স্বভাব। তাহাদের মনোভাব এই যে, বস্তুর আদিতে (উৎপত্তির পূর্ব্ব) শূন্য বা অভাব; শেষেও শূন্য বা অভাব। মধ্যে যে যৎকিঞ্চিৎ স্থায়িত্ব দেখা যায়, বিবেচনা করিয়া দেখিলে তাহাও অভাব বা শূন্য বলিয়া গ্রাহ্য; সুতরাং ইহাদের মতে মৃত্যুর পর শূন্য সুতরাং মরিলেই মুক্তি। ৪৪

শূন্যই তত্ত্ব, শূন্যই সার, ইহা মূঢ়বুদ্ধি কুতার্কিকদিগের প্রলাপ। অভিপ্রায়

---

(१) अभावो न नश्यतीति क्वचित् पाठः।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

व्यवहारहेतुत्वम् । तन्न, एकाकित्वमेकत्वसंख्या वा अन्यद्वा ? एकत्वसंख्या च घटवत्यपि भूतलेऽस्ति । अन्यदिति पक्षे स एवाभावः । विषया वैलक्षण्ये विज्ञानवैलक्षण्याभावात् । ननु भावाभावयोः सम्बन्धाभावात् कथं अभावज्ञानमिति, यथा घटोऽयमिति इन्द्रियान्वयव्यतिरेकात् ज्ञानं, तथा अभावज्ञानमपि सकारणम् । कार्य्यं दर्शनाद्धि कारणं परिकल्प्यते, न तु दृष्टकार्य्यापलापः शक्यते कर्त्तुम् । किञ्च, अनियतपदार्थवादित्वादस्माकं यथोपपन्नः सम्बन्धोऽपि कश्चिद्भविष्यतीति का नो हानिः । तस्मात् सिद्धोऽभाव इति ॥ ४५ ॥

समाधानान्तरमाह—

उभयपक्षसमानक्षेमात्वयमपि ॥ ४६ ॥

अयमपि शून्यवादः क्षणिकपक्षविज्ञानपक्षतुल्यक्षेमान्निराकार्य्यः । यथा प्रत्यक्षप्रत्यभिज्ञया क्षणिकनिराकरणं, वाह्यवस्तुप्रत्यक्षाद्विज्ञाननिराकरणं, तथाऽयमपि प्रत्यक्षेणैव समस्तविश्वदर्शनाच्छून्यवादो निराकार्य्यः ॥ ४६ ॥ दूषणान्तरमाह—

अपुरुषार्थत्वमुभयथा ॥ ४७ ॥

यदि हि शून्यमभावः, कोहि स्वस्थात्मा स्वस्य अभावाय यतेत ; मोक्षः पुरुषार्थ इति भावशब्दश्चानर्थकः स्यात् । अथ भावाभावव्यतिरिक्तं शून्यम् । न एवम्भूतस्य वस्तुनोऽदर्शनादप्यपुरुषार्थत्वम् ॥ ४७ ॥ शून्यवादिनं निराकर्त्तुं देहपरिमाण आत्मेति क्षपणकमतमाह—

এই যে শূন্যবাদী নাস্তিক বুদ্ধিমোহবশতঃ ঐরূপ করে; কিন্তু তাহা সপ্রমাণ করিতে পারে না। ৪৫

পূর্ব্বোক্ত বিজ্ঞানবাদ আর এই শূন্যবাদ দুই সমান। যে যুক্তিতে বিজ্ঞানবাদ নিরস্ত হয়, সেই যুক্তিতেই শূন্যবাদ নিরাকৃত হয়। ৪৬

শূন্যবাদ অত্যন্ত হেয়। যে হেতু উহা দুই প্রকারে অপুরুষার্থ (পুরু-

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न, गतिविशेषात् ॥ ४८ ॥

न शून्यं तत्त्वं, शून्यस्य गत्यभावात्। दृश्यते च गतिः। तथाच स्मृतिः—"अङ्गुष्ठमात्रं पुरुषं निश्चकर्ष बलाद्यमः।" (१) "पापेन नरकं याति" "पुण्येन स्वर्गं याति।" "ज्ञानेन ब्रह्मलोकं याति।" इति एतद्दूषयति ॥ ४८ ॥

निष्क्रियस्य तदसम्भवात् ॥ ४९ ॥

व्यक्तं ॥ ४९ ॥ निष्क्रियत्वमेवाह—

मूर्त्तत्वात् घटादिवत् समानधर्म्मापत्तावप-
सिद्धान्तः ॥ ५० ॥

मूर्त्ता घटादयः क्रियावन्तः, तत्तुल्यधमत्वे विनाशित्वादयमप-

যাকাঙ্ক্ষার বহির্ভূত)। শূন্য, অবস্তু, অভাব, এ সকল সমান কথা। যাহা কোনও কালে নাই, কিংবা যাহা অবস্তু, (তুচ্ছ), পুরুষ (আত্মা) তাহা চায় না; কাযে কাযেই তাহা অপুরুষার্থ। শূন্য, আভাবও অপ্রামাণিক এই দুই প্রকারে অপুরুষার্থ। বলুন দেখি, কোন্ সুস্থ পুরুষ আপনার অভাব কামনা করে? এবং কেই বা অপ্রামাণিক (মিথ্যা) তচ্ছ পদার্থের জন্য সচেষ্ট হয়? ৪৭

আত্মা গতিবিশেষের দ্বারা অর্থাৎ শরীর প্রবেশাদির দ্বারা বদ্ধ হইয়া আছেন, এরূপ সিদ্ধান্তও সাধু নহে। ৪৮

আত্মা নিষ্ক্রিয়। যে নিষ্ক্রিয়, তাহার আবার গতি কি? যাওয়া আসা কি? সে কি করিয়া কোথায় যাইবে? পূর্ণ ও সর্ব্বব্যাপক আত্মার কুত্রাপি প্রবেশ ও নির্গম নাই। আকাশ কি কখন কোথাও যায়? না আইসে? অতএব যাহা পরিচ্ছিন্ন (খণ্ড বস্তু), তাহারই প্রবেশ ও নির্গম হয়, যাওয়া আসা হয়, অন্যের হয় না। ৪৯

যদি বলেন, আত্মাও মূর্ত্ত অর্থাৎ পরিচ্ছিন্ন বস্তু; বলিলে অবশ্যই তাঁহাকে

---

(১) "अथ सत्यवतः कायात् पाशबद्धं वशं गतम्"। इत्यपरार्द्धः।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

সিদ্ধান্তঃ। কিঞ্চ, জন্মান্তরসঞ্চারে হস্তিকৃমিদেহপরিমাণত্বাৎ সঙ্কোচবিকাশিত্বেন সাবয়বত্বাদনিত্যত্বমিতি ॥ ৫০ ॥ এবঞ্চাঙ্গুষ্ঠমাত্রমিত্যাদিশ্রুতিবিরোধঃ, ইত আহ—

গতিশ্রুতিরপ্যুপাধিযোগাদাকাশবৎ ॥ ৫১ ॥

যথা ঘটাদ্যুপাধিভেদাৎ ঘটে গচ্ছতি ঘটাকাশং গচ্ছতীতি জ্ঞানং, তথা গচ্ছতি শরীরে শরীরাদ্যবচ্ছেদাদাত্মা গচ্ছতীতিপ্রতীতিঃ ॥৫১॥ কিমুপাধিনা, কর্মবৈচিত্র্যাদেব তদ্বিশেষোভবিষ্যতীত্যত আহ—

ন কর্ম্মণাপ্যতদ্ধর্ম্মত্বাৎ ॥ ৫২ ॥

ভবেদেবং যদি কর্ম্মাত্মধর্ম্মঃ স্যাৎ; নত্বাত্মনঃ কশ্চিদ্ধর্ম্মোঽস্তি নির্গুণত্বাৎ ॥ ৫২ ॥ অতদ্ধর্ম্মএব কর্ম্ম ভবিষ্যতি, কো বিরোধঃ ? ইত্যত আহ—

অন্যান্য মূর্ত্তের (বৃক্ষলতাদির) সমধর্ম্মী বলিতে হইবে। ঘট পটাদির ন্যায় নশ্বর বলিতেও হইবে। আত্মা নশ্বর, ইহা অপকৃষ্ট সিদ্ধান্ত অর্থাৎ প্রমাণবহির্ভূত। কেন ? তাহা ক্রমে বিবৃত হইবে। ৫০

শ্রুতিতে আত্মার পরলোক গতিবর্ণিত আছে সত্য ; কিন্তু তাহা ঔপাধিক ; বাস্তব নহে। আত্মার লিঙ্গ শরীররূপ উপাধি ইহ-পরলোক গমনাগমন করে ; তাহা দেখিয়া শ্রুতি উপচার ক্রমে তদুপহিত আত্মার পরলোক গতি বর্ণনা করিয়াছেন। বাস্তবপক্ষে আত্মা কোথাও যান না, আসেনও না। যেমন কোন ঘট একস্থান হইতে অন্যস্থানে গেলে পর তদুপহিত আকাশ গিয়াছে বলিয়া উল্লেখ করা যায় শ্রুত্যুক্ত আত্মার গতি ঠিক্ তদ্রূপ জানিবেন। ৫১।

আত্মা কর্ম্মের দ্বারা, বিহিত নিষিদ্ধ ক্রিয়ার দ্বারা, (কিংবা তাহার ফলের দ্বারা); বন্ধন-গ্রস্ত হন নাই। কেননা পাপপুণ্য নামক ক্রিয়াফল চিত্তনিষ্ঠ বা চিত্তের ধর্ম্ম; আত্মার ধর্ম্ম নহে। উহা চিত্তেই জন্মে, চিত্তেই থাকে আত্মা তাহাতে লিপ্ত হন না। ৫২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

নির্গুণাদিশ্রুতিবিরোধশ্চেতি ॥ ৫৩ ॥

"অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" ইতি শ্রুতির্বিরুদ্ধা স্যাৎ ॥ ৫৩ ॥ মাভূদাত্মধর্ম্মঃ, অন্যধর্ম্মেণাপি ক্রিয়াবিশেষো ভবিষ্যতি, আত্মনোব্যাপিত্বেন সর্ব্বসম্বন্ধাদিত্যত আহ—

অতিপ্রসক্তিরন্যধর্ম্মত্বে ॥ ৫৪ ॥

সর্বসম্বন্ধাবিশেষান্মুক্তাত্মনামপি বন্ধপ্রসক্তিঃ ॥ ৫৪ ॥ ননু তবাপি ধর্ম্মাধর্ম্মব্যবস্থাস্তি, বদ্ধস্য হি মুক্ত্যর্থং প্রবৃত্তির্দৃশ্যতে। তত্র যস্তব সিদ্ধান্তঃ, সোঽস্মাকং ভবিষ্যতীতি সমানমিত্যত আহ—

তদ্‌যোগেঽপ্যবিবেকান্ন সমানত্বম্ ॥ ৫৫ ॥

ধর্ম্মাধর্ম্মযোগেঽপি ন সমানত্বং—সমানধর্ম্মত্বম্, অবিবেকাৎ।

একের ধর্ম্মে অন্যের বন্ধন হয় বলিলে, অবশ্যই তাহা অতিব্যাপ্তি দোষাঘ্রাত হইবে। * তাৎপর্য্য এই যে, একের ধর্ম্মে অন্যের বন্ধন হয় বলিলে মুক্ত আত্মারও পুনর্বন্ধন হয়, ইহা বলিতে হইবে। কেন না চিত্তমাত্রেই আত্মা হইতে অন্য। ৫৩

যদিও আমাদের মতেও ধর্ম্মাধর্ম্ম আছে তথাপি তাহা আমাদের মতে আভিমানিক; বাস্তব নহে। ধর্ম্মাধর্ম্ম এক প্রকার অভিমান এবং তাহা অবিবেক-কৃত। বিবেক-জ্ঞান অভাবে ঐরূপ অভিমান জন্মে সুতরাং আমাদের মত ও তোমাদের মত অসমান। অভিপ্রায় এই যে, প্রকৃতি পুরুষের অবিবিক্ততা-কালে প্রাকৃতিক গুণ সকল আত্মাতে উপচরিত হয়; তৎক্রমেই লোক সকল আমি সুখী আমি দুঃখী,—এইরূপ বন্ধভাব অনুভব করে। (এই মতের বন্ধন তাত্ত্বিক নহে; স্বাভাবিকও নহে; আভিমানিক)। ৫৪

অন্ধকার যেমন আলোক রূপ নির্দ্দিষ্ট কারণের দ্বারা উচ্ছেদ প্রাপ্ত হয়, অন্য

---

* অলক্ষ্যে লক্ষণ গেলে অতিব্যাপ্তি দোষ হয়। মুক্ত আত্মার বন্ধন লক্ষ্য নহে, কিন্তু তাহাতে বন্ধন লক্ষণ যাইতেছে। এই দোষ বস্তু জ্ঞানের প্রতিবন্ধক।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

यदि तात्त्विको धर्म्माधर्म्मयोग आत्मनः स्यात् तदा तुल्यत्वं । किन्तु अविवेकादात्मनोधर्म्माधर्म्मयोगाभिमान इति क्व समानत्वम् ॥ ५५ ॥

भवत्वविवेकाद्बन्धः, तथाप्यऽविवेकनाशार्थं धर्म्मस्वीकरणात्तुल्यत्वम्, अन्यथा सर्व्वदा बन्धः स्यात्, इत्यत आह—

नियतकारणात्तदुच्छित्तिर्ध्वान्तवत् ॥ ५६ ॥

अन्वयव्यतिरेकाभ्यां यस्य यत्कारणमवगतं, तद्व्यभिचारे सर्व्वतोऽनाश्वासः। यथाध्वान्तनाशाय प्रकाशः, तथात्रापि विवेकादविवेकनाशः। यथा अविवेकनाशार्थं विवेकोऽपेक्ष्यते, विवेकोत्पत्त्यर्थमपि तथात्मनिधर्म्मस्वीकारोऽस्तु, मैवम्, प्राक्तनेन वुद्धिनिष्ठेनापि धर्म्मेण विवेकोत्पत्तेः। (१) किमिदं ध्वान्तं नाम ? अभावस्तम इति केचित्। तन्न, विधिमुखप्रतीतेः। अभावत्वे किमालोकप्रागभावः, प्रध्वंसाभावो वा। यदि प्रागभावः, तर्हि यथा घटे उत्पन्ने घटप्रागभावो नष्टः, तथालोके सत्यालोकप्रागभावो नष्ट इति प्रत्ययः स्यात्। भविष्यदालोकप्रागभावसत्त्वे वर्त्तमानालोके सत्यन्धकारोऽविनष्टः स्यात्। अथ प्रध्वंसाभावः, तथाप्यनश्वरत्वादालोकान्तरे सत्यन्धकारप्रतीतिप्रसङ्गः, यथा घटान्तरे उत्पन्ने नष्टघटप्रध्वंसोऽस्त्येव। अन्योऽन्याभावस्तु वस्तुनोरप्यस्तीति तेन किम्। अत्यन्ताभावस्तु दुष्टत्वान्नाशङ्कनीयः। तदुक्तं "न च भासामभावस्य

উপায়ে হয় না, অবিবেক-জনিত বন্ধন ও তেমনি বিবেক-স্থান রূপ নির্দ্দিষ্ট কারণের দ্বারা নষ্ট হয়, অন্য উপায়ে হয় না। ৫৫

প্রধান বিষয়ে অবিবেক থাকিলে অপ্রধান বিষয়েও অবিবেক থাকে এবং প্রধান অবিবেক নষ্ট হইলে তৎসঙ্গে অন্যান্য সমুদয় অবিবেক নষ্ট হয়। (প্রধান অর্থাৎ মূল প্রকৃতি, অন্য অর্থাৎ মহৎ ও অহঙ্কার প্রভৃতি)। অভিপ্রায় এই যে, আত্মার ও প্রকৃতির যথার্থ রূপ অথবা প্রকৃত পার্থক্য উত্তমরূপে না

---

(১) विवेकार्थं धर्म्मस्वीकारे काक्षतिः ; प्राक्तनेनापि धर्म्मेणोपपत्तेः। इति क्वचित् पाठः।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

तमस्त्वं वृद्धसम्मतम्। छायायाः कार्ष्ण्यमित्येवं पुराणेषु गुणश्रुतेः । दूरासन्नप्रदीपाद्धि महदल्पा चलाचला। देहानुवर्त्तिनी छाया न वस्तुत्वाद् विना भवेत्।" भावस्तम इति तु व्यपदेशो भावे सति प्रतीयमानत्वादिति। आलोके सति वस्तुग्रहणं, तदभावे सति कथं ग्रहणमिति वैधर्म्म्यमात्रं। यथा कौशिकोभानिरपेक्ष एव गृह्णाति, तथालोकानपेक्षमेव तमोग्रहणं, वैचित्र्यात् पदार्थस्य,तस्माद्रूपविशेषोऽयम् यत्रावरकमस्ति तत्रारोप्य गृह्यते। द्रव्यान्तरमिति केचित्। तदुक्तं "तमः खलु चलं नीलं परापरविभागवत्। प्रसिद्धधर्म्मवैधर्म्यान्नवभ्यो भेत्तुमर्हति।" अथ भवतु गुणो वा द्रव्यं वा, नास्माकं सिद्धान्तक्षतिः, अनियतपदार्थवादित्वात् अभावस्तु न भवतीति ब्रूमः ॥ ५६ ॥

विवेकान्मुक्तिरित्युक्तम्। घटपटादीनां विवेकोऽस्मदादीनामप्यस्तीति सर्व्वमुक्तिप्रसङ्ग इत्यत्राह—

प्रधानाविवेकादन्याविवेकस्य तद्धाने हानम् ॥५७॥

सर्व्वेषां मूलं प्रधानं, तस्याविवेकादन्याविवेकस्य सम्भवः। पदार्थानामन्योन्यं भवत्वविवेको विवेको वा, न तेन वन्धमोक्षौ, किन्तु प्रधानविवेकाविवेकाभ्याम्। अतस्तद्धाने प्रधानाविवेकहाने सर्व्वाविवेकहानम् ॥ ५७ ॥ भवतु विवेकान्मुक्तिः, स किमात्मसम्बन्धी न वा। आत्मसम्बन्धी चेत्, आत्मनः कूटस्थत्वव्याघातः ; असम्बन्धी चेत्, अतिप्रसक्तिः, इत्यत आह—

জানা পর্য্যন্ত "আমি কিংস্বরূপ" তাহা বুঝা যায় না সুতরাং সুখ দুঃখ জড়িত সংসারও নিবৃত্ত হয় না। ধ্যানবলে কিংবা উপদেশ বলে যদি একবার প্রধান অবিবেক তিরোহিত হয়, তাহা হইলে নিশ্চিত তন্মুহূর্ত্তে সমস্ত অবিবেক বিদূরিত হয়। তখন আর বুদ্ধিতত্ত্বে, অহংকার তত্ত্বে অথবা ভৌতিক দেহে "আমি," "আমি" করিয়া বেড়াইতে হয় না। ৫৬

আত্মার অন্ধন, ইহা কথা মাত্র ; বাস্তব নহে। উপচার ক্রমেই ঐরূপ উল্লেখ

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

বাঙ্মাত্রন্তু, ন তত্ত্বং, চিত্তস্থিতেঃ ॥ ৫৮ ॥

আত্ম সম্বন্ধীতি বাঙ্মাত্রম্, ন তু তাত্ত্বিকঃ সম্বন্ধঃ। অসম্বন্ধেঽপি চিত্তস্থিতেঃ—চিত্তে বিবেকস্থিতেঃ। চিত্তসন্নিধানাদাত্মনি বিবেকাভিমান ইতি নিবেদয়িষ্যামঃ ॥ ৫৮ ॥

ভবতু শ্রবণাদেব বিবেকজ্ঞানং অনেকজন্মায়াসসাধ্যেনাপরোক্ষজ্ঞানেন কিমিত্যত আহ—

যুক্তিতোঽপি ন বাধ্যতে দিঙ্মূঢ়বদপরোক্ষাদৃতে ॥ ৫৯ ॥

ব্যক্তম্। ৫৯ প্রকৃত্যাদয়ঃ সন্তি, তে চ মহদাদিক্রমেণ পরিণমন্ত ইতি ন দৃষ্টম্, ইত্যত আহ—

হইয়া থাকে। জবাপুষ্প সন্নিহিত স্ফটিক মণিকে যেমন উপচার ক্রমে রক্তস্ফটিক বলা যায়, চিত্তসন্নিধিস্থ পুরুষকেও তেমনি সুখী অথবা দুঃখী বলা যায়। ৫৭

দিগ্‌ভ্রম হইলে তাহা যেমন দিক্‌তত্ত্ব সাক্ষাৎকার ব্যতীত যুক্তির দ্বারা বিনষ্ট হয় না, অবিবেকও তদ্রূপ প্রকৃতিসাক্ষাৎকার ব্যতীত যুক্তির দ্বারা নষ্ট হয় না। যুক্তি ও উপদেশ অবলম্বন করিয়া নিদিধ্যাসন (ধ্যান ধারণা সমাধি) করিতে পারিলেই প্রকৃতিপুরুষবিষয়ক অবিবেক, অজ্ঞান বা ভ্রম তিরোহিত হইতে পারে *। ৫৮

যেমন ধূম দর্শনের দ্বারা দূরস্থ অদৃশ্য বহ্নির জ্ঞান হয়, সেইরূপ, প্রত্যেক অচাক্ষুষ (অপ্রত্যক্ষ) পদার্থ অনুমান দ্বারা জানা যায়। অভিপ্রায় এই যে, প্রকৃতি ও পুরুষ প্রত্যক্ষ গোচর না হইলেও উক্ত উভয় অনুমানের গোচর হইতে পারে। ৫৯

---

* দিগ্‌ভ্রমের অদ্ভুত মহিমা বোধগম্য হইবার নহে। এমন আশ্চর্য্য কাণ্ড আর নাই। লোকে বলিয়া দিতেছে এইটা পূর্ব্বদিক্, আমিও সূর্য্যোদয় দেখিয়া মুখে বলিতেছি, এইটা পূর্ব্বদিক্ কিন্তু আমার মন তাহা বিশ্বাস করিতেছে না মন তাহাকে দক্ষিণ বলিয়াই জানিতেছে। যতক্ষণ না তাহা মানসপ্রত্যক্ষ হইবে ততক্ষণ ঐরূপ ভ্রম যাইবে না।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

অচাক্ষুষাণামনুমানেন বোধো ধূমাদিভিরিব বহ্নেঃ॥ ৬০॥

ভবেদেবং, যদি প্রত্যক্ষমেব প্রমাণং, নানুমানাদিকমিতি। প্রকৃত্যাদীনামদর্শনেঽপি সামান্যতোদৃষ্টাদনুমানাৎ সিদ্ধেঃ॥ ৬০॥

প্রকৃত্যাদীনাং সৃষ্টি ক্রমমাহ—

সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ, প্রকৃতের্ম্মহান্-মহতোঽহঙ্কারোঽহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণ্যুভয়মিন্দ্রিয়ং, তন্মাত্রেভ্যঃ স্থূলভূতানি, পুরুষ ইতি পঞ্চবিংশতির্গণঃ॥ ৬১॥

যদ্যপি ত্রয়াণাং সাম্যাবস্থা প্রকৃতিস্তথাপ্যেকৈকস্মিন্নপি প্রকৃতি-শব্দপ্রয়োগঃ সাঙ্কেতিকঃ। মহানিতি বুদ্ধিতত্ত্বম্। অহঙ্কার ইত্যভিমানঃ। পঞ্চ তন্মাত্রাণীতি শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাঃ। উভয়মিন্দ্রিয়ং—বাহ্যানি—পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বাক্-পাণি-পাদ-পায়ূপস্থাখ্যানি, পঞ্চচ বুদ্ধীন্দ্রিয়াণি—শ্রোত্রত্বক্‌চক্ষুর্জিহ্বাঘ্রাণনামানি। আন্তরঞ্চ মনঃ। স্থূলভূতানি—আকাশবায়ুতেজোজলভূময়ঃ। তেষাঞ্চ পঞ্চতন্মাত্রেভ্য উৎপত্তিরিতি বোদ্ধব্যম্। স্থূল

সত্ত্ব, রজঃ তমঃ; এতন্নামক গুণত্রয়ের সাম্য অবস্থার নাম প্রকৃতি। সৃষ্টির পূর্ব্বে উক্ত গুণত্রয় সমভাব বা সমবল ছিল, হ্রাস বৃদ্ধি কিছুই ছিল না, তৎকারণে তাহা জগতের বীজ, কারণ প্রকৃতি বা অব্যক্তাবস্থা বলিয়া গণ্য। এই প্রকৃতি হইতে মহত্তত্ত্ব, মহৎ হইতে অহংতত্ত্ব, অহংতত্ত্ব প্রভব পাঁচ তন্মাত্রা ও একদশ ইন্দ্রিয়, তন্মাত্রাজাত স্থূলভূত, তাহাদের সংখ্যা পাঁচ, এতদ্ভিন্ন পুরুষ; সমুদায়ে ২৬ প্রকার তত্ত্ব অর্থাৎ ২৬ প্রকার রূঢ় পদার্থ আছে। ইহাদের মধ্যে স্থূলভূত ছাড়া সকল গুলিই অনুমেয়। ৬০

স্থূলভূতের দ্বারা পঞ্চ তন্মাত্রার অনুমান হয়। (স্থূল মাত্রেরই সূক্ষ্ম অবয়ব

CC-0. In Public Domain Sri Aurobindo Library; Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

इत्युपलक्षणम्, तेन सूक्ष्मभूतानामपि ग्रहणम् । पुरुष इति संख्या-पूरणार्थं, न तु सृष्टिक्रमार्थं, नित्यत्वादात्मनः ॥ ६१ ॥

कार्य्यात् कारणानुमानं प्रातिलोम्येनाह—

स्थूलात् पञ्चतन्मात्रस्य ॥ ६२ ॥

स्थूलात् पञ्चभूतात् कार्य्यात् सत्त्वरजस्तमोभेदेन शान्तघोरमूढ़-रूपात् पञ्चतन्मात्रस्य ज्ञानम् ।

वाह्याभ्यन्तराभ्यां तैरहङ्कारस्य ॥ ६३ ॥

वाह्याभ्यन्तराभ्यामिन्द्रियाभ्यां तैः पञ्चतन्मात्रैश्च कार्य्यैरहङ्कारस्य ज्ञानम् ।

तेनान्तःकरणस्य ॥ ६४ ॥

तेनाहङ्कारेण कार्य्येणान्तःकरणस्य बुद्धेर्ज्ञानम ।

ततः प्रकृतेः ॥ ६५

ततो महत्तत्त्वात् कार्य्यात् प्रकृतेर्मूलकारणस्य प्रधानस्य ज्ञानम् ।

আছে; বহু সূক্ষ্ম সমবেত হইয়াই স্থূল হয়; ইহা দৃষ্ট হইয়াছে; সুতরাং তন্মাত্রা পদার্থ না দেখিলেও তাহা অনুমেয়; অর্থাৎ স্থূলভূতের পরম সূক্ষ্মতাই তন্মাত্রা এবং তন্মাত্রার স্থৌল্যই মহাভূত)। ৬১

তন্মাত্রা ও দ্বিবিধ ইন্দ্রিয়ের দ্বারা অহংতত্ত্বের অনুমান হয়। (যেহেতু তন্মাত্রা ও ইন্দ্রিয় ইহারা অহংতত্ত্বপ্রভব)। ৬২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

कैवल्यार्थं प्रवृत्तेः ॥ १४४ ॥

त्रिगुणस्वभावत्वात् प्रकृतेर्न स्वभावप्रच्यवः । अनित्यत्वप्रसङ्गाच्च । यस्यौपाधिका एव गुणास्तस्यैव कैवल्यं सम्भवति। स चात्मेति॥१४४॥

स किंरूप इत्यत आह—

जड़प्रकाशायोगात् प्रकाशः ॥ १४५ ॥

जड़ो न प्रकाशत इति सिद्धम्। यद्यात्मापि जड़ः स्यात्, तस्याप्यन्येन प्रकाशेन भवितव्यम् । लाघवाच्चात्मैव प्रकाशरूपोऽस्तु । श्रुतिश्च "येनेदं सर्वं विजानाति तं केन विजानीयात्, विज्ञातारमरे केन विजानीयात्" इति । ॥ १४५ ॥ जड़ोप्यात्माऽस्तु चिद्धर्मा तेन जगत् प्रकाशयति, न तु स चिद्रूप इत्यत्राह—

निर्गुणत्वात् न चिद्धर्मा ॥ १४६ ॥

यद्यात्मनोधर्म्मयोगः स्यात्, तर्हि परिणामित्वमपि स्यात् । ततश्चानिर्मोच्च इति ॥ १४६ ॥ अत्र श्रुतिविरोधमाह—

প্রবর্ত্তমানা আছেন। এ হেতুতেও পুরুষের প্রকৃতিভিন্নতা সিদ্ধ হয়। অভিপ্রেতার্থ এই যে প্রকৃতিই প্রবৃত্তিমতী বা পরিণামশীলা; পুরুষ নিরুদ্যম বা নিষ্ক্রিয়)। ১৪৩

জড়ের প্রকাশশক্তি না থাকায়, অর্থাৎ অচেতনত্ব বিধায়, দেহাতিরিক্ত আত্মা স্বপ্রকাশ। স্বপ্রকাশ আর চেতন সমান কথা। (তাৎপর্য্য এই যে, চেতনরূপী আত্মা প্রকাশ; অবশিষ্ট অপ্রকাশ বা জড়)। ১৪৪

প্রকাশ বা চৈতন্য আত্মার গুণ নহে; কেন-না তিনি নিগুর্ণ। (কেহ কেহ মনে করেন, আত্মাও জড়; পরন্তু মনঃসংযোগ দ্বারা তাহাঁতে প্রকাশ বা চৈতন্য জন্মে। সুতরাং চৈতন্য তাঁহার ধর্ম্ম; চৈতন্য তাঁহার স্বরূপ নহে। আত্মা যখন নিগুর্ণ, তখন এ মত অবশ্যই ভ্রান্ত)। ১৪৫

আত্মার নিগুর্ণত্ব শ্রুতিসিদ্ধ। শ্রুতিসিদ্ধ বস্তু অপলাপযোগ্য নহে। কেন না শ্রুতিই অজ্ঞাততত্ত্ববোধের সাক্ষাৎ কারণ এবং অন্য কোন প্রমাণ তাহার বাধ করিতে সক্ষম নহে। ১৪৬

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

শ্রুত্যা সিদ্ধস্য নাপলাপস্তৎপ্রত্যক্ষবাধাৎ ॥১৪৭॥

অসঙ্গো হ্যয়ং পুরুষ ইত্যাদিশ্রুতিঃ। গুণযোগে সা বাধিতা স্যাৎ ॥ ১৪৭ ॥ দূষণান্তর মাহ—

সুষুপ্ত্যাদ্যসাক্ষিত্বম্ ॥ ১৪৮ ॥

যদ্যাত্মা জড়ঃ স্যাৎ, সুষুপ্ত্যাদৌ অসাক্ষিত্বমজ্ঞাতৃত্বং স্যাৎ, নচৈবৎ, সুখমহমস্বাপ্সমিতি প্রতিভাসনাৎ। আদিশব্দাৎ স্বপ্নগ্রহণম্। এক এবাত্মেতি বেদান্তিনঃ। তথাচ—"নিত্যঃ সর্বগতো হ্যাত্মা কূটস্থো দোষবর্জিতঃ। একঃ স ভিদ্যতে শক্ত্যা মায়য়া ন স্বভাবতঃ।" ॥ ১৪৮ ॥ অত্রাহ—

জন্মাদিব্যবস্থাতঃ পুরুষবহুত্বম্ ॥ ১৪৯ ॥

যদ্যেক আত্মা, একস্মিন্ জায়মানে সর্বে জায়েরন্ ॥ ১৪৯ ॥ পরমতমাশঙ্কতে—

আত্মা জড়, ইহা সত্য হইলে, সুষুপ্তিকালে (ইন্দ্রিয়বিরাম কালে) তাঁহার সাক্ষিত্ব অর্থাৎ জ্ঞাতৃত্ব থাকিত না। (সুষুপ্তিকালেও আত্মা অজ্ঞানের জ্ঞাতা, সুখেরও জ্ঞাতা থাকেন। সেইজন্যই সুপ্তিভঙ্গের পর "গাঢ় নিদ্রায় অজ্ঞান ছিলাম" এবং "সুখে নিদ্রিত ছিলাম" এইরূপ স্মৃতি-জ্ঞান হইয়া থাকে। ১৪৭।

নানা দেহে এক আত্মা, ইহা সত্য হইলে জন্মমরণাদির সুব্যবস্থা হয় না। জন্মমরণাদির সুব্যবস্থা দেখিয়া বহু আত্মা স্বীকার করিতে হয়। (আত্মা এক হইলে একের মৃত্যুতে অপরের মৃত্যু না হয় কেন?) ১৪৮

ভাবিতে পারেন যে বহু উপাধি থাকিলে তৎসমুদায়ে একের যোগ অর্থাৎ উপহিতরূপে অবস্থিতি অসম্ভব হয় না এবং তদনুযায়ী ব্যবহারও নির্ব্বাহ হয়। যেমন একই আকাশ ঘট মঠ ও কূপ প্রভৃতি বহু উপাধিতে উপহিত হইয়া বহুনামে ও বহুভাবে ব্যবহৃত হয়, তেমনি একই আত্মা বহু দেহে উপহিতভাবে সমবস্থিত থাকিয়া বহুভাবে ব্যবহৃত হইতেছেন॥ ১৪৯

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

উপাধিভেদেঽপ্যেকস্য নানাযোগ আকাশস্যেব ঘটাদিভিঃ ॥ ১৫০ ॥

যথৈকমাকাশং, ঘটাদ্যুপাধিভেদাৎ ঘটে নষ্টে ঘটাকাশং নষ্টমিতি ব্যপদিশ্যতে, তথৈকাত্মপক্ষেঽপি দেহাবচ্ছেদাত্তন্নাশে আত্মা নষ্ট ইতি ব্যপদেশমাত্রং; নানাত্মপক্ষেঽপি; অন্যথাত্মনো নিত্যত্বাৎ কথং জন্মমরণব্যবস্থেতি ॥ ১৫০ ॥ সমাধানমাহ—

উপাধির্ভিদ্যতে ন তু তদ্বান্ ॥ ১৫১ ॥

উপাধির্ভিদ্যতে। ন চান্যনাশাদন্যত্র নাশব্যবহারোঽতিপ্রসঙ্গাৎ। একাত্মপক্ষে চ ব্যক্তএব বিরুদ্ধধর্ম্মাধ্যাসঃ, একস্য বন্ধমোক্ষাভাবাৎ। আকাশস্য তু ধূমাদিযোগাযোগাববিরুদ্ধৌ, সংযোগস্যাব্যাপ্যবৃত্তিত্বাৎ ॥ ১৫১ ॥ এতেন কিংস্যাদিত্যত আহ—

এবমেকত্বেন পরিবর্ত্তমানস্য ন বিরুদ্ধধর্মাধ্যাসঃ ॥১৫২

ন বিরুদ্ধধর্ম্মাধ্যাসো ভবতি ॥ ১৫২ ॥ অন্যধর্ম্মস্যাপ্যন্যত্রারোপো দৃষ্টঃ, যথা প্রকৃতেঃ কর্ত্তৃত্বং পুরুষে। অত্রাহ—

সত্যবটে; ঘটাদি বহুউপাধিতে আকাশের বহুত্ব ব্যবহার আছে; কিন্তু তাহা কাল্পনিক অর্থাৎ এক প্রকার ভ্রমমাত্র, বাস্তব নহে। ঘটরূপ উপাধি নষ্ট হইলে তদুপহিত আকাশ কি কখন নষ্ট হয়? অতএব, উপাধিই ভেদ প্রাপ্ত হয়, উপহিত যেমন তেমনিই থাকে, ভেদ প্রাপ্ত কিম্বা নষ্ট হয় না। (অভিপ্রায় এই যে, একের বিনাশে অপরের বিনাশ স্বীকার করা সংগত নহে; একারণ, উক্ত দৃষ্টান্তের দ্বারা একাত্মবাদ সাধিত হইতে পারে না। ১৫০

যাহা একভাবে বিরাজিত থাকিবে, যাহা এক বলিয়া গৃহীত হইবে প্রতীয়মান হইবে, কোনো ক্রমে তাহাতে বিরুদ্ধধর্ম্মের অধ্যাস বা আরোপ হইতে পারিবে না। তাৎপর্য্য এই যে, আত্মা বহু হইলে বরং তাহাতে কথঞ্চিৎ দেহানুগত উৎপত্তিবিনাশাদি আরোপিত হইতে পারে; কিন্তু এক হইলে কোনও ক্রমে তাহাতে বহুদেহের বহু-উৎপত্তি-বিনাশ আরোপিত হইতে পারে না। তাহার কারণ এই যে, সমধর্ম্মিতা না থাকিলে অধ্যাস ঘটনা হয় না। ১৫১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

अन्यधर्मत्वेऽपि नारोपात्तत्सिद्धिरेकत्वात् १५३॥

तत्र पुरुषकर्त्तृत्वं भ्रान्तं, पुरुषाकर्त्तृत्वस्य सत्यत्वादारोपस्यासत्यत्वात्। न च सत्यासत्ययोः सम्बन्धस्तात्त्विको भवति, असङ्गित्वात्; आत्मनस्तु न जन्ममरणादि सम्भवति ॥ १५३ ॥ एवञ्चेत्, श्रुतिविरोधः स्यात्। तथाच "एकमेवाद्वितीयं ब्रह्म" "नेह नानास्ति किञ्चन" "मृत्योः स मृत्युमाप्नोति, य इह नानेव पश्यति"। अत्राह—

नाद्वैतश्रुतिविरोधो जातिपरत्वात् ॥ १५४ ॥

व्यक्तम् ॥ १५४ ॥ नन्वनेकात्मवादिनोऽपि एकस्यात्मनो बन्धमोक्षौ विरुद्धौ, इत्यत्राह—

विदितबन्धकारणस्य दृष्ट्या तद्रूपम् ॥ १५५ ॥

विदितं बन्धकारणं प्रकृतिपुरुषविवेकादर्शनं यस्य, तस्य दृष्ट्या विवेकज्ञानेन तद्रूपं कैवल्यरूपं ॥ विवेकादर्शननिमित्तो बन्धो न

যদিও সাঙ্খ্যমতে প্রকৃতির কর্ত্তৃত্ব পুরুষে উল্লেখিত হয় সত্য; তথাপি তাহা একাত্মবাদীদিগের ন্যায় আরোপিত উল্লেখ নহে। একত্ব বিধায় তাঁহাতে ব্যাপক রূপ কর্ত্তৃত্বের আরোপ বা অধ্যাস হইবার সম্ভাবনা নাই। (অর্থাৎ পুরুষের কর্ত্তৃত্ব আভিমানিক ভিন্ন অন্য কোনরূপ নহে)। ১৫২

"আত্মা বহু" এ সিদ্ধান্ত শ্রুতিবিরুদ্ধ নহে। "একমেবাদ্বিতীয়ম্" ইত্যাদি শ্রুতির তাৎপর্য্য আত্মত্ব-জাতির উপরেই পর্য্যবসিত হইয়াছে এক বলিলে এক-জাতিই বুঝায়, এক সংখ্যা মাত্র বুঝায় না। বৃক্ষ নাই বলিলে লোকে কি একটী বৃক্ষ নাই বুঝে? না বৃক্ষ জাতি নাই বুঝে?)। ১৫৩

যে ব্যক্তি বন্ধনের কারণ জানিয়াছে, সেই ব্যক্তির বিবেক জ্ঞানে আত্মার তদ্রূপতা অর্থাৎ কেবলত্ব জ্ঞান হয়, অন্যের নহে। ভাবার্থ এই যে, বন্ধন মিথ্যা; সুতরাং বন্ধন ও মোক্ষ এই দুই ব্যবহার অবিরুদ্ধ)। ১৫৪

অন্ধ দেখিতে পায় না; তাই বলিয়া কি চক্ষুষ্মানও দেখিতে পাইবে না?

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

तात्त्विकः दर्शनाद्दर्शनं निवर्त्तत इति युक्तिः ॥ १५५ ॥ एवं चैकात्मपक्ष एव न्याय्यं पश्यामः, न नानात्मपक्ष इत्यत आह—

नान्धा दृष्ट्या चक्षुष्मतामनुपलम्भः ॥ १५६ ॥

अन्धो न पश्यतीति चक्षुष्मानपि किंनोपलभते ? नानात्मवादिनामनेके न्यायाः सन्तीत्यर्थः ॥ १५६ ॥ इतोऽपि नानात्मान इत्याह—

वामदेवादिर्मुक्तो नाद्वैतम् ॥ १५७ ॥

पुराणादौ श्रुतं वामदेवो मुक्तः शुक्रोमुक्त इत्यादि। यद्येक एवात्मा, एकमुक्तौ सर्वमुक्तेर्भेदश्रुतिवाधः स्यात् ॥ १५७ ॥ नानात्मपक्षेऽप्यनादौ संसारे कदापि कोऽपि मुच्यते, इति क्रमेण सर्वमुक्तौ सर्वशून्यता स्यात् । एकात्मपक्षे तु उपाधिविगम एव मोक्ष इत्यत्राह—

अनादावद्ययावदभावात् भविष्यदप्येवम् ॥१५८॥

अनादौ संसारे अद्ययावच्छून्यताया अदर्शनात् भविष्यति मुक्तिरिति पक्षे नास्ति प्रमाणं ॥ १५८ ॥ समाधानान्तरमाह—

(ইহার ভাবার্থ এই যে, নানাত্মপক্ষেই বন্ধ মোক্ষ ব্যবস্থা সুস্থির হয়, একাত্মপক্ষে হয় না। এক ব্যক্তি বদ্ধ আছে, তাই বলিয়া কি সকল ব্যক্তিই বদ্ধ থাকিবে, উহা অদ্ভূত সিদ্ধান্ত)। ১৫৫

শাস্ত্রে শুনা গিয়াছে, বামদেব ঋষি মুক্ত হইয়াছেন, ও শুকদেব স্বামীও মুক্ত হইয়াছেন। যদি একই আত্মা সর্ব্বশরীরে উপস্থিত থাকেন, তাহা হইলে, বামদেবাদির মুক্তিতে অবশ্যই অপরের মুক্তি হইত। যখন তাহা হয় নাই তখন আত্মা এক নহে, বহু। ১৫৬

সংসার অনাদি, আত্মাও অসংখ্য ; সেই কারণে আজিও সংসারের অভাব বা উচ্ছেদ হয় নাই ; ভবিষ্যৎকালেও হইবে না। (তাৎপর্য্য এই যে, যদি একে একে সকল আত্মার মুক্তি হয়, তাহা হইলে অবশ্য এক সময়ে না এক সময়ে সর্ব্বমুক্তিপ্রযুক্ত সংসার-নাশ হইতে পারে বটে ; কিন্তু তাহা হইবার সম্ভাবনা নাই। কেন-না, আত্মা অসংখ্য এবং মুক্তিও দুর্লভ)। ১৫৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

इदानीमिव सर्वत्र नात्यन्तोच्छेदः ॥ १५८ ॥

अनन्तत्वादात्मनां क्रमेण मुक्तिरपि स्यात्, संसारोच्छेदोऽपि न स्यात्, इदानीमिव सर्वत्र भविष्यत्कालेऽपि मुक्तिर्भविष्यतीति नात्यन्तोच्छेदः स्यात्, प्रवाहनित्यत्वात्। उपाधिविगमो मोक्ष इति पक्षेऽपि सर्वशून्यता प्रसङ्ग इति तुल्योऽनुयोगः। यथा नानात्मनां क्रमेण मुक्तौ सर्वोच्छेदः, तथा कर्म्मोच्छेदे सर्वोपाधिनाशाज्जगच्छून्यं स्यात्। अथोपाधीनामनन्तत्वान्न शून्यता, इति नानात्मपक्षेऽपि तुल्यत्वम्। तथाच "अतएव हि विद्वत्सु मुच्यमानेषु सर्वदा। ब्रह्माण्डजीवलोकानामनन्तत्वादशून्यता" ॥ १५८ ॥ किमात्मा बद्धोमुक्तो वा? बद्धत्वे स्वरूपस्याप्रच्यवनादनिर्म्मोक्षः, प्रच्यवेऽनित्यत्वं। मुक्तत्वे व्यर्थं ध्यानादि, इत्यत आह—

व्यावृत्तोभयरूपः ॥ १६० ॥

न बद्धो नायं मुच्यते, किन्तु नित्यमुक्तः। अज्ञाननाशस्तु ध्यानादिना क्रियत इति ॥ १६० ॥ आत्मनः साक्षित्वमुक्तम्, प्राप्तविवेकस्यापि साक्षित्वेऽनिर्म्मोक्ष इत्यत आह— .

সংসার অনাদি, আত্মা অসংখ্য, মুক্তিও দুর্লভ ;—এই সকল কারণে, এই বর্ত্তমান কালের ন্যায় ভবিষ্যৎকালেও সংসার থাকিবে উচ্ছেদ প্রাপ্ত হইবে না। ১৫৮

বাস্তবপক্ষ বিবেচনা করিলে প্রতীত হইবে যে, আত্মা বদ্ধও নহেন, মুক্তিও তাঁহার উৎপন্ন হয় না। আমি "বদ্ধ" ও "মুক্ত" এই দুই বাক্যের অতীত অর্থাৎ আমি নিত্যমুক্ত। আপনার নিত্যমুক্ততা না জানাই বন্ধন এবং বন্ধনের অভাবই মুক্তি। ঈদৃশী মুক্তি ধ্যানাদির দ্বারাই হইয়া থাকে। ১৫৯

অক্ষশব্দের অর্থ ইন্দ্রিয়। ইন্দ্রিয়সম্বন্ধ সমকালে তিনি সাক্ষী অর্থাৎ প্রকৃতির দ্রষ্টা। (মুক্তিকালে ইন্দ্রিয়সম্বন্ধ থাকে না; সুতরাং তৎকালে তিনি প্রকৃতিকে দেখেন না)। ১৬০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

अक्षसम्बन्धात् साक्षित्वम् ॥ १६१ ॥

अक्षमिन्द्रियं, तत्सम्बन्धात् साक्षित्वम्। विवेकि च क्वेन्द्रिय-सम्बन्ध इति ॥ १६१ ॥ सर्वदा किंस्वरूप आत्मा, इत्यत्राह—

नित्यमुक्तत्वम् ॥ १६२ ॥

स्पष्टम् ॥ १६२ ॥

औदासीन्यं वेति ॥ १६३ ॥

व्यक्तम् ॥१६३॥ आत्मनः कर्त्तृत्वं श्रूयते, तत् कथमित्यत आह—

उपरागात् कर्त्तृत्वं चित्सान्निध्याच्चित् सान्निध्यात् ॥ १६४ ॥

प्रकृत्युपरगादात्मनः कर्त्तृत्वं कर्त्तृत्वाभिमानः, चित्सान्निध्यादिति वीप्साध्यायपरिसमाप्तौ, श्रूतौ तथा दृष्टत्वादिति ॥१६४॥

इति श्रीकपिलसांख्यप्रवचनसूत्रवृत्तौ विषयाध्यायः प्रथमः ॥ १६५ ॥

अथ विषयनिरूपणानन्तरं प्रधानकार्य्यनिरूपणार्थं द्वितीयाध्यायारम्भः।

তখন তিনি কেবল হন। বস্তুতঃ তিনি অন্যকালেও মুক্ত, সর্ব্বদাই মুক্ত, ইহা বার বার বলা হইয়াছে। ১৬১

তিনি উদাসীন। তাৎপর্য্য এই যে, কোনও কালে তাঁহাতে বাস্তব জড়সম্বন্ধ নাই। ১৬১

তবে যে তাঁহার কর্ত্তৃত্বাভিমান দৃষ্ট হয়, অর্থাৎ তিনি যে "আমি করিতেছি" ভাবেন, তাহার কারণ উপরাগ অর্থাৎ তিনি প্রকৃতিতে বা বুদ্ধিতত্ত্বে প্রতিবিম্বিত হন, তাই তাঁহাতে বুদ্ধির কর্ত্তৃত্ব অনুবিম্বিত বা আরোপিত হয়। বাস্তবকল্পে তিনি অকর্ত্তা ও নিত্যমুক্ত। ১৬২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

अथ द्वितीय-

प्रधान कार्य्याध्यायः।

विमुक्तविमोक्षार्थं स्वार्थं वा प्रधानस्य ॥ १ ॥

स्वभावविमुक्त आत्मा, तस्याभिमानिकवन्धविमोक्षार्थं प्रधानस्य प्रवृत्तिः-जगत्कर्त्तृत्वमित्यर्थः। अयम्भावः-दुःखसृष्टौ स्वभावादेववैराग्यान्मोक्षे वै पुरुषः प्रवर्त्तते। सुखसृष्टौ च दुःखशवलत्वात् सुखस्यापि दुःखपक्षनिक्षेपाद्वैराग्यमेवोपजायत इति स्थितिः। तच्च चतुर्व्विधं—यतमानसंज्ञा, व्यतिरेकसंज्ञा, एकेन्द्रियसंज्ञा, वशीकारसंज्ञा चेति। तथाहि—हेयं दुःखमनागतमेकविंशतिप्रकारं—शरीरं, षड़िन्द्रियाणि, षड़् विषयाः, षड़् बुद्धयः, सुखं दुःखञ्चेति। तत्र शरीरं दुःखायतनत्वाद्दुःखं, इन्द्रियाणि विषया बुद्धयश्च तत्साधनभावाद्दुःखम्। सुखं दुःखानुषङ्गात्, दुःखं यातना पीड़ासन्तापात्मकं मुख्यत एवेति। तस्य निर्व्वर्त्तकमसाधारणकारणमविद्या-तृष्णे धर्म्माधर्म्माविति। अविद्या विपरीतज्ञानं, तत्संस्कारश्च विद्वद्भिरुक्तस्तृष्णादीनामसाधारणो हेतुः। दुःखहानञ्च दुःखोत्पत्तिनिवृत्तिरात्यन्तिकी, तस्योपायस्तत्त्वज्ञानमात्मविषयम्; ततोऽविद्याया निवृत्तेः। तथाचोक्तं "आत्मा वा अरे द्रष्टव्यः श्रोतव्यो मन्तव्यो निदिध्यासितव्यः।" श्रोतव्यः श्रुतिवाक्येभ्यो मन्तव्यश्चोपपत्तिभिः। मत्वा च सततं ध्येय एते दर्शनहेतवः।" "तरति शोकमात्मवित्" इति च। स द्विविधः-परश्चापरश्चेति। तथाचोक्तं—

মুক্তস্বভাব আত্মার আভিমানিক-বন্ধন-বিনাশ অথবা নিজের স্বরূপ প্রদর্শন, —এই দুইএর একতরের নিমিত্তই প্রকৃতির কর্তৃত্ব অর্থাৎ জগৎসৃষ্টি করা। অচেতন পদার্থের কোন বাস্তব উদ্দেশ্য নাই, তাহার ফলকেই লোকে উপচারক্রমে প্রয়ো-

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

"द्वे ब्रह्मणी वेदितव्ये परञ्चापरमेव च" इति। विद्यैश्वर्य्यविशिष्टः संसारधर्मैरीषदप्यसंस्पृष्टः परो भगवान् महेश्वरः सर्व्वज्ञः सकलजननादिविधाता, स कथं ज्ञातव्यः?—अनुमानाद्वा आगमाद्वा? तथाहि—विवादाध्यासितमुपलब्धं सकारणकं अभूत्वाभावित्वात्, चित्रवत्, इत्यनुमानम्। ततः सामान्येनावगतस्य योगेन विशेषतो ज्ञानम्। अपरस्य च जीवस्य स्वानुभवादेव सिद्धिः। तयोश्च परापरयोर्विवेकेन ज्ञानाय प्रकृतेः प्रवृत्तिः। तत्र परार्थता वक्ष्यते। स्वार्थताच, सा यं पुरुषं प्रत्यात्मानं विवेकेन दर्शितवती, तं प्रत्युदास्ते। अचेतनायाः प्रकृतेः कथं प्रवृत्तिः। दृष्टा अचेतनानामपि वृक्षाणां फलादिद्वारेण प्रवृत्तिरिति ॥ १ ॥

अथ के मोक्षाधिकारिणः, इत्यत्राह—

विरक्तस्य तत्सिद्धेः ॥ २ ॥

तथाच श्रुतिः "पुत्रैषणायाश्च वित्तैषणायाश्च लोकैषणायाश्च व्युत्थायाऽथ भिक्षाचर्य्यञ्चरन्ति" इति, "शान्तोदान्त उपरतस्तितिक्षुः समाहितो भूत्वात्मन्येवात्मानं पश्येत्" इति च ॥ २ ॥ यदि वैराग्यात् श्रवणानन्तरं मोक्षः, तदा सर्वेषां गुरूपदेशानन्तरं मोक्षः स्यात्, न चैवं दृश्यते, इत्यत्राह—

জন বা উদ্দেশ্য বলে। যেমন বৃক্ষের প্রয়োজন ফল; তেমনি সৃষ্টির প্রয়োজন মোক্ষ। মোক্ষ প্রকৃতির বলিলেও হয়, পুরুষের বলিলেও হয়। প্রকৃতির পুরুষসম্পর্ক শূন্য হওয়া পক্ষে প্রকৃতির মোক্ষ; আর পুরুষের প্রকৃতিবিচ্ছেদ হওয়া গ্রহণ করিলে পুরুষের মোক্ষ। মোক্ষই সৃষ্টির ফল, এ কথার তাৎপর্য্য এই যে, প্রকৃতিসৃষ্ট দুঃখের অভিঘাত হইতে বৈরাগ্য, বৈরাগ্য হইতে মোক্ষ)। ১

মোক্ষ বিরক্ত পুরুষেরই হয় অন্যের হয় না। (বৈরাগ্য তীব্রতা প্রাপ্ত হইলেই পুরুষ শান্ত দান্ত উপরত, তিতিক্ষু ও সমাহিত হইয়া আপনি আপনাকে দেখে, আপনার প্রকৃতিমুক্ততা প্রত্যক্ষ করে, কাযেই তাহার মোক্ষ হয়) ২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न श्रवणमात्रात् तत्सिद्धिरनादिवासनापटुत्वात् ॥ ३॥

तत्सिद्धिः मोक्षसिद्धिः। न श्रवणानन्तरं मोक्षः, किन्तु यस्य नानादिवासनापाटव्यं, अनिविड़ा वासनेति यावत्। तस्य क्षिप्रं मुक्तिः, अन्यस्य च चिरेण ॥ ३ ॥ युक्त्यन्तरमाह—

वहुभृत्यवद्वा प्रत्येकम् ॥ ४ ॥

यथैकस्य वहवो भृत्या आराधनापराधाभ्यां (१) केचिन्मुच्यन्ते, केचित् प्रसादभाजः, केचिद्वध्यन्ते, तथा प्रकृतिरेका पुरुषाश्च वहवो-भृत्या इवेति येषां स्पष्टं विवेकज्ञानं, तेषां शीघ्रं येषामुपासनामात्रं, तेषां क्रमेण, अन्येषान्तु नास्त्येव ॥ ४ ॥ कूटस्थत्वादात्मनो वन्धो नास्त्येव, इत्यत्राह—

प्रकृतिवास्तवे च पुरुषस्याध्याससिद्धिः ॥ ५ ॥

प्रकृतिः यं प्रत्यात्मानं विवेकेन दर्शितवती, तं प्रति प्रकृतेरप्रवर्त्तनं मोक्षः ; यं प्रति प्रवर्त्तते ; तं प्रति पुरुषच्छायापत्तिरेवाध्यासः, स

বৈরাগ্য হইলে শাস্ত্রার্থশ্রবণ ও গুরূপদেশ গ্রহণ, এই দুইএর দ্বারা মুক্ত হয় সত্য ; কিন্তু শাস্ত্রার্থশ্রবণ করিবামাত্রই যে মুক্তি হইবে, এরূপ কোন নিয়ম নাই। যাহার অনাদিকালের সঞ্চিত বিষয়বাসনা বা ভোগসংস্কার প্রবল থাকে, সে বিলম্বে মুক্ত হয়, তদ্ভিন্ন ব্যক্তি শীঘ্র মুক্ত হয়। (বাসনার প্রাবল্য থাকিলে বৈরাগ্য গাঢ় হয় না, চিত্তবিক্ষেপ উপস্থিত হয়, কাযেই নিদিধ্যাসনের দ্বারা আত্মসাক্ষাৎকার করা ঘটে না, মুক্তিও হয় না)। ৩

অথবা এক ব্যক্তির বহুভৃত্য থাকিলে যেমন তাহাদের কদাচিৎ কেহ দাসত্ব হইতে মুক্ত হয়, প্রকৃতির দাসত্ব হইতে মুক্ত হওয়াও তদ্রূপ দৃষ্টান্তের অধীন। (প্রকৃতির অসংখ্য ভৃত্য ; তন্মধ্যে যাহার যখন বিস্পষ্ট বিবেকজ্ঞান জন্মে সে তখন মুক্তি লাভ করে)। ৪

প্রকৃতি নিত্য ; সকল দেশে ও সকল কালে তিনি বিদ্যমানা সুতরাং তাঁহাতে পুরুষের অধ্যাস অর্থাৎ প্রতিচ্ছায়া হওয়ার ব্যঘাত হয় না। কথা গুলির শেষ

---

(১) আরাধনায় মুক্তঃ তেষাং ইতি ক্বচিৎ পাঠঃ।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न तात्त्विकः। तथाच "यद्यात्मा मलिनोऽस्वच्छो विकारी स्यात् स्वभावतः। न हि तस्य भवेन्मुक्तिर्जन्मान्तरशतैरपि।" ॥ ५॥

अत्र प्रमाणं दर्शयति—

कार्य्यतस्तत्सिद्धिः ॥ ६ ॥

प्रकृतिकार्य्याणां महदादीनामविच्छेददर्शनात् प्रकृतेर्वन्धकत्वसिद्धिः ॥ ६॥ प्रकृतिः प्रवृत्तिस्वभावत्वात् सर्वपुरुषान् प्रवर्त्तयेत्, किं विवेकाविवेकदर्शनेन ? इत्यत्राह—

चेतनोद्देशान्नियमः कण्टकमोक्षवत् ॥ ७ ॥

यथा कण्टकं दृष्ट्वा कश्चित् कश्चिन्निषेधति 'अनेन वर्त्मना मागाः', न सर्वान् प्रति, तथाधिकाराच्चेतनविशेषोद्देशात्। प्रवर्त्तनं न सर्वान् प्रतीति नियमः ॥ ७॥ नात्मनो वन्ध इत्युक्तं, तत्राह—

अन्ययोगेऽपि तत्सिद्धिर्नाञ्जस्येनायोदाहवत् ॥८॥

प्रवर्त्तकत्वमेव प्रकृतेर्वन्धाय ; अतः प्रकृतियोगेऽपि तच्छाया-

---

সিদ্ধান্ত এই যে, প্রকৃতি একবার যাহাকে আপনার স্বরূপ দেখাইবেন, কদাচ তিনি আর তাহাকে আপন কার্য্য দেখাইবেন না। যাহার নিকট স্বরূপ গোপন করেন তাহাকেই তিনি সর্ব্বতোভাবে আলিঙ্গন করিয়া থাকেন, কাযেই তিনি পুরুষ ভাবাপন্না হন এবং পুরুষও প্রকৃতিভাবাপন্ন হইয়া থাকেন)। ৫

অবিবেকী পুরুষেরই উপরোক্তপ্রকারের অধ্যাস থাকে ; ইহা প্রকৃতির কার্য্যের দ্বারা নির্ণীত হয়। (তাৎপর্য্য এই যে, অবিবেকীর নিকট মহত্তত্ত্বাদি প্রাকৃতিক কার্য্যের বিরাম বা বিচ্ছেদ হয় না)। ৬

প্রকৃতি কণ্টকবাধামোচনের দৃষ্টান্তে চেতন-বিশেষের (পুরুষবিশেষের) উদ্দেশে প্রবৃত্তিমতী হন, অন্যের নিকট উদাসীনী থাকেন। (পথে কণ্টক থাকিলে বিজ্ঞ লোক যেমন তৎপথগামীকেই সে পথে যাইতে নিষেধ করে, অন্যের নিকট তুষ্ণীম্ভূত থাকে, তদ্রূপ, প্রকৃতিও স্বাধিকারস্থ পুরুষদিগকে আপন কার্য্য দেখান, অন্যের নিকট উদাসীনী অর্থাৎ আত্মগুপ্তা থাকেন। ৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

पत्त्या पुरुषस्य बन्धाभिमानसिद्धिः, नाञ्जस्येन न तत्त्वतः। अयोदाहवदिति, यथा तप्तलौहयोगात् लौहो दहतीति मन्यते, न च लौहस्य दाहकत्वं, किन्तु संयोगादग्नेरेव तदिति ॥ ८ ॥

किमर्थं सृष्टिरित्यत्राह—

रागविरागयोर्योगः सृष्टिः ॥ ९ ॥

रागाद्भुक्तिः, वैराग्यान्मुक्तिः। परमार्थतस्तु रागादपि भोगी विषयदोषप्रदर्शनाद्वैराग्यमेवेति ॥ ९ ॥ प्रथमाध्याये 'सत्त्वरजस्तम' इत्यादिसूत्रे पञ्चविंशतितत्त्वमुक्तं; इदानीं तेषां सप्रपञ्चं क्रममाह—

महदादिक्रमेण पञ्चभूतानाम् ॥ १० ॥

सृष्टिरित्यनुवर्त्तते। क्रमश्च वक्ष्यति ॥ १० ॥ तत् किं स्वार्थं परार्थं वा? इत्यत्राह—

आत्मार्थत्वात् सृष्टेर्नैषामात्मार्थ आरम्भः ॥ ११ ॥

आत्मार्थत्वात् पुरुषार्थत्वात् सृष्टेर्नैषां महदादीनामात्मार्थे—स्वार्थे

অন্যের (প্রকৃতির) সহিত যোগ বা সম্বন্ধ হওয়াতেই পুরুষের বন্ধন ঘটনা সত্য, পরন্তু সে সম্বন্ধ বাস্তবসম্বন্ধ নহে; সম্বন্ধের আরোপ মাত্র। সুতরাং "পুরুষ বদ্ধ" এই কথাটী "লোহায় পুড়িয়াছে" এই কথার ন্যায় ঔপচারিক। (লৌহ দগ্ধ করে না, তদ্গত অগ্নিই দগ্ধ করে)। ৮

রাগ হইতে অর্থাৎ প্রকৃতি-প্রত্যাসত্তি হইতে সৃষ্টি হয়, আর বিরাগ হইতে অর্থাৎ প্রকৃতি-পার্থক্য হইতে যোগ অর্থাৎ যোগসাধ্যমুক্তি হয়। ৯

প্রথমে মহৎ, তৎপরে অহং,—ইত্যাদিক্রমেই পঞ্চমহাভূতান্ত-সৃষ্টি হইয়াছে। তাৎপর্য্য এই যে, পূর্ব্বোক্ত পঞ্চবিংশতি তত্ত্ব যথাক্রমেই হইয়াছে, ব্যুৎক্রমে হয় নাই। ১০

সৃষ্টি পুরুষের (ভোগের ও মোক্ষের) জন্য; প্রকৃতির জন্য নহে। মহৎ যে অহং জন্মায়, অহং যে ইন্দ্রিয় প্রসব করে, তাহা তাহারা নিজের জন্য করে না, পুরুষেরই ভোগের ও মোক্ষের জন্য করে। (অভিপ্রায় এই যে, ভোগও মুক্তির

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

আরম্ভঃ। নিত্যত্বাৎ প্রকৃতেঃ স্বার্থারম্ভো যুক্তঃ, মহদাদীনান্তু কারণলয়েন নাশাৎ সৃষ্টিমাত্রমিতি ॥ ১১ ॥ দিক্কালৌ সিদ্ধৌ, তৌ কথং গণনায়াং ন স্মৃতৌ ? ইত্যত্রাহ—

দিক্কালাবাকাশাদিভ্যঃ ॥ ১২ ॥

তত্তদুপাধিভেদাদাকাশমেব দিক্কালশব্দবাচ্যম্ ; তস্মাদাকাশেঽন্তর্ভূতৌ। আদিশব্দস্য সংপাতায়াতঃ; সপ্তম্যর্থে পঞ্চমী ॥ ১২ ॥

মহতো বুদ্ধের্লক্ষণমাহ—

অধ্যবসায়ো বুদ্ধিঃ ॥ ১৩ ॥

এবমেবেতি নিশ্চয়োঽধ্যবসায়ঃ ॥ ১৩ ॥ ধর্ম্মাদীনাং ক্বান্তর্ভাব ? ইত্যত্রাহ—

তৎকার্য্যং ধর্ম্মাদিঃ ॥ ১৪ ॥

ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণি, তৎ কার্য্যত্বেনাত্মধর্মত্বং তেষাং নিরস্তম্ ॥ ১৪ ॥ কার্য্যকারণয়োরভেদাদন্তর্ভাবো দর্শিতঃ, তস্য বিশেষমাহ—

একটা দুরন্ত উপায়। কেন-না ভোগ করিতে করিতে বৈরাগ্য হয়, বৈরাগ্য হইলে মুক্তি হয়। কথাগুলি শুনিবামাত্র প্রতীতি হয় যে, ক্রমে সকল আত্মাই মুক্ত হইবে কেহই অনন্তকাল বদ্ধ থাকিবে না। ১১

দিক্ ও কাল আকাশ-তত্ত্বেরই অন্তর্গত। আকাশই উপাধিবিশেষে উপহিত হইয়া দিক্ প্রভৃতি আখ্যা প্রাপ্ত হয়, এজন্য উহারা তত্ত্বগণনা মধ্যে উক্ত হয় নাই। (সূর্য্যের উদয়াস্ত-উপলক্ষিত আকাশই দিক্ ; আর তাহার গতিক্রিয়া-উপলক্ষিত আকাশ কাল)। ১২

অধ্যবসায়রূপিনী বুদ্ধিই মহত্তত্ত্ব নামে খ্যাত। (ইহা এইরূপ, তাহা সেইরূপ —ইত্যাদিপ্রকার নিশ্চয়জ্ঞানকে অধ্যবসায় বলে)। ১৩

ধর্ম্ম ও জ্ঞান প্রভৃতি তাহার কার্য্য অর্থাৎ ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য, (অণিমা লঘিমা প্রভৃতি আট্ প্রকার যোগজ ধর্ম্ম বা যোগপ্রভব শক্তি মহত্তত্ত্ব হইতে (বুদ্ধিবিকাশ হইতে) আবির্ভূত হয়। ১৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

মহদুপরাগাদ্বিপরীতম্ ॥ ১৫ ॥

বিপরীতমিতি—অধর্ম্মাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যাণি। দৃষ্টো হি সহকারিভেদাৎ কার্য্যভেদঃ, যথা বেত্রবীজস্য বেত্রাঙ্কুরজনকত্বং. বহ্নিসংযোগসহকারিণঃ কদলীকাণ্ডজনকত্বম্, তথা সত্ত্বসহকারিণো মহতো ধর্ম্মাদিজনকত্বং, তমঃসহকারিণোঽধর্ম্মাদিজনকত্বমিতি ॥১৫

ক্রমপ্রাপ্তমহঙ্কারাদিলক্ষণমাহ—

অভিমানোঽহঙ্কারঃ ॥ ১৬ ॥

অহমিতি অভিমানঃ ॥ ১৬ ॥ তস্য কার্য্যমাহ—

একাদশং পঞ্চতন্মাত্রং তৎকার্য্যম্ ॥ ১৭ ॥

একাদশেন্দ্রিয়াণি পঞ্চতন্মাত্রাণি চেতি ষোড়শকং তৎকার্য্যম্ ॥১৭॥

কথমেকস্মাৎ কারণাজ্জড়প্রকাশৌ ভবতঃ ? ইত্যত্রাহ—

সাত্ত্বিকমেকাদশকং প্রবর্ত্ততে বৈকৃতাদহঙ্কারাৎ ॥ ১৮ ॥

মহদ্বিকারাদহঙ্কারাৎ সাত্ত্বিকং সত্ত্বসহকৃতমেকাদশকম্ একা-

পূর্ব্বোক্তের বিপরীত অর্থাৎ অধর্ম্ম অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য, এ গুলিও মহত্তত্ত্বের উপরাগবিশেষ হইতে জন্মে। (অভিপ্রায় এই যে, এক বুদ্ধিতত্ত্বই রজস্তম গুণের উদ্ভব দ্বারা কালুষ্য প্রাপ্ত হইয়া অধর্ম্মাদিরূপে পরিণত হয় এবং সত্ত্বগুণের উদ্ভব দ্বারা ধর্ম্মাদি আকারে প্রকাশ পায়। বেত্রবীজে বেত্রাঙ্কুর হয় কিন্তু দাবাগ্নিসংযোগ সহকারে কদলীবৃক্ষও জন্মে) ১৫

অভিমান ও অহঙ্কার তুল্য কথা। মহত্তত্ত্বের বা বুদ্ধির "অহং" "আমি" ইত্যাকার প্রস্ফুরণকে আমরা অভিমান ও অহং-শব্দে উল্লেখ করি। ১৬

একাদশ ইন্দ্রিয় ও পাঁচ প্রকার তন্মাত্র প্রোক্তলক্ষণ অহংতত্ত্বের কার্য্য অর্থাৎ উহারা অহংতত্ত্ব হইতে উৎপন্ন হইয়াছে। ১৭

মহত্তত্ত্বের বিকার রূপ অহঙ্কার হইতে সত্ত্বগুণের সহযোগে একাদশ ইন্দ্রিয় এবং তমঃ সহযোগে পঞ্চতন্মাত্র উৎপন্ন হয়। ১৮

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

दशेन्द्रियं प्रवर्त्तते, तमः सहकृतं तन्मात्रं ॥ १८ ॥

इन्द्रियत्रैविध्यमाह—

कर्म्मेन्द्रियबुद्धीन्द्रियैरान्तरमेकादशकम् ॥ १९ ॥

कर्मेन्द्रियैर्वागादिभिः पञ्चभिर्बुद्धीन्द्रियैर्घ्राणादिभिः पञ्चभिः सहान्तरं मन इत्येकादशकमिन्द्रियम् ॥ १९ ॥

भौतिकानीन्द्रियाणीति तत्प्रतिषेधार्थमाह—

आहङ्कारिकत्वश्रुतेर्न भौतिकानि ॥ २० ॥

तत्र श्रुति बाधादित्यर्थः ॥ २० ॥ युक्त्यन्तरमाह—

देवतालयश्रुतेर्नारम्भकस्य ॥ २१ ॥

कारणे कार्य्यलय इति स्थितम्। आदित्यं वै चक्षुर्गच्छतीति देवे लयः श्रूयते। तस्मान्नारम्भकस्य नारम्भकाभिमतस्य भूतस्य कारणत्वमिति ॥ २१ ॥ नित्यानीन्द्रियाणीति केचित्, तत्परिहारार्थमाह—

পাঁচ কর্ম্মেন্দ্রিয়, পাঁচ জ্ঞানেন্দ্রিয়, আর অন্তর্ব্বর্ত্তী মন এক, সমুদায়ে একাদশ ইন্দ্রিয়। ১৯

শ্রুতি ইন্দ্রিয়দিগকে অহঙ্কারোৎপন্ন বলিয়াছেন, এ নিমিত্ত উহারা আহঙ্কারিক, ভৌতিক নহে। (ভূতে মালিন্যের আধিক্য থাকায় তৎপ্রভব পদার্থে চৈতন্য-সংক্রমণের ব্যাঘাত থাকা দৃষ্ট হয়; এ হেতুতেও উহারা অভৌতিক)। ২০

ইন্দ্রিয়গণ আপন আপন দেবতায় লীন হয়, এরূপ শ্রুতি থাকিলেও তাহা ভৌতিকত্বের বোধক নহে; তাহা অনুগ্রাহক পদার্থের বোধক মাত্র। কথাটীর অভিপ্রায় এই রূপঃ—জন্য মাত্রেরই কারণদ্রব্যে লয় হওয়ার নিয়ম আছে এবং শ্রুতিও বলিয়াছেন, "আদিত্যং বৈ চক্ষুর্গচ্ছতি" মরণ কালে চক্ষু তেজোমণ্ডল আদিত্যে গিয়া লয় প্রাপ্ত হয় কাজেই আশঙ্কা হইতে পারে যে, চক্ষুরিন্দ্রিয়ের জনক কারণ আদিত্য অর্থাৎ তেজ; কিন্তু উক্ত শ্রুতির তাৎপর্য্য অনুসন্ধান করিলে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

तदुत्पत्तिः श्रूयते, विनाशदर्शनाच्च ॥ २२ ॥

अहङ्कारादुत्पत्तिः श्रूयते । उत्पन्नस्य विनाशोऽप्यवश्यम् भावीति ॥ २२ ॥ चक्षुरादीनां शक्तिभेद दर्शनादैन्द्रियकानीन्द्रियाणीति, तन्निषेधति—

अतीन्द्रियमिन्द्रियं, भ्रान्तानामधिष्ठाने ॥ २३ ॥

भ्रान्तानामधिष्ठाने चक्षुर्गोलकादाविन्द्रियज्ञानम् । अन्यथा छिन्नकर्णस्य श्रवणानुपपत्तिः, चक्षुषो रूपग्रहणप्रसङ्गश्चेति ॥ २३ ॥

एकमिन्द्रिय पाटलं, उपाधिभेदान्नानात्वमित्यत्राह—

शक्तिभेदेऽपि भेदसिद्धौ नैकत्वम् ॥ २४ ॥

भवत्युपाधिभेदः, शक्तिभेदस्त्वऽवश्यं वक्तव्यः, स च सत्यः, इति नानात्वमपि सत्यं ॥ २४ ॥ एकत्वेनैवोपपत्तौ वहुत्वकल्पना गुर्वीत्यत्राह—

দেখা যাইবে যে, শ্রুতি—চক্ষুরিন্দ্রিয়ের আরম্ভক বা জনক কে?—তাহা উপদেশ করিতেছেন না, উহার অনুগ্রাহক বা অধিষ্ঠাত্রী দেবতা কে? তাহাই নির্ণয় করিতেছেন। সুতরাং প্রোক্ত শ্রুতি চক্ষুরিন্দ্রিয়ের ভৌতিকত্বের প্রমাণ নহে। ২১

শ্রুতিতে ইন্দ্রিয়গণের উৎপত্তি শুনা যায়; এবং উহাদের বিনাশ হওয়াও অনুমিত হয়। তাৎপর্য্য এই যে, ইন্দ্রিয় গুলি অনুৎপন্ন ও অবিনাশী অর্থাৎ নিত্য বস্তু নহে। ২২

ভ্রান্ত লোকে ইন্দ্রিয় গুলির আধারকে ইন্দ্রিয় বলে; বস্তুতঃ তাহা অতীন্দ্রিয় অর্থাৎ অপ্রত্যক্ষ। অভিপ্রায় এই যে, ইন্দ্রিয় মাত্রেই অনুমেয়। ২৩

ইন্দ্রিয় এক, তাহার ভিন্ন ভিন্ন (চক্ষুঃ ও কর্ণ প্রভৃতি) উপাধি থাকায় অনেকত্ব ব্যবহার চলিতে পারে ইহা মনে করিও না। কেন-না প্রত্যেক ইন্দ্রিয়ের এক একটী নির্দ্দিষ্ট শক্তি অবধারিত থাকায় তাহাদের বহুত্বই নিশ্চিত হয়; একত্ব সিদ্ধ হয় না ২৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न कल्पनाविरोधः प्रमाणदृष्टस्य ॥ २५ ॥

स्पष्टम् ॥ २५ ॥ मनसो लक्षणमाह—

उभयात्मकं मनः ॥ २६ ॥

बुद्धीन्द्रियात्मकं कर्मेन्द्रियात्मकञ्चेत्यर्थः; मनोऽधिष्ठानादुभयप्रवृत्तेः ॥ २६ ॥ कथमेकस्मादहङ्कारादनेकानीन्द्रियाणीत्यत आह—

गुणपरिणामभेदान्नानात्वमवस्थावत् ॥ २७

धर्माधर्मसहकारिसत्त्वादिगुणपरिणामभेदादनेकानि तानि । अवस्थावदिति, यथैकस्य देहस्य वाल्ययौवनवार्द्धक्यानीति ॥ २७ ॥

उभयेन्द्रियविषयमाह—

रूपादिरसमलान्त उभयोः ॥ २८ ॥

उभयोर्बुद्धीन्द्रियकर्मेन्द्रिययोः । बुद्धीन्द्रियस्य विषया रूपरस-

---

যাহা প্রমাণসিদ্ধ, যাহার ফল বা কার্য্য প্রত্যক্ষসিদ্ধ, তাহাতে কল্পনাবিরোধ দোষ হয় না (ইহাও দেখিতে হইবে যে, যে স্থলে লঘু কল্পনায় অভীষ্টসিদ্ধি হয় সেই স্থলেই গুরুকল্পনা দোষাবহ হয়। ইন্দ্রিয়ের বহুত্বানুমান অপেক্ষা একাত্বনুমান লঘু হইলেও তদ্দ্বারা অভীষ্টসিদ্ধি হয় না; সুতরাং শক্তিবহুত্বরূপ ফল প্রমাণসিদ্ধ বা প্রত্যক্ষসিদ্ধবলিয়া বহুত্বকল্পনা দোষাবহ হয় না। ২৫

অন্তর্বর্ত্তী মনো-নামক ইন্দ্রিয়টী উভয়প্রকার অর্থাৎ তাহা বুদ্ধীন্দ্রিয়ও বটে, কর্ম্মেন্দ্রিয়ও বটে; (যেহেতু উহা উভয়েন্দ্রিয়ের অধিষ্ঠাতা সেই হেতু উহা উভয়েন্দ্রিয়)। ২৬

অহং-পদার্থটী এক বটে; পরন্তু তাহার মূলীভূত সত্বাদিগুণ এক নহে, তাহাদের পরিণামও একপ্রকার নহে। অতএব, গুণ পরিণামের বহুত্বহেতুক অর্থাৎ বহুপ্রকার পরিণাম শক্তি থাকা প্রযুক্তই বহু ইন্দ্রিয় হইয়াছে। যেমন একই দেহে বাল্য যৌবন জরা প্রভৃতি বহু অবস্থা হয়, তেমনি, একই অহং দ্রব্যে বহু ইন্দ্রিয় জন্মে। ২৭

রূপ ও রস প্রভৃতি উক্ত দ্বিবিধ ইন্দ্রিয়ের বিষয়। বুদ্ধীন্দ্রিয়ের বিষয় রূপ, রস

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

गन्धस्पर्शशब्दाः। कर्मेन्द्रियस्य विषया वचनविहरणादानानन्दरसमलाः। रसमलो नाम मलः, तदन्तः ॥ २८ ॥ आत्मेन्द्रिययोर्वैधर्म्यमाह—

द्रष्टृत्वादिरात्मनः, करणत्वमिन्द्रियानाम् ॥ २९

व्यक्तम् ॥ २९ ॥ अन्तःकरणत्रयाणामन्योन्यवैधर्म्यमाह—

त्रयाणां स्वालक्षण्यं ॥ ३० ॥

महदहङ्कारमनसाम् स्वालक्षण्यं स्वं स्वं लक्षणं। महतोऽध्यवसायः, अहङ्कारस्य अभिमानः, मनसः सङ्कल्प इति ॥ ३०

एषां साधर्म्यमाह—

सामान्यकरणवृत्तिः प्राणाद्या वायवः पञ्च ॥ ३१ ॥

पञ्चप्राणाद्या वायवस्त्रिभिः करणैर्धार्य्यन्ते ॥ ३१ ॥ करणानां वृत्तीराह—

গন্ধ, স্পর্শ ও শব্দ এবং কর্ম্মেন্দ্রিয়ের বিষয় বচন, বিহরণ, গ্রহণ, আনন্দ ও মলত্যাগ প্রভৃতি। ২৮

আত্মা ও ইন্দ্রিয়,—এই দুইএর মধ্যে আত্মা দ্রষ্টা ও ইন্দ্রিয়গণ করণ। অভিপ্রায় এই যে, প্রথমে ইন্দ্রিয়ের ব্যাপারে মনে জ্ঞানক্রিয়া বা বিষয়াকার বৃত্তি জন্মে, অনন্তর তাহা চৈতন্যব্যাপ্ত হইয়া উজ্জ্বলিত হয়। ইন্দ্রিয় জ্ঞানক্রিয়া বা বৃত্তি জন্মায় বলিয়া করণ, এবং আত্মা তাহা উজ্জ্বলিত বা প্রকাশিত করেন ও তন্ময় হন বলিয়া দ্রষ্টা) ২৯।

বুদ্ধি (মহৎ), অহং ও মন, —এই তিনের স্বীয় স্বীয় লক্ষণ অর্থাৎ নির্দ্দিষ্ট ধর্ম্মগুলিই উহাদের পরস্পরকে বিধর্ম্মী বা পৃথক্ করায়। (বুদ্ধির স্বলক্ষণ বা স্বধর্ম্ম অধ্যবসায়, অহঙ্কারের স্বলক্ষণ অভিমান, এবং মনের স্বলক্ষণ সংকল্প বিকল্প) ৩০।

প্রাণ ও অপান প্রভৃতি পাঁচ প্রকার জীব-বায়ু পূর্ব্বোক্ত করণ-ত্রয়ের সাধারণী বৃত্তি। (অর্থাৎ উহা বুদ্ধি, অহং ও মন,—এই তিনের দ্বারাই উত্থাপিত, বিধৃত, সঞ্চারিত ও প্রসারিত হইতেছে)। ৩১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

ক্রমশোঽক্রমশশ্চেন্দ্রিয়বৃত্তিঃ ॥ ৩২ ॥

ক্রমশঃ—যথা মন্দালোকে চৌরং দৃষ্ট্বা ইন্দ্রিয়েণ বস্তু বিচারয়তি, ততশ্চৌরোঽয়মিতি মনসা সঙ্কল্পয়তি, ততো ধনং গৃহ্লাতীত্যহঙ্কারেণাভিমন্যতে, ততশ্চৌরং গৃহ্লামীতি বুদ্ধ্যাঽধ্যবস্যতি। অক্রমশ্চ, রাত্রৌ বিদ্যুদালোকে ব্যাঘ্রং দৃষ্ট্বা ঝটিতি অপসরতি; তত্র চতুর্ণামেকদা বৃত্তিঃ। যদ্যপি বৃত্তীনামেকদাঽসম্ভবাত্তত্রাপি ক্রম এব, তথাপ্যুৎপলশতপত্রব্যতিভেদবদবভাসনাদক্রম ইত্যুক্তমিতি ॥ ৩২ ॥

কতি বৃত্তয়ঃ ? তত্রাহ—

বৃত্তয়ঃ পঞ্চতয্যঃ ক্লিষ্টা অক্লিষ্টাশ্চ ॥ ৩৩ ॥

প্রমাণবিপর্য্যয়বিকল্পনিদ্রাস্মৃতয়ঃ। প্রত্যক্ষানুমানশব্দাঃ প্রমাণানি। বিপর্য্যয়ো মিথ্যাজ্ঞানমতদ্রূপপ্রতিষ্ঠম্। বিকল্প উভয়স্পৃক্ জ্ঞানম্। নিদ্রা তমোঽবলম্বি জ্ঞানম্। স্মৃতিরতীতজ্ঞানম্ ক্লিষ্টাঃ ক্লেশযুক্তা রজস্তমোময্যঃ। অক্লিষ্টাঃ সত্ত্বময্যো দগ্ধক্লেশাঃ ॥ ৩৩॥

বৃত্তিনিবৃত্তৌ মুক্তিরিত্যাহ—

ইন্দ্রিয়গণ কখন ক্রমনিয়মে, কখন বা অক্রমে অর্থাৎ যুগপৎ (এক সময়ে) প্রবৃত্ত হয় (আপন আপন কার্য্য করে)। ভাবিয়া দেখ, মনুষ্য প্রথমে ইন্দ্রিয়ের দ্বারা বস্তু গ্রহণ, পরে মনের দ্বারা "ইহা অমুক" ইত্যাকার সংকল্প, তৎপরে অহঙ্কারের দ্বারা "এ আমার ইহা করিবে" এতদ্রূপ অভিমনন, সর্ব্বশেষে তাহার উপযুক্ত ব্যবহার বুদ্ধির দ্বারা অধ্যবসিত বা নিশ্চিত করে। আবার ইহাও দেখা যায় যে, ঐ সকল কার্য্য কখন কখন এক সময়েই নির্ব্বাহ পায়। ৩২ *

অন্তঃকরণের প্রমাণ, বিপর্য্যয়, বিকল্প, নিদ্রা ও স্মৃতি,—এই পাঁচ প্রকার বৃত্তি আছে। বৃত্তি সকল দ্বিবিধ। ক্লিষ্ট ও অক্লিষ্ট যাহা রজস্তমো ময়ত্ত অজ্ঞানাদি-

---

*বস্তুতঃ এক সময়ে বহু ইন্দ্রিয়ের কার্য্য হয় না ; ক্রমশঃই হয়। একশত পদ্ম পত্র একযোগে বিদ্ধ হইতে দেখিয়া লোকে যেমন বলে, এককালে বিদ্ধ হইয়াছে বস্তুতঃ তাহা এককালে বিদ্ধ হয় নাই ক্রমশঃই হইয়াছে, ইন্দ্রিয়বৃত্তির যোগপদ্য তদ্রূপ জানিবেন।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

तन्निवृत्तावुपशान्तोपरागः स्वस्थः ॥ ३४ ॥

वृत्तिनिवृत्तौ चयितावियास्मितारागद्वेषाभिनिवेशः स्वस्थः स्वरूपं लभत इत्यर्थः ॥ ३४ ॥ दृष्टान्तमाह—

कुसुमवच्चमणिः ॥ ३५ ॥

यथा जबाकुसुमसंसर्गात् स्फटिके लौहित्यं, तदपगमात् स्फटिकः स्वरूपेणावतिष्ठते, तथा सोऽपीति ॥ ३५ ॥ करणानां तुल्यत्वात् सर्व्वदा तुल्यरूपता स्यादित्यत्राह—

पुरुषार्थं करणोद्भवोऽप्यदृष्टोल्लासात् ॥ ३६ ॥

न तुल्यता, करणोद्भवानुद्भवाभ्यां विशेषात्; विशेषश्चादृष्टोल्लासात् बलवत्तरत्वात् ॥ ३६ ॥ दृष्टान्तमाह—

ক্লেশের জনক তাহা ক্লিষ্ট এবং যাহা শুদ্ধসত্ত্বময় তাহা অজ্ঞানাদি ক্লেশের দাহক বা নাশকবলিয়া অক্লিষ্ট। (পাতঞ্জল দর্শনের অনুবাদে প্রমাণ প্রভৃতি মনোবৃত্তির বিস্তৃত বর্ণনা করিয়াছি, দেখুন)। ৩৩

ঐ সকল বৃত্তি নিবৃত্ত হইলে, অনুত্থিত হইলে (না উঠিলে), মন অভাব প্রাপ্তের ন্যায় হয়; কাযেই পুরুষ বা আত্মা তখন উপরাগশূন্য হওয়ায় স্বরূপস্থ প্রাপ্ত হন। মনোবৃত্তিতে উপরক্ত বা প্রতিবিম্বিত না হইলেই আত্মা আপন স্বরূপে অবস্থিত থাকেন, কাযেই মোক্ষ হয়। ৩৪

জবা ফুল উঠাইয়া লইলে স্ফটিক মণি যেমন স্বীয়রূপে প্রতিষ্ঠিত হয়, আত্মাও তেমনি মনোবৃত্তির নিবৃত্তিতে স্বরূপপ্রতিষ্ঠ হন। ৩৫

পুরুষের নিমিত্তই ইন্দ্রিয়গণের উদয় (মনোবৃত্তির উদ্রেক) হয় সত্য; কিন্তু তাহা অদৃষ্টের যোগ ব্যতীত হয় না। (অভিপ্রায় এই যে, ইন্দ্রিয় প্রবর্ত্তক অদৃষ্টের অর্থাৎ পূর্ব্বসঞ্চিত সংস্কারের প্রবল প্রেরণা ব্যতীত ইন্দ্রিয়গণ বৃত্তি প্রসব করিতে পারে না এবং সেই সকল অদৃষ্ট বা কর্ম্মবীজ যদি জ্ঞানাগ্নির দ্বারা বা যোগাগ্নির দ্বারা দগ্ধ হইয়া যায় তাহা হইলে তাহা হইতে আর বৃত্তি উঠে না। ৩৬

যেমন দুগ্ধবতী গাভি বৎসের উদ্দেশে দুগ্ধ নিঃস্রাব করে; সেইরূপ,

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

ধেনুবদ্বৎসায ॥ ৩৭ ॥

যথা ধেনুত্বেন তুল্যত্বেऽপি, যা ক্ষীরিণী, সা বৎসং পুষ্ণাতি, তথেতি ॥ ৩৭ ॥ বাহ্যান্তরভেদাৎ কতি করণানীত্যত্রাহ—

করণং ত্রয়োদশবিধমবান্তরভেদাৎ ॥ ৩৮ ॥

আন্তরাণি বুদ্ধ্যহঙ্কারমনাংসি। বাহ্যানি দশ চক্ষুরাদীনীন্দ্রিয়াণি ॥ ৩৮ ॥ ইন্দ্রিয়েষু কথং করণত্বমিত্যত্রাহ—

ইন্দ্রিয়েষু সাধকতমত্বযোগাৎ কুঠারবৎ ॥ ৩৯ ॥

যথা সাধকতমত্বেন কুঠারে করণত্বং, তথেন্দ্রিয়েষ্বপি ইতি ॥৩৯। ত্রয়োদশ করণানাং কার্য্যমাহ—

দ্বয়োঃ প্রধানং মনো লোকবৎ ভৃত্যবর্গেষু ॥ ৪০ ॥

দ্বয়োর্বুদ্ধীন্দ্রিয়-কর্মেন্দ্রিয়যোঃ প্রধানং মনঃ, তদধিষ্ঠানাদেবৈষাং প্রবৃত্তেঃ। যথা লোকে ভৃত্যেষু স্বামীতি ॥ ৪০ ॥ যুক্তিমাহ—

অব্যভিচারাৎ ॥ ৪১ ॥

ব্যক্তম্ ॥ ৪১ ॥ যুক্ত্যন্তরমাহ—

ইন্দ্রিয়গণও স্বাত্মীকৃত পুরুষের উদ্দেশেই বৃত্তি প্রসব করে, অন্যের নিকট নিরুদ্ধ থাকে। ৩৭

অবান্তর প্রভেদ গণনা করিলে ইন্দ্রিয়গণের সংখ্যা একাদশ না হইয়া ত্রয়োদশ হয় (পাঁচ পাঁচ দশ বাহেন্দ্রিয়, আর বুদ্ধি, মন, অহঙ্কার, এই তিন আন্তরেন্দ্রিয়)। ৩৮

যেমন ছেদন-ক্রিয়ার প্রধান সাধক কুঠার ; তৎকারণে লোকে তাহাকে "করণ বলে ; সেইরূপ জ্ঞানক্রিয়ার প্রধান সাধক বলিয়া ইন্দ্রিয়গণকেও "করণ" বলা যায়। ৩৯

মন ভৃত্যদিগের মধ্যে প্রভুর ন্যায় উভয় ইন্দ্রিয়ের মধ্যে শ্রেষ্ঠ ও প্রভু (যেহেতু মন সমুদয় ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা ; যেহেতু সকল ইন্দ্রিয়ই মনের অধীন, সেই হেতু মনই প্রধান ; অন্য সকল অপ্রধান অর্থাৎ তাহার অঙ্গীভূত)। ৪০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

igitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

তথাশেষসংস্কারাধারত্বাৎ ॥ ৪২ ॥

নষ্টেন্দ্রিয়াণামপি সংস্কারদর্শনাদিতি ॥ ৪২ ॥ ন্যায়মাহ—

স্মৃত্যানুমানাচ্চ ॥ ৪৩ ॥

ইন্দ্রিয়ং বিনাঽপি স্মৃতিদর্শনাম্মনোঽনুমীয়তে ॥ ৪৩ ॥ আত্মাধারঃ সংস্কারঃ, ইত্যত্রাহ—

সম্ভবেন্ন স্বতঃ ॥ ৪৪ ॥

স্বত আত্মনো ন সম্ভবেৎ, কূটস্থনির্গুণত্বাদিতি ॥ ৪৪ ॥ করণত্বে তুল্যে কিংনিবন্ধনো গুণপ্রধানভাবঃ ? ইত্যত্রাহ—

আপেক্ষিকো গুণপ্রধানভাবঃ ক্রিয়াবিশেষাৎ ॥৪৫॥

স্পষ্টম্ ॥ ৪৫ ॥ নিরভিসন্ধানাত্মা পরঃ পরার্থং প্রবর্ত্ততে ? ইত্যত্রাহ—

মনকে ছাড়িয়া কোনও ইন্দ্রিয় কার্য্য করিতে পারে না, প্রবৃত্ত হইতে ও পারে না। (এহেতুতেও মন শ্রেষ্ঠ)। ৪১

মন অশেষ সংস্কারের আধার। (ইন্দ্রিয় বিনাশ হইলেও মনোমধ্যে পূর্ব্বানুভূত বিষয়ের সংস্কার থাকা সপ্রমাণ হয়)। ৪২

স্মৃতির (স্মরণ-শক্তির) দ্বারাও মনের অস্তিত্ব ও প্রধান্য অনুমিত হইতে পারে। (ইন্দ্রিয়-নাশ হইয়াছে, এরূপ অবস্থাতেও যখন পূর্ব্বানুভূত বস্তুর স্মরণ হয়, তখন আর মন সংস্কারাধার নহে, এরূপ বলিতে পার না)। ৪৩

ভাবিতে পারেন; আত্মাই সংস্কারের আশ্রয় বা আধার ; পরন্তু তাহা সুসম্ভব নহে। নিষ্ক্রিয়স্বভাব আত্মা সক্রিয় বস্তুসম্বন্ধব্যতীত স্বরূপতঃ সংস্কারাধার হইতে পারেন না। ৪৪

মনই প্রধান, অন্য ইন্দ্রিয় অপ্রধান, এরূপ প্রধান অপ্রধান নির্ব্বাচন কেবল ক্রিয়াবিশেষ অনুসারে আপেক্ষিক (অপেক্ষাকৃত)। ৪৫

যদি ও অভিসন্ধি ব্যতীত প্রবৃত্তি সম্ভব হয় না, অচেতন দ্রব্যেরও অভিসন্ধি নাই, তথাপি বুদ্ধিপ্রতিবিম্বিত পুরুষ কর্ম্ম উপার্জ্জন করে বলিয়া, বুদ্ধ্যাদির তাদৃশী প্রবৃত্তিকে (কর্ম্মরূপ পরিণামকে) ইহ শাস্ত্রে পুরুষার্থপ্রবৃত্তি অর্থাৎ পুরুষনিমিত্তক

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

itized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

तत्कर्म्मार्जितत्वात्तदर्थमभिचेष्टा लोकवत् ॥४६॥

बुद्धिप्रतिविम्बितपुरुषकर्म्मार्जितत्वात् पुरुषार्थमभिचेष्टा प्रवर्त्तनं बुद्ध्यादीनां ॥ ४६ ॥

समानकर्म्मयोगे बुद्धेः प्राधान्यं लोकवल्लोकवत् ॥४७॥

यथा लोके ग्रामाध्यक्षात् द्रव्याध्यक्षः श्रेष्ठः, तस्मादपि राजेति, तथा मनो बुद्ध्यर्थं प्रवर्त्तते, इति सर्वप्रधाना बुद्धिरिति। समानकर्म्म-योगे पुरुषार्थं तुल्यक्रियायोगेऽपि सर्वेषामिति। लोकवदिति वीप्साऽध्यायसमाप्तौ ॥ ४७ ॥

इति कापिलसांख्यप्रवचनसूत्रवृत्तौ प्रधानकार्य्याध्यायो द्वितीयः ॥ २ ॥

পরিণাম, এইরূপে অভিহিত করা হয় বিশেষ এই যে, মন্তব্য বিষয়ে মন প্রধান. মন অপেক্ষা অহঙ্কার, অহঙ্কার অপেক্ষা বুদ্ধি প্রাধান অর্থাৎ পুরুষের সর্ব্বার্থ সাধিকা। ৪৬।৪৭।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

অথ তৃতীয়ো-

বৈরাগ্যাধ্যায়ঃ।

প্রধানকার্য্যনিরূপণানন্তরং বৈরাগ্যার্থং তৃতীয়াধ্যায়ারম্ভঃ।

অবিশেষাদ্বিশেষারম্ভঃ॥ ১॥

অবিশেষাল্ভূতসূক্ষ্মাদ্বিশেষস্য মহাভূতস্যারম্ভঃ॥ ১॥

তস্মাচ্ছরীরস্য॥ ২॥

তস্য মাংসাদিময়বিচারান্নির্বিদ্যতে॥ ২॥ উৎপত্তির্দর্শিতা, নাশঃ কুত ইত্যত আহ—

তদ্বীজাৎ সংসৃতিঃ॥ ৩॥

তস্য ভূতারম্ভস্য কারণাদ্ধর্ম্মাধর্ম্মাৎ সংসরণং নাশঃ॥ ৩॥

ভূতানামারম্ভক স্বভাবত্বে সর্বদারম্ভাদনির্মোক্ষঃ? ইত্যত আহ—

আবিবেকাচ্চ প্রবর্ত্তনমবিশেষাণাম্॥ ৪॥

বিবেকজ্ঞানপর্য্যন্তম্ আরম্ভকস্বভাবত্বম্ ভূততন্মাত্রাণাং॥ ৪॥

অবিবেকিনং প্রত্যারম্ভকত্বে মহাপ্রলয়েঽপি তং প্রত্যারম্ভকত্বং স্যাদিত্যাহ—

যাহাদের কোন বিশেষভাব নাই, বিস্পষ্ট গুণ নাই, প্রত্যক্ষযোগ্য ভেদক ধর্ম্ম নাই, সেই সকল সূক্ষ্মভূত বা তন্মাত্রা হইতে মহাভূত সকল (পৃথিব্যাদি স্থূলভূত) উৎপন্ন হইয়াছে। ১

মহাভূত হইতে শরীরসৃষ্টি হইয়া থাকে।

শরীরোৎপত্তির বীজ বা নিমিত্ত-কারণ ধর্ম্ম ও অধর্ম্ম। যতকাল ধর্ম্মাধর্ম্ম উপার্জ্জন করিবে তত কালই শরীর হইবে এবং ধর্ম্মাধর্ম্ম নিরুদ্ধ হইলে শরীরোৎপত্তিও নিরুদ্ধ হইবে। ২।৩।

অবিশেষ সকল অর্থাৎ সূক্ষ্মভূত সকল বিবেক-জ্ঞান না হওয়া পর্য্যন্ত কার্য্যে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

উপভোগাদিতরস্য ॥ ৫ ॥

অবিবেকিন উপভোগাৎ মহাপ্রলয়ে শরীরাভাবাৎ কুত উপভোগঃ ? ইতি ন তং প্রত্যারম্ভকত্বং ॥ ৫ ॥ অনারম্ভকত্বে তু কুতো বিশেষাদ-বিবেকিনং প্রতি পুনরারম্ভকত্বমিত্যত্রাহ—

সম্প্রতি পরিষ্বক্তো দ্বাভ্যাম্ ॥ ৬ ॥

সম্প্রতি সংসৃতিকালে দ্বাভ্যাং ধর্ম্মাধর্ম্মাভ্যাং পরিষ্বক্তঃ গমাগম-পরিষ্বঙ্গী, প্রলয়েঽপি ধর্ম্মাধর্ম্মানুবদ্ধ আত্মেতি তং প্রতি পুনরারম্ভঃ, মুক্তো ন তথেতি ॥৬। নিত্যত্বে তু মুক্তঃ কথং পারতন্ত্র্যম্ ? ইত্যত্রাহ—

মাতাপিতৃজং স্থূলং প্রায়শ ইতরন্ন তথা ॥ ৭ ॥

প্রায়শ ইতি হৃষ্যত্বাৎ। ইতরৎ সূক্ষ্মশরীরং ন তথা, দুরূহ-ত্বাৎ ॥ ৭ ॥ দ্বয়োর্দেহয়োঃ কস্য ভোগঃ ইত্যত্রাহ—

প্রবৃত্ত থাকে অর্থাৎ শরীর জন্মায়। (অভিপ্রায় এই যে, ভূতগণের শরীরোৎ-পাদিকা শক্তি বিবেক-জ্ঞানের নাশক; সুতরাং বিবেক জ্ঞান না হওয়া পর্য্যন্ত উহাদের ঐ শক্তি থাকে; প্রলয়কালেও থাকে)। ৪

উপভোগ অবিবেকীর—বিবেকরহিত ব্যক্তিরই ধর্ম্ম তাহাও আবার দেহ সাপেক্ষ; প্রলয়কালে সেই দেহ নাথাকায় উপভোগের সম্ভাবনা কোথায় ? সুতরাং তাহার উদ্দেশ্যে সৃষ্টির আরম্ভ হইতে পারে না। ৫

যদি আরম্ভ না হয়, তাহা হইলে সৃষ্টিরও উপপত্তি হয়না তদুত্তরে বলিতেছেন—অবিবেকী আত্মা ধর্ম্মাধর্ম্মে পরিষ্বক্ত থাকে, অনুবিদ্ধ থাকে, জড়িত থাকে, অথবা মিশ্রিতপ্রায় হইয়া থাকে, মহাপ্রলয় হইলেও তাহার ধর্ম্মাধর্ম্মরূপ শরীরবীজ নষ্ট হয় না; তজ্জন্য তাহার সম্প্রতিকালেও (প্রলয়াবসানে বা সৃষ্টিকালেও) শরীর হয়। ৬

স্থূল শরীর প্রায়ই মাতৃ-পিতৃ-জাত; পরন্তু সূক্ষ্মশরীর সেরূপ নহে অর্থাৎ মাতৃ-পিতৃ-জাত নহে। অনেক শরীর যোনিসংসর্গ ব্যতীতও উৎপন্ন হয়, অনেক মনুষ্য অযোনিসম্ভব হইতে দেখা যায়, এই কারণে "প্রায়" এই শব্দের উল্লেখ করা হইয়াছে)। ৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

পূর্ব্বোৎপত্তেস্তৎকার্য্যত্বং ভোগাদেকস্য নেতরস্য ॥৮॥

পূর্ব্বোৎপত্তেঃ প্রথমোৎপত্তেঃ সূক্ষ্মশরীরস্য ভোগাদেকস্য তস্য, নেতরস্য স্থূলস্য তৎকার্য্যত্বং স্থূলশরীরস্য তু গৌণোভোগঃ মৃতশরীরে ভোগাদর্শনাৎ ॥ ৮ ॥ কতিভিস্তত্ত্বৈঃ সূক্ষ্মশরীরারম্ভ ? ইত্যত্রাহ—

সপ্তদশৈকং লিঙ্গম্ ॥ ৯ ॥

সপ্তদশ চ একং চ অষ্টাদশ তৈর্লিঙ্গং সূক্ষ্মদেহ উৎপদ্যতে। বুদ্ধ্যহঙ্কারমনাংসি পঞ্চ সূক্ষ্মভূতানি দশেন্দ্রিয়াণি চেতি ॥ ৯ ॥ সূক্ষ্মদেহস্য সর্ব্বত্র তুল্যত্বাৎ কথং পুত্তিকাহস্তিদেহানাং বিসদৃশানাং তস্মাদুৎপত্তিঃ ? ইত্যত্রাহ—

ব্যক্তিভেদঃ কর্ম্মবিশেষাৎ ॥ ১০ ॥

ব্যক্তম্ ॥ ১০ ॥ যদ্যাত্মা অন্যঃ, কথং দেহোঽহমিত্যভিমানঃ ? ইত্যত্রাহ—

সূক্ষ্ম শরীর সকল সর্ব্ব প্রথমে অর্থাৎ আদিসৃষ্টিকালে ধর্ম্মাধর্ম্মরূপ নিমিত্তের দ্বারা সূক্ষ্মভূতাদির যোগে উৎপন্ন হইয়াছিল; তৎপরে তাহাতে ক্রিয়াবিশেষ দ্বারা স্থূল শরীর জন্মিয়াছে, জন্মিতেছে ও জন্মিবে। অতএব, মুখ্যকল্পে সূক্ষ্ম শরীরেই সুখদুঃখাদির ভোগ হয়, স্থূলশরীরে তাহার সংক্রমমাত্র হয়। স্পষ্ট কথা এই যে সুখদুঃখভোগ স্থূল শরীরে হয় না, সূক্ষ্মশরীরেই হয়। ৮

লিঙ্গশরীর অর্থাৎ সূক্ষ্মশরীর সকল সপ্তদশ ও এক অর্থাৎ অষ্টাদশ তত্ত্বের সম্মিলন বা সমষ্টি স্বরূপ। (বুদ্ধি, অহং, মন, পাঁচ প্রকার সূক্ষ্ম ভূত ও দশ প্রকার ইন্দ্রিয়,—এই অষ্টাদশ তত্ত্বের দ্বারা সূক্ষ্মশরীর জন্মিয়াছে)। ৯

সব লিঙ্গশরীর সমান হইলেও তৎকৃত কর্ম্মের অর্থাৎ ধর্ম্মাধর্ম্মাদিরূপ শরীরবীজের প্রভেদ থাকাতে স্থূলশরীরের ভোগের তারতম্য হইয়া থাকে। (সব লিঙ্গ শরীর সমান বটে; কিন্তু তাহাদের কর্ম্ম সকল সমান বা একরূপ নহে। সেই কারণেই হস্তিশরীর এক প্রকার এবং পুত্তিকা-কীটের শরীর অন্য প্রকার। হস্তীর সুখ দুঃখ এক প্রকার; কীটের সুখদুঃখ অন্য প্রকার)। ১০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

তদধিষ্ঠানাশ্রয়ে দেহে তদ্বাদাত্তদ্বাদঃ ॥ ১১ ॥

আত্মাধিষ্ঠানাশ্রয়ে দেহে ভোগাদাত্মবাদাত্ দেহে অহমিত্যভিমান-বাদঃ ॥ ১১ ॥ অত্র দৃষ্টান্তমাহ—

ন স্বাতন্ত্র্যাত্তদৃতে চ্ছায়াবচ্চিত্রবচ্চ ॥ ১২ ॥

যদ্যাত্মনা বিনা দেহেঽহমিতি প্রত্যয়ঃ তদা মৃতদেহেঽহমিতি প্রত্যয়ঃ স্যাত্। ন চৈবম্। যথা আবরকেণ বিনা ন চ্ছায়া, ভিত্তিং বিনা ন চিত্রং, তথাত্রাপীতি ॥ ১২ ॥ সূক্ষ্মদেহ এবাত্মা ভবিষ্যতী-ত্যত্রাহ—

মূর্ত্তত্বেঽপি ন সংঘাতযোগাত্তরণিবত্ ॥ ১৩ ॥

সংঘাতত্বান্মূর্ত্তঃ, মূর্ত্তত্বাত্ পরার্থঃ। তরণিবদিতি, যথা প্রকাশত্বেঽপি মূর্ত্তত্বান্নাদিত্যস্যাত্মত্বং তথেতি ॥ ১৩ ॥ মন আত্মা ভবি-ষ্যতীত্যত্রাহ—

দেহে আত্মার অধিষ্ঠান থাকাতেই অজ্ঞ লোক দেহের উপর আত্মবাদ স্থাপন করে অর্থাৎ আমি আমি করে। (আত্মা লিঙ্গদেহে অধিষ্ঠিত থাকায়, প্রতিবিম্বিত থাকায়, তন্নিষ্ঠ ভোগ তাঁহাতে আরোপিত হইতেছে। প্রতিবিম্বের দ্বারা তিনি তদ্ভাবাপন্ন হইয়া আছেন তাই তিনি আত্মহারা হইয়া সুখে ও দুঃখে অভি-ভূত হইতেছেন, আমি আমি করিতেছেন, বস্তুতঃ আমিত্ব নাই বা কিছুই নহে।১১

তিনি যদি স্বতন্ত্র অর্থাৎ দেহ হইতে পৃথক্ বস্তু না হইতেন তাহা হইলে কোনও ক্রমে এই ভৌতিক দেহে অহং-অভিমান জন্মিত না (আত্মা না থাকিলে কেবল দেহ কি কখন আমি আমি করে? মৃত শরীর কি আমি আমি করে?) অতএব যেমন আবরক ব্যতীত ছায়া থাকে না, ভিত্তি ব্যতীত চিত্র থাকে না, তেমনি আত্মা ব্যতীত কেবল দেহে অহং-প্রত্যয় হয় না, থাকেও না)। ১২

সূক্ষ্ম শরীরই আত্মা, এরূপ ভাবিতে পার না। হেতু এই যে, সূক্ষ্ম শরীরটী মূর্ত্ত অর্থাৎ পরিচ্ছিন্নপরিমাণযুক্ত এবং তাহা বহুর সংঘাত। প্রকাশ-শক্তি থাকিলেও সূর্য্য যেমন মূর্ত্ত বলিয়া আত্মা নহে, তদ্রূপ, প্রকাশ-শক্তি সত্ত্বেও লিঙ্গশরীর আত্মা নহে। ১৩

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

अणुपरिमाणं तत्कृतिश्रुतेः ॥ १४ ॥

मनोऽणुपरिमाणं, तत्क्रियायां श्रुतिदर्शनात्। अथ व्यापकस्य निरुपाधेर्नेन्द्रियत्वमित्युपाधिर्वक्तव्यः; यदि कर्णशष्कुलीवन्नियतावयवस्योपाधित्वं, तदा तावन्मात्रे वृत्तिलाभो नान्यत्रेति श्रोत्रवत् प्रसज्येत। ततश्च देहमात्रमुपाधिर्वक्तव्यः। तथाच तदवच्छेदेन वृत्तिलाभे 'शिरसि मे वेदना' पादे मे सुखं' इत्यव्याप्यवृत्तित्वप्रतीतिविरोधः। युगपज्ज्ञानानुत्पत्तिरपि मनसोऽणुत्वमाह। न्यायस्वान्यत्र प्रपञ्चित इति ॥ १४ ॥ हेत्वन्तरमाह—

तदन्नमयत्वश्रुतेः ॥ १५ ॥

तस्य मनसोऽन्नमयत्वे श्रुतिरस्ति। अन्नमयत्वेन च सौम्यत्वं दर्शितम्। सौम्यत्वञ्च चन्द्ररूपत्वमिति। न चात्मा चन्द्रः। श्रुतिश्च "अन्नं वै प्राणाः" प्राणश्च चन्द्रमयो ज्ञेयः। "चन्द्रमा मनसो जातः" इति। तस्मादणु मनः, नात्मेति ॥ १५ ॥

पुरुषार्थं महदादीनां प्रवृत्तिः संसृतिः किमर्थं मित्यत्राह—

पुरुषार्थं संसृतिर्लिङ्गानां सूपकारवद्राज्ञः ॥ १६ ॥

यथा प्रवृत्तिस्तथा संसृतिः संसृतौ च मरणदुःखमिति निर्विण्णो भवति सूपकारवदिति परार्थमेव प्रवृत्तिः ॥ १६ ॥ विप्रतिपत्तौ सत्यां स्वपक्षमाह—

মনঃ ও আত্মা নহে। হেতু এই যে মন অণুতুল্য ও সক্রিয়। (যাহা অব্যাপক ও বিকারী তাহা আত্মা নহে, ইহা নিশ্চিত আছে)। ১৪

শ্রুতি মনকে অন্নময় অর্থাৎ অন্নের যোগে হ্রাসবৃদ্ধি হয় বলিয়াছেন; তাহাতেও মনের আত্মত্ব নিষেধ হইয়াছে। ১৫

রাজার পাচক যেমন রাজার জন্যই পাকশালায় সঞ্চরণ করে, তদ্রূপ, লিঙ্গ-দেহও পুরুষের জন্যই সংসরণ (ইহ-পর-লোকে যাতায়াত) করে। (ফলিতার্থ এই যে, লিঙ্গদেহের কোন উদ্দেশ্য বা অভিপ্রায় না থাকিলেও কর্ম্মের প্রেরণায়

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

पाञ्चभौतिको देहः ॥ १७ ॥

स्पष्टम् ॥ १७ ॥ का विप्रतिपत्तिरित्यत्राह—

चातुर्भौतिकमित्यन्ये ॥ १८ ॥

आकाशपरित्यागेन चातुर्भौतिकशरीरमित्यन्ये ॥१८॥ मतान्तरमाह—

ऐकभौतिकमित्यपरे ॥ १९ ॥

पार्थिवं शरीरमिति ॥ १९ ॥ देहचैतन्यं निरस्यति—

न सांसिद्धिकं चैतन्यं प्रत्येकादृष्टेः ॥ २० ॥

भूतेषु पृथक् कृतेषु चैतन्यादर्शनान्न भौतिकस्य देहस्य स्वभावचैतन्यं ; अतएव मिलितानाञ्च चैतन्यं नाशङ्कनीयम् । जन्तवोहि प्रत्येकं क्षुद्रजन्तुसंयमनशक्तिमन्तो मिलितास्ते हस्तिनमपि संयमयन्ति, न चैवं भूतानीति न देहचैतन्यम् ॥ २० ॥ दूषणान्तरमाह—

ও আত্মচৈতন্যের সন্নিধান বশতঃ ইহ-পর-লোকগামী হয় এবং তাহারই ফলাফল বা বিকার সকল আত্মাতে গিয়া উপচারক্রমে উপভুক্ত হয়)। ১৬

এই স্থূল দেহ পাঞ্চভৌতিক অর্থাৎ পঞ্চভূতের বিকার। ১৭

কোন ব্যক্তি বলেন, ইহা চাতুর্ভৌতিক অর্থাৎ চারিভূতের যোগে উৎপন্ন। (এই মতে আকাশ পদার্থই নহে ; অথবা নির্বিকারস্বভাব বলিয়া আকাশ কাহারও জনক হয় না)। ১৮

অন্যে বলেন, ইহা ঐকভৌতিক অর্থাৎ কেবলমাত্র পৃথ্বীভূতের বিকার। ১৯

দেহে যে চৈতন্যনামক পদার্থ আছে, তাহা এই ভৌতিক দেহের সাংসিদ্ধিক (স্বাভাবিক) ধর্ম্ম নহে ; তাহা ঔপাধিক অর্থাৎ আত্মার অধিষ্ঠান-নিমিত্তক। হেতু এই যে, কোনও ভূতে চৈতন্য থাকা সপ্রমাণিত হয় না অভিপ্রায় এই যে চৈতন্য পদার্থটী প্রত্যেক ভূতের ও মিলিত ভূতের স্বভাব বা ধর্ম্ম নহে। চৈতন্য বা আত্মা নিত্যও পৃথক্ পদার্থ)। ২০

দেহের স্বভাব চৈতন্য, ইহা সত্য হইলে ; কাহারও মরণ ও সুপ্তিমূর্চ্ছাদি হইত না। নিয়ম এই যে, যাহা যাহার স্বভাব—তাহা তাহার সমকালস্থায়ী। তাপ বা

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

प्रपञ्चमरणाद्यभावश्च ॥ २१ ॥

देहस्य चेतनत्वे प्रपञ्चस्य सर्व्वस्य मरणादेरभावः, चेतनस्य नित्यत्वात्। आदिशब्दात् सुप्तिमूर्च्छयोर्ग्रहणम्। अथ चेतनस्यापि मरणं मुक्तिरिति ॥ २१ ॥ दूषणान्तरमाह—

मदशक्तिवच्चेत्, प्रत्येकपरिदृष्टे सौक्ष्म्यात्
सांहत्ये तदुद्भवः ॥ २२ ॥

यथा मदशक्तिः प्रतिपुरुषे सूक्ष्मत्वेन दृष्टा, सांहत्ये महच्छक्त्यु-द्भवाद्दृहच्छिलामपि वहन्ति, न च भूतेष्वपि प्रत्येकं सूक्ष्मं चैतन्यं दृष्टं येन सांहत्ये देहे चैतन्यं स्यात्। न सांसिद्धिकमिति सूत्रे निषिद्धं निषेधमुखेन प्रदर्शितं भवति, इह तु सूत्रे विधिमुखेनेति न पुन-रुक्तम् ॥ २२ ॥ वैराग्यादीनां पारम्पर्य्येण मुक्तिसाधनत्वमुक्तम् इदानीं साक्षान्मुक्ति- साधनमाह—

ज्ञानान्मुक्तिः ॥ २३ ॥

व्यक्तम् ॥ २३ ॥ व्यतिरेकमाह।

बन्धोविपर्य्ययात् ॥ २४ ॥

विपर्य्ययात् अज्ञानात् ॥ २४ ॥ न ज्ञानमात्रान्मुक्तिः, कर्म्मणोऽपि

ঔষ্ণ্য অগ্নির স্বভাব এজন্য যত কাল অগ্নি থাকে ততকালই তাহার তাপ থাকে। চৈতন্য যদি দেহের স্বভাব হইত তাহা হইলে উক্ত নিয়মে, যতকাল দেহ ততকালই তাহার চৈতন্য থাকিত। কাযেই কাহার মরণ হইত না, সুপ্তিমূর্চ্ছাদিও হইত না)। ২১

চৈতন্য মদশক্তির ন্যায় নহে। মদশক্তি প্রত্যেকমণ্ডবীজে সূক্ষ্ম রূপে থাকে সুতরাং সংহত হইলে তাহার উদ্ভব অর্থাৎ বিস্পষ্টবিকাশ হয়। ভূতে সূক্ষ্ম চৈতন্য থাকা সপ্রমাণ হয় না সুতরাং তাহার সংঘাতে চৈতন্যোদ্ভব দৃষ্ট হয় না এবং তাহা স্বীকার করাও যায় না। ২২

জ্ঞান হইতে মুক্তি অর্থাৎ বন্ধন-বিনাশ হয়। ২৩

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

मुक्ति साधनत्वात् । तथाच श्रुतिः । "तं विद्याकर्म्मणी समन्वारभेते पूर्वप्रज्ञाच" इति अत्राह—

नियतकारणत्वान्न समुच्चय-विकल्पौ ॥२५॥

नियतमेव कारणं ज्ञानान्मुक्तिः, कर्म्मणोभुक्तिरिति । यत्राप्यकामकर्मणः समुच्चयः श्रूयते, तत्रापि ज्ञानार्थम्, तस्मान्न समुच्चयः नापि कदाचित् ज्ञानात्, कदाचित् कर्म्मण इति विकल्पः । श्रुतिश्च वेदाऽहमेतं पुरुषं महान्तमादित्यवर्णं तमसः परस्तात् ।" "तमेव विदित्वातिमृत्युमेति, नान्यः पन्था विद्यतेऽयनाय" ॥ २५ ॥

दूषणान्तरमाह—

स्वप्नजागराभ्यामिव मायिकामायिकाभ्यां नोभयोर्मुक्तिःपुरुषस्य ॥२६॥

मायिकः स्वप्नः अमायिको जागरः । स्वप्नवत् कर्म्म, जागरवत् ज्ञानम् । तुल्यकालयोर्हि समुच्चयः, न तु स्वप्नजागरयोस्तुल्यकालत्वम् । तस्मान्न ज्ञानकर्म्मसमुच्चयः इति ॥ २६ ॥ प्रत्ययत्वात् स्वप्नप्रत्ययवत् जाग्रत्प्रत्ययस्यापि मिथ्यात्वमित्यत्राह—

জ্ঞানের বিপরীত অজ্ঞান—তদ্দ্বারা বন্ধন হয়। ২৪

জ্ঞানই মুক্তির নিয়মিত (নির্দ্দিষ্ট বা পুষ্কল) কারণ, সুতরাং তাহাতে কর্ম্মের সমুচ্চয় (জ্ঞান কর্ম্ম এক সঙ্গে) অথবা বিকল্প, উভয়ই অসম্ভব। (অভিপ্রায় এই যে, কর্ম্ম বা কর্ম্মযুক্ত জ্ঞান হইতে মুক্তি হয় না এবং কথন কর্ম্মের দ্বারা কথন বা জ্ঞানের দ্বারা এরূপ বিকল্পও তাহাতে নাই। শাস্ত্র কর্ম্মকেও মুক্তির কারণ বলিয়াছেন সত্য ; পরন্তু তাহা পরম্পরা-কারণ সাক্ষাৎকারণ নহে। অর্থাৎ নিষ্কাম কর্ম্মের দ্বারা চিত্তশুদ্ধি চিত্ত শুদ্ধির পর জ্ঞান, জ্ঞানের পর মুক্তি)। ২৫

কর্ম্ম ও জ্ঞান যথাক্রমে স্বপ্নের ও জাগ্রতের তুল্য। কর্ম্ম সকল স্বপ্নতুল্য মায়িক অর্থাৎ মিথ্যা ; কিন্তু জ্ঞান জাগ্রত্তুল্য আমায়িক অর্থাৎ সত্য। কাযেই কর্ম্মের সহিত জ্ঞানের সমুচ্চয় ঘটনা হয় না এবং সমুচ্চয় না হওয়াতে তদ্দ্বারা অথবা উভয়ের দ্বারা মুক্তি হয় না। ২৬

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

इतरस्यापि नात्यन्तिकम् ॥ २७ ॥

स्वप्नप्रत्ययस्यापि नात्यन्तिकं मिथ्यात्वं, खपुष्पवत् न वा स्वात्मन्यपि मिथ्यात्वम्। अन्यथा स्वप्न इत्येव न स्यात्। न चात्यन्तादृष्टे स्वप्नः, किन्तु जाग्रद्दृष्टेऽर्थे ॥ २७ । दृष्टकारणस्याभावात् सङ्कल्पमात्रेण योगिनां न सर्वसिद्धिरित्यत्राह—

संकल्पितेऽप्येवम् ॥ २८ ॥

नास्मदादीनां सङ्कल्पात् सिद्धिरिति योगजधर्म्मोपगृहीतानां सिद्धानामपि न भवितव्यं, तस्मान्न मिथ्येति ॥ २८ ॥ तदेवाह—

भावनोपचयाच्छुद्धस्य सर्वं प्रकृतिवत् ॥ २९ ॥

यथा महदादीनां पूर्वमपेक्ष्य कार्य्यकरणं, प्रकृतेस्तु न कार्य्यकरणे कस्याप्यपेक्षा, तथा दृष्टकारणाभावादपि। योगिनां भावनोपचयात् सर्वं संपद्यत इत्यर्थः ॥ २९ ॥ भावनार्थं ध्यानमाह—

স্বাপ্ন-জ্ঞান খপুষ্পের স্থায় নিতান্ত মিথ্যা নহে। তাহা বাসনাময় অর্থাৎ জাগ্রৎসংস্কারের সূক্ষ্মাবশেষ। অতএব, স্বপ্নের দৃষ্টান্তে জাগ্রৎকে মিথ্যা বলিয়া অনুমান করিতে পারিবে না। ২৭

সংকল্পিত বিষয়েও ঐরূপ অর্থাৎ মনঃকল্পিত বস্তুতেও স্বাপ্ন বস্তুর স্থায় মিথ্যাত্ব আছে। (সংকল্প-জ্ঞান মিথ্যা বটে; পরন্তু সকলের বা সকল সঙ্কল্প মিথ্যা নহে; যথা যোগিসংকল্প যোগিসঙ্কল্প মিথ্যা নহে)। ২৮

ভাবনা বিশেষের বলে, যোগজ-ধর্ম্মের প্রভাবে, শুদ্ধ-পুরুষের অর্থাৎ যোগি-পুরুষের সকল সঙ্কল্পই সিদ্ধ হয়। প্রকৃতি হইতে মহত্তত্ত্বের আবির্ভাব হওন পক্ষে যেমন কোনরূপ দৃষ্ট-কারণ থাকা অনুমিত হয় না, যোগিসঙ্কল্প সুসিদ্ধ হওন পক্ষেও তেমনি কোনরূপ দৃষ্ট কারণ থাকা প্রতীত হয় না। যোগিরা কেবল ভাবনা-বিশেষের দ্বারাই সংকল্পকে সত্য অর্থাৎ সফল করিয়া থাকেন। ২৯

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

igitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

রাগাপহতির্ধ্যানম্ ॥ ৩০ ॥

রাগাদ্রজোগুণাস্খলিতত্বং, তদপহতির্নিস্খলিতত্বং ধ্যানম্ ॥ ৩০॥ তৎসিদ্ধিঃ কথমিত্যত আহ—

বৃত্তিনিরোধাত্তৎসিদ্ধিঃ ॥ ৩১ ॥

বৃত্তয়ঃ প্রমাণাদয়ঃ পঞ্চ, তন্নিরোধাত্তৎসিদ্ধিঃ ধ্যানসিদ্ধিঃ ॥৩১॥ তন্নিরোধঃ কথমিত্যত আহ—

ধারণাসনস্বকর্ম্মণা তৎসিদ্ধিঃ ॥ ৩২ ॥

ধারণা নাভ্যাদিদেশে চিত্তধারণম্। আসনং স্বস্তিকাদি। অনেন যমনিয়মপ্রাণায়ামপ্রত্যাহারা উপলক্ষিতাঃ। স্বকর্ম্ম স্বজাতিবিহিতকর্ম্মানুষ্ঠানম্, ইতি বৃত্তিনিরোধসিদ্ধিঃ ॥ ৩২ ॥

নানাসনেষু স্বমতমাসনমাহ—

স্থিরসুখমাসনম্ ॥ ৩৩ ॥

যেন স্থৈর্য্যং সুখং চ স্যাৎ, তদাসনমনুষ্ঠেয়ম্ ॥ ৩৩ ॥ অন্যন্নিরোধোপায মাহ—

ভাবনা-শক্তি কেবল ধ্যানের দ্বারাই জন্মে। রাগের উপঘাত আর ধ্যান সমান কথা। রজোগুণের দ্বারা চিত্তের প্রচলন, চাঞ্চল্য বা বিষয়াভিমুখ্য জন্মিতেছে সেই বিষয়াভিমুখ্যের বা চাঞ্চল্যের নাম রাগ সেই রাগ অভাব প্রাপ্ত হইলেই অর্থাৎ চিত্ত নিশ্চল হইলেই ধ্যানসিদ্ধি জন্মে। ৩০

চিত্তনৈশ্চল্য বা ধ্যান মনোবৃত্তির নিরোধ হইতেই জন্মে ও দৃঢ় হয়। (মনের প্রমাণাদি বৃত্তি রুদ্ধ হইলেই, আর্থৎ না উঠিলেই ধ্যানসিদ্ধি হয়)। ৩১

ধারণা, আসন ও স্বকর্ম্মের অনুষ্ঠান হইতে নিরোধশক্তি জন্মে। যম নিয়ম, প্রত্যাহার,—এ গুলিও মনোবৃত্তি নিরোধের উপায়। (এ সকল কথা পাতঞ্জলদর্শনে বিস্তৃতরূপে বলা হইয়াছে)। ৩২

আসন অনেক প্রকার; তন্মধ্যে যাহা স্থৈর্য্যজনক ও সুখজনক, সাংখ্যমতে তাহাই গ্রাহ্য। ৩৩

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE Grant 2 Equipment Heritage Foundation, Jalga

নিরোধশ্ছর্দ্দিবিধারণাভ্যাম্ ॥ ৩৪ ॥

ছর্দ্দিঃ রেচকং বিধারণং কুম্ভকম্। উপলক্ষণমেতৎ, তেন পূরকোऽপি দ্রষ্টব্যঃ।। ৩৪ ।। কিং তৎ স্বকর্ম্মেত্যত আহ—

স্বকর্ম্মস্বাশ্রমবিহিতকর্ম্মানুষ্ঠানম্ ॥ ৩৫ ॥

স্পষ্টম্ ॥ ৩৫ ॥ অন্যং বৃত্তিনিরোধোপায় মাহ—

বৈরাগ্যাদভ্যাসাচ্চ ॥ ৩৬ ॥

বৈরাগ্যাদ্দ্বিবিধাৎ, অপরাৎ অলমিতি প্রত্যয়াৎ, পরাৎ জ্ঞানপ্রসাদমাত্রাৎ। অভ্যাসাৎ পৌনঃপুন্যেন ধ্যানাৎ। চঃ সমুচ্চয়ে ॥৩৬॥ বৃত্তীনামবান্তরভেদমাহ—

বিপর্য্যয়ভেদাঃ পঞ্চ ॥ ৩৭ ॥

অবিদ্যা মিথ্যাজ্ঞানং, অস্মিতা অভিমানঃ, রাগোऽনুরাগঃ, দ্বেষঃ ক্রোধঃ অভিনিবেশস্ত্রাস ইতি বিষয়েণ বিষয়ি জ্ঞানমুপলক্ষিতং ॥৩৭॥

অথশান্তিমাহ—

রেচক-পূরক-কুম্ভকাত্মক প্রাণায়ামের দ্বারাও বৃত্তিনিরোধ হয়। ৩৪

সূত্রস্থ স্বকর্ম্মশব্দের অর্থ স্বাশ্রমবিহিত কর্ম্ম। তাহা যথাবিধি অনুষ্ঠান করিতে করিতে ক্রমে নিরোধশক্তি আইসে। ৩৫

বৈরাগ্যের দ্বারা ও অভ্যাসের প্রভাবে, মনের অন্তর্বৃত্তি অর্থাৎ বাসনাত্মক সূক্ষ্ম বৃত্তিও নিরুদ্ধ হয়। (সদা সর্ব্বদা পূর্ণতৃপ্তি, নির্ম্মল জ্ঞান, বার বার ধ্যান,—এ সমস্তই মনোবৃত্তি নিরোধের উপায়)। ৩৬

বিপর্য্যয়-নামক মনোবৃত্তি পাঁচ প্রকারে বিভক্ত। অবিদ্যা (১) অস্মিতা (২) রাগ (৩) দ্বেষ (৪) অভিনিবেশ (৫)। (অবিদ্যা—মিথ্যাজ্ঞান। অস্মিতা—অভিমান—আমি, আমার, ইত্যাদি প্রকার)। রাগ—অনুরাগ—বিষয়-স্পৃহা। দ্বেষ—ক্রোধ। অভিনিবেশ—ভয় বা মরণত্রাস। এই পাঁচ প্রকার বিপর্য্যয় বৃত্তি, যোগের পরম শত্রু)। ৩৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

अशक्तिरष्टाविंशतिधा ॥ ३८ ॥

तुष्टिमाह—

तुष्टिर्नवधा ॥ ३९ ॥

सिद्धिमाह—

सिद्धिरष्टधा ॥ ४० ॥

चतुर्षु विपर्य्ययभेदमाह—

अवान्तरभेदाः पूर्ववत् ॥ ४१ ॥

पूर्ववदिति पूर्व्वाचार्य्यैरुक्ता—द्वाषष्टिर्विपर्य्ययभेदाः । प्रकृति-महदहङ्कार-पञ्चतन्मात्रेष्वात्मबुद्धिरविद्या, तमः अष्टविषयत्वादष्टधा । देवा ह्यणिमादिकमात्मीयत्वेनाभिमन्यन्ते ; सेयमस्मिता मोहोऽष्टविषयत्वादष्टधा । शब्दादिषु तन्मात्रेषु पञ्चसु दिव्यादिव्यतया रागो-महामोहः दशविषयत्वाद्दशधा । शब्दादयो दश अणिमाद्यष्टैश्वर्य्योपधानेन सहिताः ते चान्येनोपहन्यमाना इति द्वेषस्तामिस्रः अष्टादश विषयत्वात् अष्टादशधा । देवा ह्येतानुपभुञ्जाना असुरैरुपहन्यन्त इत्यभिनिवेशः त्रासः अन्धतामिस्रोऽष्टादशविषयत्वादष्टादशधा । एवं द्वाषष्टिरिति ॥ ४१ ॥ अशक्तिभेदानाह—

বিপর্য্যয়ের মূল কারণ অশক্তি। তাহা ২৮ প্রকার। ইন্দ্রিয়ের দোষে ১১ প্রকার এবং বুদ্ধির নিজদোষে ১৭ প্রকার *)। ৩৮

তুষ্টি বা সন্তোষ ৯ প্রকার ; (তুষ্টির বিঘাতে ৯ প্রকার অশক্তি থাকা দৃষ্ট হয়। ৩৯

(সিদ্ধি ৮ প্রকার। (সিদ্ধি শক্তির অভাবেও ৮ প্রকার অশক্তি থাকে। ৪০

পূর্ব্বোক্ত বিপর্য্যয় পঞ্চকের অবান্তর প্রভেদ আছে।৪১

---

* যাহা চক্ষুর দোষে দর্শন বিষয়ে অশক্তি, কর্ণের দোষে শ্রবণ বিষয়ে অশক্তি (শ্রবণ শক্তির হ্রাস বা অভাব) এইরূপ, বুদ্ধিতে অন্য ১৭ প্রকার দোষ আছে। ইহার বিস্তৃত বিবরণ পরে ব্যক্ত হইবে।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

एवमितरस्याः ॥ ४२ ॥

इतरस्याः अशक्तेः, एवमनेकधाऽष्टाविंशतिधा । एकादशेन्द्रियवधाः— "वाधिर्य्यं कुष्ठितान्धत्वजड़ताऽजिघ्रता तथा । मूकता कौण्य-पङ्गुत्वे क्लैव्योदावर्त्तमुग्धताः ।" एतद्विषया एकादश वुद्धेः । नव तुष्टयः, अष्टौ सिद्धयः, तद्विपर्य्ययेण सप्तदश वुद्धेः । एवमष्टाविंशतिरिति ।४२

तुष्टिभेदानाह—

आध्यात्मिकादिभेदान्नवधा तुष्टिः ॥ ४३ ॥

अनात्मन्यात्मवुद्ध्या प्रवर्त्तमाना आध्यात्मिकाश्चतस्रः । आदि-शब्दात्वाह्याः पञ्च । प्रकृतिविवेकदर्शनाच्चेन्मुक्तिः, सैवोपास्या ; किमात्मनेति प्रकृत्याख्या एका तुष्टिः अम्भ इत्युच्यते । विवेक-ज्ञानादपि न साक्षात् अदर्शनं व्रतग्रहणादेवभविष्यतीत्युपादानाख्या तुष्टिः द्वितीया सलिलमित्युच्यते । व्रतादपि न साक्षात्, किन्तु कालाद्भवतीति कालाख्या तृतीया तुष्टिरोघ इत्युच्यते । कालवशा-दपि न सर्वेषां मुक्तिः,किन्तु भाग्यादेवेति भाग्याख्या चतुर्थीतुष्टिर्वृष्टि-रित्युच्यते । आत्मानमधिकृत्येत्याध्यात्मिकाः । पञ्चधाविषयोपरमा-द्वाह्याः पञ्च । तथाहि—विषयार्जनदुःखादुपरमे एका तुष्टिः पारमुच्यते । रक्षणदुःखादुपरमेद्वितीया तुष्टिः सुपारमुच्यते । क्षयं भावयतो दुःखादुपरमे तृतीया तुष्टि पारपारमुच्यते । भोगदोषं भावयतोदुःखादुपरमे चतुर्थी तुष्टिरनुत्तमाम्भ उच्यते । नानुपहत्य भूतानि भोगसिद्धिरिति दुःखादुपरमे पञ्चमी तुष्टिरुत्तमाम्भ उच्यते । एवं नवधा ॥ ४३ ॥ सिद्धेर्भेदानाह—

অশক্তিরও ঐরূপ অবান্তর প্রভেদ আছে। (সমুদায়ে ৬২ প্রকার ; তাহা পূর্ব্বাচার্য্যগণ বলিয়া গিয়াছেন)। ৪২

তুষ্টি আধ্যাত্মিকাদিভেদে ৯ প্রকার। আধ্যাত্মিকী তুষ্টি ৪ প্রকার এবং

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

igitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgao

ऊहादिभिः सिद्धिरष्टधा ॥ ४४ ॥

ऊहस्तर्को मननमित्येका सिद्धिस्तारमुच्यते । शब्दज्ञानं द्वितीया सिद्धिः सुतारमुच्यते । अध्ययनं तृतीया सिद्धिः तारतारमुच्यते । गुरुब्रह्मचारिणां प्राप्तिश्चतुर्थी सिद्धिः रम्यकमुच्यते । बाह्यान्तःशुद्धिः पञ्चमी सिद्धिः, सदामुदितमुच्यते । आध्यात्मिकदुःखविघातः षष्ठी सिद्धिः प्रमोदमुच्यते । आधिभौतिकदुःखविघातः सप्तमी सिद्धिर्मुदितमुच्यते । आधिदैविकदुःखविघातोऽष्टमी सिद्धिर्मोदमानमुच्यते । एवमष्टधेति । प्राधान्येन विपर्य्ययाशक्तितुष्टिसिद्धिरिति चतुःप्रकारा, अवान्तरभेदात्पञ्चाशत् ॥ ४४ ॥

उत्तरेण पूर्वपरित्यागात् सिद्धिरित्याह—

বাহ্য-তুষ্টি ৫ প্রকার। (আত্মভাবে বা আত্মবুদ্ধিতে গৃহীত বলিয়া আধ্যাত্মিক নাম দেওয়া হইয়াছে)।* ৪৩

সিদ্ধি উহাদিভেদে ৮ প্রকার; তাহার ব্যাঘাত জনিত অশক্তিও আট প্রকার। (প্রথমতঃ উহ অর্থাৎ তর্ক বা মনন-শক্তি। ইহার অন্য নাম "তার"। দ্বিতীয়, শব্দজ্ঞানলাভ। শব্দজ্ঞানসিদ্ধির শাস্ত্রীয় নাম "সুতার"। তৃতীয়, অধ্যয়নসিদ্ধি; ইহার নামান্তর "তার তার"। চতুর্থ, সদ্‌গুরুপ্রাপ্তি। ইহার অন্য নাম রম্য। পঞ্চম অন্তঃকরণ শুদ্ধি ইহার শাস্ত্রীয় নাম 'সদামুদিত'। ষষ্ঠ, আধ্যাত্মিক দুঃখের অভাব। ইহার অন্য নাম প্রমোদ সপ্তম অধিভৌতিক দুঃখের বিনাশ ইহার অন্য নাম "মুদিত"। অষ্টম আধিদৈবিক দুঃখশান্তি শাস্ত্রে ইহাকে "মোদমানা সিদ্ধি" বলে)। ৪৪

---

* প্রকৃতিবিবেকজ্ঞানেই মুক্তি, এজন্য প্রকৃতিই উপাস্য,—ইহা ভাবিয়া সন্তুষ্ট থাকিলে সে সন্তোষ "প্রকৃতি সন্তোষ" ও "অম্ভ" ১। ব্রতধারণ (সন্ন্যাসাদি) ব্যতীত বিবেকজ্ঞান ও মুক্তি হয় না, ইহা ভাবিয়া অনেকেই ব্রতী হন, সন্তুষ্ট থাকেন, তাঁহাদের সে সন্তোষ "উপাদান" ও "সলিল" নামে বিখ্যাত (২)। ব্রতী হইলাম, কালে মুক্তি হইবে, এরূপ তুষ্টির নাম "কাল" "ওঘ" (৩)। ভাগ্যে থাকিলে মুক্তি হইবে, এরূপ তুষ্টি 'ভাগ্য" ও "বৃষ্টি" নামে খ্যাত (৪)। এতভিন্ন বিষয়ত্যাগজনিত ৫ প্রকার সন্তোষ আছে, তাহার বিবরণ এইরূপ—ধনোপার্জ্জন বড়ই

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

नेतराद्दितरहानेन विना ॥ ४५ ॥

इतरादशक्तितः इतरहानेन विपर्य्ययहानेन विना न सिद्धिः। एवं तुष्टितोऽशक्तिहानेन विना न सिद्धिः। एवं तद्धानेन विनेति ॥४५॥ सर्गे सति वैराग्यं तत्र कति सर्गभेदाः इत्यत्राह—

दैवादिप्रभेदा ॥ ४६ ॥

आदिशब्दात् षट्भेदाः। तथा चोक्तं—"दैवादिः षड्‌विधश्च स्यात् संसारः कर्म्मसम्भवः।" सुरोऽसुरोनरःप्रेतोनारकस्तिर्य्यकस्तथा स्थावरादीनां नारकेष्वन्तर्भावः ॥ ४६ ॥ प्रकृतेः प्रवृत्तिशीलत्वात् सर्वदा सृष्टौ न मुक्तिरित्यत्राह—

आब्रह्मस्तम्बपर्य्यन्तं तत्कृते सृष्टिराविवेकात् ॥४७॥

तत्कृते पुरुषकृते मोक्षार्थम् सृष्टिः। आविवेकात् विवेकपर्य्य-

---

অন্যতর হইতে অন্যতরের হানি না হইলে সিদ্ধি লাভ হয় না। অর্থাৎ অশক্তি হইতে বিপর্য্যয়-বিনাশ না হইলে এবং তুষ্টি হইতে অশক্তির বিঘাত না হইলে সিদ্ধিলাভের সম্ভাবনা নাই। তপস্যাদির দ্বারা অণিমাদি অষ্টসিদ্ধি উপস্থিত হয় বটে ; পরন্তু তাহা সংসিদ্ধি নহে। মুমুক্ষুর পক্ষে তাহা এক প্রকার উপসর্গ। ৪৫

সৃষ্টি বা দেহজন্ম দৈবাদিভেদে ৬ প্রকার। দেব, অসুর, নর, নারকী, তির্য্যক্ ও স্থাবর। ৪৬

কষ্টকর, উহাতে প্রয়োজন নাই, ইহা ভাবিয়া সন্তুষ্ট থাকিলে সে সন্তোষ "পার" (১)। ধন রক্ষা করা মহৎকষ্ট, ইহা ভাবিয়া বিষয় পরিত্যাগ পূর্ব্বক সন্তুষ্ট থাকিলে সে সন্তোষ "সুপার" (২)। ধননাশে মহদ্দুঃখ, উহা না থাকাই ভাল, ইহা ভাবিয়া সন্তুষ্ট থাকিলে,সে সন্তোষ "পার পার"(৩)। বিষয় সকল ভোগে আকর্ষণ করে, ভোগও দুঃখদায়ক উহার ত্যাগই শ্রেয়স্কর,—এইরূপ ত্যাগবুদ্ধি হইতে যে সন্তোষ জন্মে, সে সন্তোষ "অনুত্তমাম্ভ" (৪)। বিষয়সম্পর্কে হিংসাদি নানা দোষ ঘটে, দুঃখও হয় এরূপ ভাবিয়া বিষয়বিমুখ হইলে তাহার সে সন্তোষ "উত্তমাম্ভ" নামে খ্যাত (৫)। এই নয় প্রকার তুষ্টি জ্ঞানশক্তির উদ্বোধক বা উত্তেজক। ইহার অভাবে জ্ঞান-নাশক ও যোগনাশক বিপর্য্যয় বৃত্তি সকল প্রবল হইতে থাকে।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न्तम्। प्रकृतेः शीलमिदं यद् विवेकज्ञानं यावत् प्रवर्त्तते, स्वभाव-स्यानपायित्वात् ॥ ४७ ॥ कुत्र कथं सृष्टिरित्यत्राह—

ऊर्द्ध्वं सत्त्वविशाला ॥ ४८

ऊर्द्ध्वं देवलोके ॥ ४८ ॥ नागलोके सृष्टिमाह—

तमोविशाला मूलतः ॥ ४९

मूलतः मूले पाताले ॥ ४९ ॥ मर्त्त्यलोके सृष्टिमाह ॥ ५० ॥

मध्ये रजोविशाला ॥ ५०

मध्ये मर्त्त्यलोके । विशाला उद्रिक्ता ॥ ५० ॥ न न्वेकैक स्वगुणा-नामन्योऽन्यमिथुनीभावात् कथं प्रकृतेः सृष्टिवैचित्र्यमित्यत आह—

कर्म्मवैचित्र्यात् प्रधानचेष्टा गर्भदासवत् ॥ ५१

यथा गर्भदासो विचक्षणो विचित्रं कर्म्म कुरुते प्रभोरर्थाय, तथा प्रधानं पुरुषार्थं विचित्रां सृष्टिं कुरुते कर्म्मवैचित्र्यात् ॥ ५१ ॥

कर्म्मणा चेत् तल्लाभस्तर्हि उत्तरोत्तरभूमिलाभात् कृतकृत्यस्य किं मोक्षेणेत्यत्राह—

যাবৎ না বিবেক জ্ঞান হইবে তাবৎ আত্মনিমিত্তক অর্থাৎ আত্মার ভোগাপ-বর্গের জন্য সামান্য তৃণগুচ্ছ হইতে ব্রহ্মা পর্য্যন্ত উৎপন্ন হইবে অর্থাৎ সংসার-নিবৃত্তি হইবে না। ৪৭

ঊর্দ্ধে অর্থাৎ দেবলোকে সাত্ত্বিকদেহ উৎপন্ন হয়। ৪৮

মূলে অর্থাৎ নাগলোকে তমোবহুল জীব জন্মে। ৪৯

মধ্যে অর্থাৎ পৃথিবীলোকে রাজোবহুল প্রাণী উৎপন্ন হয়। ৫০

বুদ্ধিমান্ ভৃত্য যেমন প্রভুর পরিতোষার্থ বিচিত্র (বিবিধ) কর্ম্ম করে, প্রধানও তেমনি পুরুষের ভোগাপবর্গার্থ বিচিত্রা সৃষ্টি করেন। ৫১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

आवृत्तिस्तत्रापि, उत्तरोत्तरयोनियोगाद्धेयः ॥ ५२

उत्तरोत्तरविशिष्टजन्मलाभेऽपि संसार आवृत्तिः तस्माद्धेयः संसारः ॥५२॥ एतदेवाह—

समानं जरामरणादिजं दुःखम् ॥ ५३ ॥

आब्रह्मस्तम्बपर्य्यन्तम् ॥ ५३ ॥ कारणे प्रकृतौ लयादेव कृतकृत्यस्य किं मोक्षेणेत्यत आह—

न कारणलयात् कृतकृत्यता मग्नवदुत्थानात् ॥५४॥

भवेदेवं, यदि प्रकृतिलीनस्य न पुनरावृत्तिः । न त्वेवम्, पुनरावृत्तिश्रुतेः । तथाच "दश मन्वन्तराणीह तिष्ठन्तीन्द्रियचिन्तकाः । भौतिकास्तु शतं पूर्णं सहस्रं त्वाभिमानिकाः ॥ बौद्धा दश सहस्राणि तिष्ठन्ति विगतज्वराः । पूर्णं शतसहस्रन्तु तिष्ठन्त्यव्यक्तचिन्तकाः ॥ निर्गुणं पुरुषं प्राप्य कालसंख्या न विद्यते ।" यथा स्नानार्थं मग्नस्य पुनरुत्थानं, तथा प्रकृतिलीनस्येत्यर्थः ॥ ५४ ॥ नित्यत्वाद् यथा-नात्मनो वन्धस्तथा प्रधानस्यापीत्यत आह ।

अकार्य्यत्वेऽपि तद्योगः पारवश्यात् ॥ ५५

अकार्यत्वमप्रयोजकं, किन्तु परतन्त्रत्वम्, तच्च प्रकृतावस्तीति तद्योगाच्च बन्धयोगः ॥ ५५ ॥ पर आत्मा किंरूप इत्यत्राह—

কর্ম্মবলে শ্রেষ্ঠ অপেক্ষা শ্রেষ্ঠতর লোক লব্ধ হইলেও কৃতকৃত্য হওয়া যায় না। তাহার হেতু এইযে, পুনর্ব্বার ভিন্ন ভিন্ন যোনিতে প্রত্যাবর্ত্তিত বা পতিত হইতে হয়। অতএব, সংসারগতিমাত্রেই হেয় অর্থাৎ পরিত্যাজ্য। ৫২

জরামরণাদি দুঃখ সকল লোকেই সমান। ৫৩

প্রকৃতিলীন হইলেও কৃতকৃত্য হওয়া যায় না। জলমগ্ন ব্যক্তি যেমন স্নানান্তে পুনরুত্থিত হয়, প্রকৃতি লীন পুরুষও তেমনি কর্ম্ম ক্ষয়ের পর পুনরুত্থিত (সংসারী) হন। ৫৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

স হি সর্ববিৎ সর্বকর্ত্তা ॥ ৫৬

প্রকৃতিপ্রতিবিম্বিতত্বাদেবমভিমানঃ ॥৫৬॥ তাত্ত্বিকমেব কর্ত্তৃত্বং ভবতু, কিং প্রতিবিম্বকল্পনয়া ? তথাচ ন্যায়াভিমত এবেশ্বরোঽস্ত্বিত্যত্রাহ—

ঈদৃশেশ্বরসিদ্ধিঃ সিদ্ধা ॥ ৫৭ ॥

যদ্যস্মদভিমত আত্মেশ্বরোভবেৎ, ভবতু। ন্যায়াভিমতে তু প্রমাণং নাস্তি। এতচ্চ প্রথমাধ্যায়ে ঈশ্বরাসিদ্ধেরিতিসূত্রে বর্ণিতম্। দ্বিতিয়াধ্যায়েঽ"বিমুক্তবিমোক্ষার্থং"ইতিসূত্রে। স্বার্থং পরার্থঞ্চ প্রধানপ্রবৃত্তিরিত্যুক্তম্; অত্র তু স্বার্থস্য গৌণত্বম্ ॥৫৭॥ পরার্থত্বমেবাহ—

প্রধানসৃষ্টিঃ পরার্থং স্বতোঽপ্যভোক্তৃত্বাদুষ্ট্রকুঙ্কুমবহনবৎ ৫৮

চেতনস্যাপি পরার্থং প্রবৃত্তির্দৃশ্যতে, যথোষ্ট্রঃ কুঙ্কুমং বহতি। অচেতনায়াস্তু প্রকৃতেরভোক্তৃত্বাৎ পরার্থমেব প্রবর্ত্তনমিতি ॥ ৫৮ ॥ চেতনস্য প্রবৃত্তির্দৃষ্টা, নাচেতনস্যেত্যত্রাহ—

প্রকৃতি নিত্যা (অর্থাৎ জন্য পদার্থ না) হইলেও তাঁহার পরতন্ত্রতা নিবন্ধন পুরুষের বন্ধন ঘটনা হয়। (জড়রূপা প্রকৃতি স্ববশা বা স্বাধীনা নহেন, তাই তাহার সহিত পুরুষের যোগ বা প্রতিবিম্বসম্বন্ধ ঘটনা হয়, তৎকারণেই পুরুষ আপনাকে বদ্ধ বিবেচনা করেন)। ৫৫

পুরুষ, প্রকৃতিপ্রতিবিম্বিত হইয়াই সর্ব্ববিৎ ও সর্ব্বকর্ত্তা হন। (বাস্তব পক্ষে তাঁহার সর্ব্বজ্ঞতা ও সর্ব্বকর্ত্তৃত্ব নাই সুতরাং এ মতের ঈশ্বরত্ব আভিমানিক, তাত্ত্বিক নহে)। ৫৬

কথিতপ্রকার ঈশ্বর থাকাই সিদ্ধ অর্থাৎ প্রমাণগম্য। (অভিপ্রায় এই যে, মতান্তরসম্মত পৃথক্ প্রকার ঈশ্বর অসিদ্ধ অর্থাৎ প্রমাণবহির্ভূত)। ৫৭

অচেতনা প্রকৃতি নিজে অভোক্ত্রী অর্থাৎ অচেতনত্ববিধায় তাঁহার কোনরূপ

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

अचेतनत्वेऽपि क्षीरवच्चेष्टितं प्रधानस्य ।। ५९

यथा क्षीरमचेतनं वत्सार्थं प्रवर्त्तते, तथा प्रधानं पुरुषार्थं प्रवर्त्तते ॥ ५९ ॥ दृष्टान्तान्तरमाह—

कर्म्मवद्दृष्टेर्वा कालादेः ।।६०

यथा कृषीवलेन कृतं कर्म्म धान्यारोपादि कालादेव फलति ; न च वृक्षाश्चेतनाः । आदिशब्दाददृष्टं ग्राह्यम् ॥६०॥ उष्ट्रस्यापि ताड़नादि-भयाभिसन्धानात् प्रवृत्तिर्दृश्यते, नचाचेतनायाः प्रकृतेरभिसन्धान-मस्तीत्यत्राह—

स्वभावाच्चेष्टितमनभिसन्धानाद्भृत्यवत् ।। ६१

यथा गर्भदासोभृत्यः स्वामिन्यभिसंधानशून्यः स्वभावादेव चेष्टते अनभिसन्धाय कार्य्यं करोति, तथा प्रकृतिः ॥ ६१ ॥

पक्षान्तरमाह—

ভোগ নাই ; না থাকিলেও তিনি পরভোগার্থ সৃষ্টি করেন। সচেতন উষ্ট্র যখন পরভোগার্থ কুঙ্কুম বহন করে, তখন অচেতন প্রধান যে পরভোগার্থ সৃষ্টি করিবে, তাহাতে আর বিচিত্রতা কি ? ৫৮

চেতনাবিহীন প্রকৃতির চেষ্টা (প্রবৃত্তি বা পরিণাম) দুগ্ধের সমান। দুগ্ধ যেমন বৎসের উপভোগার্থ প্রস্রবিত (ক্ষরিত) হয়, প্রকৃতিও তেমনি পুরুষের উপভোগার্থ সচেষ্ট হন। প্রবৃত্তিমতী বা ভোগ্যাকারে পরিণতা হন। ৫৯

উন্থানপাল বৃক্ষরোপণরূপ কর্ম্ম করে, কিন্তু বৃক্ষেরা যথাকালে ফলপ্রসব করে। (অচেতন বৃক্ষ যেমন ফলসৃষ্টি করে, অচেতন প্রধানও তেমনি জগৎসৃষ্টি করেন)। ৬০

গর্ভদাস যেমন অভিসন্ধিব্যতিরেকেও নিজের দাসত্বস্বভাবপ্রযুক্ত অভিমানশূন্য হইয়া প্রভুর উপকারার্থ চেষ্টাবান্ হয়, জড়স্বভাব প্রধানও তেমনি নিজ স্বভাবের প্রেরণায় বিনা অভিসন্ধিতে সচেষ্ট (সৃষ্টিরূপ পরিণামের অধীন) হন। ৬১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

igitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgao

कर्म्माकृष्टेर्वाऽप्यनादितः ॥ ६२

अनादित्वात् संसारस्य धर्म्माधर्म्माकर्षणात् प्रधानं प्रवर्त्तते, यथा पुंसां कर्म्मवशादचेतना अपि वृक्षाः फलन्तीति ॥ ६२ ॥ युक्तिबहुत्वात् पुनर्वचनं न पुनरुक्ततादोषायेत्यत आह—

विविक्तबोधात् सृष्टिनिवृत्तिः प्रधानस्य सूदवत् पाके ६३

पुरुषार्थं सृष्टिः । तन्निवृत्तिः प्रकृतिपुरुषविवेकज्ञानात्, यथा सूपकारः पाकं कृत्वा निवर्त्तते ॥ ६३ ॥ उपदेशाद्विवेकज्ञानेऽपि मुक्तिर्न दृश्यते इत्यत्राह—

इतर इतरज्जहातितद्दोषात् ॥ ६४

न यथाकथञ्चिद्बोधमात्रान्मुक्तिः, किन्त्विन्द्रियाद् इतर आत्मा इतरत् प्रधानं जहाति ध्यानादिना पृथक् करोति, तद्दोषात् प्रकृतेस्थूलत्वादिदोषात् ॥ ६४ ॥ मोक्षस्वरूपमाह—

द्वयोरेकतरस्य वौदासीन्यमपवर्गः ॥ ६५

द्वयोः प्रकृतिपुरुषयोः । प्रकृतेरौदासीन्यं विवेकिनं प्रत्यप्रवर्त्तनम्,

---

অথবা সংসার অনাদি, ইহার প্রথম নাই, তাই তিনি (প্রধান) জৈবিক কর্ম্মের আকর্ষণে চেষ্টাবান্ হন। (জীবের ধর্ম্মাধর্ম্মনামক কর্ম্মই প্রধানের প্রেরক বা প্রবর্ত্তক)। ৬২

জ্ঞানের দ্বারা পুরুষের বিবিক্ততা (প্রকৃতিপার্থক্য) জন্মিলেই তৎসম্বন্ধে সৃষ্টি নিবৃত্তি হয়। পাচক পাকের জন্যই নিযুক্ত ; পাক সমাধা হইলেই সে যেমন নিবৃত্ত হয়, পুরুষ বিবিক্ত হইলে প্রধানও তেমনি নিবৃত্ত হন, অর্থাৎ সৃষ্টিপ্রবৃত্ত থাকেন না। (যে পুরুষ প্রকৃতি হইতে বিবিক্ত বা পৃথক্ হয়, সেই পুরুষেরই সৃষ্টিনিবৃত্তি হয়, অন্যপুরুষের হয় না)। ৬৩

ইতর পুরুষ অর্থাৎ বিবিক্তবোধশূন্য পুরুষ প্রকৃতির দোষেই ইতরের মত (বদ্ধের ন্যায়) থাকে, তাই তাহার সৃষ্টিনিবৃত্তি হয় না। ৬৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

पुरुषस्यौदासीन्यं प्रकृत्यनभिष्वङ्गः। एकतरस्येति आत्मनः, तस्यैव मुख्यत्वात्॥ ६५॥ प्रकृतेः प्रवृत्तिशीलाया औदासीन्ये सर्वमुक्तिप्रसङ्गः, इत्यत्राह—

अन्यसृष्ट्युपरागेऽपि न विरज्यते, प्रवुद्धरज्जुतत्त्वस्येवोरगः॥ ६६॥

न प्रवृत्तिशीलाया औदासीन्यं, स्वभावत्यागदोषात्; किन्तु विवेकिनं प्रति अप्रवर्त्तने अज्ञान् प्रति सृष्ट्युपरागेऽपि सृष्टिकरणेऽपि न विरज्यते, सृष्टौ न प्रवर्त्तते। यथा रज्जौ सर्पभूते प्रवुद्धरज्जुतत्त्वकस्यैवोरगः सर्पभ्रमो निवर्त्तते न त्वज्ञातरज्जुतत्त्वस्य॥ ६६॥

अत्र न्यायमाह—

कर्म्मनिमित्तायोगाच्च॥ ६७॥

विवेकिनं प्रति कर्म्मणो निमित्तस्याभावात्। न वीजं विनाङ्कुरोभवति। श्रुतिरपि "भिद्यते हृदयग्रन्थिश्छिद्यन्ते सर्वसंशयाः।

প্রকৃতি পুরুষ উভয়ের অথবা একের ঔদাসীন্য হইলেই মুক্তি হয়। সৃষ্টিনিবৃত্তি হওয়া অর্থাৎ আত্মপরিণাম না দেখানই প্রকৃতির ঔদাসীন্য এবং প্রকৃতিসম্বন্ধবর্জ্জিত হওয়াই পুরুষের ঔদাসীন্য। দুই প্রকারের এক প্রকার হইলেই মুক্তি সিদ্ধি হয়)। ৬৫

প্রবৃত্তিশীলা প্রকৃতি অজ্ঞ পুরুষের নিকট প্রবৃত্তিমতী থাকেন অর্থাৎ আত্মপরিণাম প্রদর্শন করেন, পরন্তু তিনি তত্ত্বজ্ঞ পুরুষের নিকট অপ্রবৃত্তা থাকেন অর্থাৎ সৃষ্টিক্রম দেখান না, আত্মগোপন করেন। যেমন রজ্জুতত্ত্বজ্ঞ পুরুষের সর্পভ্রম নিবৃত্ত হয়, তেমনি, প্রকৃতিজ্ঞ পুরুষেরও প্রকৃতি উপরাগ বিদূরিত হয়। ৬৬

বিবেকিপুরুষের কর্ম্মরূপ নিমিত্তকারণ (ধর্ম্মাধর্ম্ম) থাকে না, কাযেই তাহার প্রকৃতিপরিত্যাগ ও মোক্ষ হয়। ৬৭

প্রকৃতির কার্য্যে (সৃষ্টিক্রিয়ায়) কর্ম্মের (অদৃষ্টের) অপেক্ষা নাই, পরন্তু অবিবেকের অপেক্ষা আছে। অভিপ্রায় এই যে, প্রকৃতি অবিবেক

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

क्षीयन्ते चास्य कर्म्माणि तस्मिन् दृष्टे परावरे।” अदृष्टस्यबुद्धिकार्य्यत्वादहङ्काराद्युत्पत्तौ भवत्वदृष्टसहायता, प्रकृतेः स्वकार्य्यकरणे क्वादृष्टसहकारिता ? इत्यत्राह—

नैरपेक्ष्येऽपि प्रकृत्युपकारेऽविवेको निमित्तम् ॥६८॥

अदृष्टनैरपेक्ष्येऽपि प्रकृतेरविवेकः सहकारीति। प्रकृतेर्निवृत्तिं दृष्टान्तेनाह।

नर्त्तकीवत् प्रवृत्तस्यापि निवृत्तिश्चारितार्थ्यात् ॥ ६९ ॥

यथा नर्त्तकी परिषच्चारितार्थ्यान्नृत्यान्निवर्त्तते, तथा प्रकृतिरपि पुरुषस्य विवेकचारितार्थ्यात् सर्गान्निवर्त्तते ॥ ६९ ॥ निवृत्तापि प्रकृतिः कुतोऽपि कारणात् प्रवर्त्तिष्यत इत्यत्राह—

दोषबोधेऽपि नोपसर्पणं प्रधानस्य, कुलवधूवत् ॥ ७० ॥

स्वदोषविज्ञानाद्विवेकेन प्रकृतेर्नोपसर्पणम्, यथा कुलवधूः परपुरुषेण दृष्टा न पुनस्तद्दर्शनं मे भविष्यतीत्यवहित्थां कुरुते ॥ ७० ॥ यस्य बन्धस्तस्य मोक्षः, न च पुरुषस्य तौ स्त इत्यत्राह—

প্রযুক্তা হইয়াই সৃষ্টি করেন, সুতরাং সৃষ্টির প্রতি অবিবেকই মুখ্য কারণ, কর্ম্ম বা জীবাদৃষ্ট তাহার সহকারী মাত্র। ৬৮

প্রবৃত্তিস্বভাবা প্রকৃতি সৃষ্টিপ্রবৃত্তা আছেন বটে ; পরন্তু তিনি নর্ত্তকীর ন্যায় নিবৃত্তাও হন। নর্ত্তকী যেমন নৃত্য দেখান হইলে নিবৃত্তা হয়, প্রকৃতিও তেমনি পুরুষকে আপনার স্বরূপ দেখান হইলে নিবৃত্তা হন অর্থাৎ সে পুরুষকে আর সৃষ্টি দেখান না। ৬৯

প্রকৃতি একবার পুরুষকর্ত্তৃক পরিদৃষ্টা হইলে দোষবোধে তিনি কুল বধূর ন্যায় পুনর্ব্বার আর তাহার সমীপগামিনী হন না। কুলবধূ যেমন পরপুরুষের নিকট আত্মগোপন করে, প্রকৃতিও তদ্রূপ দর্শকপুরুষের নিকট আত্মগোপন করেন। ৭০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

नैकान्ततो बन्धमोक्षौ पुरुषस्याविवेकादृते ॥७१॥

प्रकृतिपुरुषाविवेकाद्बन्धमोक्षावित्यभिमानमात्रमिति ॥ ७१ ॥

अथ असत्यस्य सत्यपूर्वकत्वात् कस्य बन्धमोक्षौ सत्यौ ? इत्य त्राह—

प्रकृतेराञ्जस्यात् ससङ्गत्वात्, पशुवत् ॥ ७२ ॥

आञ्जस्यात्तत्त्वतः। ससङ्गत्वात् गुणयोगात्। यथा पशुः सङ्गाद्गुणयोगाद्बध्यते। तस्मात् प्रकृतेर्बन्धमोक्षौ सत्यौ। अविवेकिनं प्रति प्रवर्त्तनमेव बन्धः, मोक्षः पुनर्विवेकिनं प्रत्यप्रवर्त्तनं। तेन च न स्वभावप्रच्युतिदोष इति ॥ ७२ ॥ केन रूपेण प्रकृतिरात्मानं बध्नाति केन च विमोचयतीत्यत आह—

रूपैः सप्तभिरात्मानं बध्नाति प्रधानं, कोशकारवत्-विमोचयत्येकेन रूपेण ॥७३॥

रूपैः सप्तभिः—धर्म्मवैराग्यैश्वर्य्याधर्म्माज्ञाना वैराग्यानैश्वर्य्यैर्बध्नाति।

পুরুষের বন্ধন অবিবেককৃত, সুতরাং তাঁহার বাস্তবিক বা আত্যন্তিক বন্ধ মোক্ষ নাই। অভিপ্রায় এই যে, প্রকৃতির সহিত অবিবিক্ত থাকাই (একীভাবে থাকাই) বন্ধন; আর জ্ঞানের দ্বারা বিবিক্ত বা পৃথক্ হওয়াই মুক্তি। সুতরাং বন্ধন পদার্থ সত্য নহে; উহা এক প্রকার অভিমান মাত্র)। ৭১

পশু যেমন গুণযোগে (রজ্জুসংযোগে) বদ্ধ হয়, পুরুষও তেমনি গুণযোগে (প্রকৃতিসংযোগে) বদ্ধ হন। যখন গুণযোগে বন্ধন, আর গুণত্যাগে মুক্তি, তখন তাহা তাত্ত্বিক নহে, সম্বন্ধকৃত। ৭২

প্রকৃতি কোশকার কীটের ন্যায় আপনার সাত প্রকার রূপের দ্বারা পুরুষকে বা আপনাকে বদ্ধ করেন, আর এক প্রকার রূপের দ্বারা মুক্ত করেন। (তাৎপর্য্য এই যে, ধর্ম্ম, বৈরাগ্য, ঐশ্বর্য্য, অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্য,—এই সপ্ত প্রকার রূপের দ্বারা বন্ধন; আর "জ্ঞান" এই এক প্রকার রূপের দ্বারা মুক্তি)। ৭৩

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

বিমোচয়তি চ একেন রূপেণ জ্ঞানেন ॥ ৭৩ ॥ কাম্যাকাম্যকর্ম্মভ্যাং ভুক্তিমুক্তিশ্চেতি, তত্ত্যাগে দৃষ্টহানিরিত্যত্রাহ—

নিমিত্তত্বমবিবেকস্যেতি ন দৃষ্টহানিঃ ॥৭৪ ॥

অদৃষ্টস্য জ্ঞানদ্বারেণ পরম্পরয়া কারণত্বং মুক্তৌ। সংসারস্য তু কারণমবিবেকঃ। তস্মান্ন দৃষ্টহানিরিতি ॥ ৭৪ ॥ বিবেকশ্চ কথং স্যাদিত্যত্রাহ—

তত্ত্বাভ্যাসান্নেতিনেতীতি ত্যাগাদ্বিবেকসিদ্ধিঃ ॥৭৫॥

স্পষ্টম্। শ্রুতিশ্চ "স এষ নেতি নেত্যাত্মাऽগৃহ্যো, ন হি গৃহ্যতে,

---

অবিবেকই বন্ধনের নিমিত্ত কারণ; এজন্য দৃষ্টহানি অর্থাৎ শ্রুতি ব্যাঘাত হয় না। (তাৎপর্য্য এই যে শ্রুতিতে কর্ম্মের দ্বারা ভোগ মোক্ষ উভয় হওয়ার কথা আছে সত্য; পরন্তু "কর্ম্মের দ্বারা মোক্ষ" এ অংশ পরম্পরাঘটিত। অর্থাৎ নিষ্কাম কর্ম্ম করিলে তদ্দ্বারা জ্ঞান হয়, জ্ঞান হইলে কর্ম্মক্ষয় হয়, কর্ম্ম ক্ষয় হইলেই মুক্তি হয়। সুতরাং নিষ্কাম কর্ম্ম মুক্তির পরম্পরাকারণ, সাক্ষাৎ কারণ নহে। অতএব, কর্ম্মের দ্বারা ভোগ এবং জ্ঞানের দ্বারা মুক্তি, ইহাই সৎ সিদ্ধান্ত। ৭৪

আমি দেহ নহি, ইন্দ্রিয় নহি এসকল কিছুই নহি, এ সকলের সহিত আমার বাস্তব সম্বন্ধ নাই, আমি নিঃসঙ্গ-চেতন, প্রকৃতি ও প্রাকৃতিক বস্তু আমা হইতে অত্যন্ত পৃথক্,—এইরূপ জ্ঞান-প্রবাহ উত্থাপিত করিতে করিতে, বার বার উদিত বা অভ্যস্ত করিতে করিতে ক্রমে ঐ সমস্ত একে একে পরিত্যক্ত হইবে, অবশেষে তাহার চরম প্রান্তে উৎকৃষ্ট বিবেকজ্ঞান জন্মিবে। ক্রমে তাহা দৃঢ় অর্থাৎ অবিচাল্য হইবে। প্রথমে "দেহ আমি নহি" এরূপ স্থূলবিজ্ঞান অভ্যস্ত করিবে। অভ্যাস বলে দেহে অহংজ্ঞান নিবৃত্ত হইবে। হইলে "আমি ইন্দ্রিয় নহি" এইরূপ অপেক্ষাকৃত সূক্ষ্মভাব ভাবনায় অধিরূঢ় করিবে। এইরূপে ক্রমে ক্রমে, সমস্ত জড় পদার্থ হইতে আত্মভাব ব্যবচ্ছিন্ন করিয়া আপনার নিঃসঙ্গতা ও চেতনরূপিত্ব অনুভব করিতে হইবে। নচেৎ, একেবারে "আমি এ সকল কিছুই নহি" ভাবিতে গেলে কিছুই হইবে না)। ৭৫

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

अणीयसीं न हि क्षीयते” इत्यादि ॥ ७५ ॥ यदि तत्त्वाभ्यासादिना मोक्षः, उपदेशानन्तरं सर्वशिष्याणां मुक्तिः स्यात्, अभ्यासस्य तुल्यत्वादित्यत्राह—

अधिकारिप्रभेदान्न नियमः ॥ ७६ ॥

उत्तममध्यमाधमशक्तिभेदादेकदेति न नियमः ॥ ७६ ॥ यदि विवेकान्मुक्तिः, कथं विवेकिनां भोगदर्शनमित्यत्राह—

वाधितानुवृत्त्यैर्मध्यविवेकतोऽप्युपभोगः ॥७७॥

तीव्रविवेकस्योपभोगो नास्ति। मध्यविवेकस्याप्युपभोगो रागाभावादलमिति ज्ञानेन वाधितत्वाद्वासनानुवृत्तिमात्रं ; उपारूढ़फलं कर्म्म उपभोगात् क्षिणोमीत्युपभुङ्क्ते इति ॥ ७७ ॥ मध्यविवेकिनः स्वरूपमाह—

অধিকারী এক প্রকার নহে, নানা প্রকার। সেই জন্য জ্ঞানোৎপত্তির কালনিয়ম নাই। (কাহার শীঘ্র হয়, কাহার বা বিলম্বে হয়)। ৭৬

তত্ত্বাভ্যাসের প্রভাবে বা জ্ঞানাভ্যাসের বলে সংসারজনক কর্ম্মবীজ বাধিত বা বিনষ্ট হইলেও কিছুকাল তাহার অনুবৃত্তি হয়। তৎ কারণে,মধ্যবিবেকীর উপভোগ শীঘ্র বিনষ্ট হয় না। (ফলিতার্থ এই যে তীব্র বিবেকীর শীঘ্র কর্ম্মক্ষয় ও মুক্তি হয়, কিন্তু মধ্যবিবেকীর কর্ম্মবাসনা সম্পূর্ণরূপে বিনষ্ট না হওয়ায় বিলম্বে মুক্তি হয়)। ৭৭

মধ্যবিবেকী দেহপাত না হওয়া পর্য্যন্ত জীবন্মুক্ত অবস্থায় থাকে। ৭৮

মধ্যবিবেকীর উপদেশ্যতা ও উপদেষ্টৃত্ব থাকায় জীবন্মুক্তি হয়। (তীব্রবিবেকী উপদেশ অপেক্ষা করেন না। তিনি কাহার উপদেশ্য হন না, উপদেষ্টাও হন না। মন্দবিবেকীও তদ্রূপ। অর্থাৎ মন্দবিবেকী উপদেশের ও উপদেশকের অযোগ্য)। ৭৯

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

जीवन्मुक्तश्च ॥ ৭৮ ॥

च इवार्थे। मुक्तइव मुक्तो रागाभावात् धर्म्मानुपपत्तेश्च । श्रुतिरपि "आत्मानं चेद्विजानीयादयमस्मीति पूरुषः । किमिच्छन् कस्य कामाय शरीरमनुसंज्वरेत् ॥७८॥ जीवतो मुक्तिरित्यनुपपत्तेरिदमाह—

उपदेश्योपदेष्टृत्वात्तत्सिद्धिः ॥ ৭৯ ॥

तीव्रविवेकिनो वाह्यासंवेदिन उपदेष्टृत्वमेव नास्ति, मन्दविवेकिनोऽप्यज्ञानान्नोपदेष्टृत्वम्, किन्तु स उपदेश्यः, उपदेष्टा च मध्यविवेकी । अतस्तत्सिद्धिः जीवन्मुक्तिसिद्धिः ॥ ৭৯ ॥ अत्र प्रमाणं दर्शयति—

श्रुतिश्च ॥ ৮० ॥

उवाच "जीवन्नेव हि विद्वान् हर्षायासाभ्यां विमुच्यते" इति ॥৮०॥ मन्दविवेकोऽप्युपदेष्टा भविष्यतीत्यत्राह—

इतरथाऽन्धपरम्परा ॥ ৮१ ॥

अज्ञानी गुरुः, किं च शिष्योऽज्ञातेति ॥ ৮१ ॥ उपदेशे हि ज्ञानान्मोक्षः, उपदेशानन्तरं मुच्येत, किं विलम्बेनेत्यत्राह—

তাহার প্রমাণ শ্রুতি অর্থাৎ শ্রুতিতে ঐরূপ কথাই বর্ণিত আছে। ৮০

অন্যথা অর্থাৎ মন্দবিবেকীর (মূঢ় ব্যক্তির) উপদেষ্টৃত্বাদি হইলে অন্ধপরম্পরান্যায়ের অনুরূপ ঘটনা হয়। অর্থাৎ এক অন্ধ অন্য অন্ধকে পথ দেখাইলে যেমন হয় সেইরূপ। তাৎপর্য্য এই যে, অজ্ঞান গুরু ও অজ্ঞান শিষ্য উভয়ই দোষাবহ। অজ্ঞ গুরু সত্যজ্ঞানদানে অক্ষম, অজ্ঞান শিষ্যও সত্যজ্ঞান গ্রহণে অক্ষম)। ৮১

জীবন্মুক্তি হইলেও চক্রভ্রমণের ন্যায় কিছুকাল পর্য্যন্ত অমুক্তভাবের অর্থাৎ দেহধারক কর্ম্মবাসনার অনুবৃত্তি থাকে বটে; কিন্তু তাহা সূক্ষ্মাদপি সূক্ষ্মতমরূপে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

चक्रभ्रमणवद्धृतशरीरः ॥ ८२ ॥

यथा दण्डापगमे संस्कारवशाच्चक्रं भ्रमति, तथा विवेकिनामपि देहधारणकर्म्मणोऽक्षीणत्वान्न तत्क्षणान्मुक्तिः, किन्तूपभोगादिना कर्म्मक्षयादिति। तथाच स्मृतिः "दीक्षयैव नरो मुच्येत्तिष्ठेन्मुक्तोऽपि विग्रहे। कुलालचक्रमध्यस्थो विच्छिन्नोऽपि भ्रमेद्‌घटः ॥ ८२ ॥

तस्मादस्ति जीवन्मुक्तः, इत्याह—

संस्कारलेशतस्तत्सिद्धिः ॥ ८३ ॥

जीवन्मुक्तिसिद्धिः ॥ ८३ ॥ कदा परममुक्तिरित्यत्राह—

विवेकान्निःशेषदुःखनिवृत्तौ कृतकृत्यो नेतरान्नेतरात् ॥८४

निःशेषेण त्रिविधदुःखस्यात्यन्तनिवृत्तौ कृतकृत्यः, परमुक्तिप्राप्तेः। नेतरात् कर्म्मण इति। नेतरादिति वीप्साऽध्यायपरिसमाप्तौ ॥ ८४ ॥

इति कापिलसांख्यप्रवचनसूत्रवृत्तौ
वैराग्याध्यायस्तृतीयः ॥ ३ ॥

থাকে। সেই কারণে তাহার জীবন্মুক্তি হয়, পরমমুক্তি হয় না।' বিবেক জ্ঞানের আত্যন্তিক পরিপাক হইলে যখন নিঃশেষিতরূপে দুঃখনিবৃত্তি হয়, তখনই তাহার পরমমুক্তি ও কৃতকৃত্যতা জন্মে; অন্য সময়ে নহে। (দেহ থাকিতে পরমমুক্তি হয় না, দেহপাত হইলেই সে পরমমুক্ত হয়। পরম-মুক্তির অন্য নাম কৈবল্য, বিদেহমুক্তি ও নির্ব্বাণ)। ৮২—৮৩—৮৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

अथ चतुर्थ आख्यायिकाध्यायः ।

वैराग्यानन्तरं शिष्यप्रबोधायाख्यायिकार्थं चतुर्थाध्यायारम्भः ।

राजपुत्रवत्तत्वोपदेशात् ॥ १ ॥

कश्चिद्राजपुत्रो गण्डत्रयजन्मा निःसारितः शवराधिपेन गृहीतः तत्पुत्रभावेन तदाचारमात्रं जानाति ; अथापुत्रस्य राज्ञो मरणेऽमात्यै- रानीय प्रबोधितः न त्वं शवरः, राजपुत्रोऽसीत्युक्तोझटित्येव पूर्व- संस्कारवशाद्राजपुत्राचारं गृहीतवान् । एवं मन्दानामपि प्रबोधायो पदेशो देय इति ॥ १ ॥ आख्यायिकान्तरमाह—

पिशाचवदन्यार्थोपदेशेऽपि ॥ २ ॥

कश्चिदाचार्य्यो विजने उपदेशं गृहाणेति शिष्यमादायाटवीं प्रविश्योपदेशं दत्तवान् । गुल्मान्तरितेन पिशाचेन तत् श्रुतम् । तेन तस्यापि मुक्तिरभूत् । प्रसङ्गेनाप्यात्मज्ञानान्मुक्तिरितिवाक्यार्थः ॥ २ ॥

উপদেশ শুনিলে রাজপুত্রের ন্যায় আত্মযাথার্থ্যজ্ঞান জন্মিতে পারে। (এক রাজা কোন এক কারণে শিশু পুত্রকে বনে দিয়াছিল। সে চণ্ডাল কর্ত্তৃক প্রতিপালিত হওয়ায় আপনাকে চণ্ডাল বলিয়া জানিত। রাজার মৃত্যুর পর অমাত্যেরা সেই চণ্ডালাভিমানী রাজপুত্রকে গৃহানীত করিল এবং "তুমি চণ্ডাল নহ, রাজপুত্র" এইরূপ উপদেশ করিল। তখন সে আপনার প্রকৃত জাতি জানিল ও চণ্ডালাচার ত্যাগ করিল। আখ্যায়িকার মর্ম্ম, উপদেশ নিরর্থক নহে ও অজ্ঞকে উপদেশ করা কর্ত্তব্য)। ১

তত্ত্বোপদেশ প্রসঙ্গক্রমে প্রাপ্ত হইলেও জ্ঞান হইতে পারে। এক পিশাচ তাহার দৃষ্টান্ত। (এক আচার্য্য এক শিষ্যকে অরণ্যে লইয়া তত্ত্বোপদেশ করিয়াছিল, এক পিশাচ তাহা শুনিয়া মুক্ত হইয়াছিল)। ২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

आवृत्तिरसकृदुपदेशात् ॥ ३ ॥

तीव्रवैराग्याणां श्रुतिमात्रान्मोक्षो भवतु । मन्दानान्तु निरन्तरोपदेश्यत्वादावृत्तिः करणीयेति ॥ ३ ॥ आख्यायिकान्तरमाह—

पितापुत्रवदुभयोर्दृष्टत्वात् ॥ ४ ॥

कश्चिद्ब्राह्मणो दारिद्र्याद्गुर्विणीं भार्य्यां तत्पितुर्गृहे निक्षिप्य प्रतिग्रहार्थं देशान्तरं गतो वहुना कालेन गृहमागतः पुत्रं दृष्ट्वा न ज्ञातवान् । अथ तन्माता भर्त्तारं पुत्रञ्च विज्ञापितवती ; तत उभयोरपि ज्ञानमभूत् । गुरुं विना सुहृदुपदेशादपि तत्त्वज्ञानं भवतीत्यर्थः ॥ ४ ॥ आख्यायिकान्तरमाह—

श्येनवत् सुखदुःखी त्यागवियोगाभ्याम् ॥५॥

केनापि पुंसा श्येनशावकः प्राप्तः खण्डगुड़ादिनाहारेणसमानेन च पुष्टःकालेन यौवनमवाप्य कथमहमेनं दुःखिनं करोमीति तेन पुंसा वने त्यक्तः । श्येनस्य वन्धत्यागात् सुखी पुरुषवियोगाच्च दुःखीति । दुःखशवलत्वात् सुखस्य द्वयमपि हेयमिति भावः ॥ ५ ॥ आख्यायिकान्तरमाह—

উপদেশ বার বার শ্রোতব্য, বার বার দাতব্য। (শ্বেতকেতু সাত বার শ্রবণের পর বুঝিতে পারিয়াছিলেন, দুই এক বারে পারেন নাই)। ৩

পিতা পুত্র উভয়েই উভয়কে জানিত না, কিন্তু উপদেশ পাইয়া জানিয়াছিল। (এক ব্রাহ্মণ গর্ব্বিণী ভার্য্যা গৃহে রাখিয়া দেশান্তরগামী হইয়াছিল। দীর্ঘকাল পরে গৃহে আসিয়া তদ্গর্ভজাত পুত্রকে চিনিল না, পুত্রও পিতাকে চিনিল না। পরে স্ত্রীর উপদেশে উভয়ে উভয়কে জানিয়াছিল। অভিপ্রায় এই যে, সুহৃদের উপদেশেও জ্ঞান হয়)। ৪

জীব, ত্যাগ ও বিয়োগ এই দু-এর দ্বারা শ্যেনপক্ষীর ন্যায় সুখী ও দুঃখী হয়। (এক ব্যক্তি এক শ্যেন শাবক পুষিয়াছিল। কিছুকাল পরে, "বৃথা কষ্ট দেই কেন ?" ইহা ভাবিয়া ছাড়িয়া দিল। শ্যেন তখন বন্ধনমুক্ত হওয়ায় সুখী হইল

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

अहिनिर्ल्वयनीवत् ॥६॥

निर्ल्वयनी निर्म्मोकः। कश्चिदहिर्विवरद्वारे निर्म्मोकं त्यक्त्वा ममेदमिति धूलि-पङ्कात्तं दृष्ट्वा शोचति, स्नेहाच्च न संत्यक्तवान्। निर्म्मोकानुसारात् केनाप्याहितुण्डिकेन गृहीतः। ममत्वस्नेहादयो न कर्त्तव्या इत्यर्थः॥ ६ ॥ आख्यायिकान्तरमाह—

छिन्नहस्तवद्वा ॥ ७ ॥

कश्चिन्मुनिर्भ्रातुराश्रमं प्रविश्य फलादिकमाजहार। भ्रात्रा-प्युक्तः स्तेयीत्वमिति। तेनोक्तं प्रायश्चित्तं वद। भ्रात्राप्युक्तं हस्त-छेदादन्यत् प्रायश्चित्तं नास्तीति। तेन च राज्ञे निवेद्य स्वहस्तौ छेदितौ। तस्मात् अकार्य्यं न कर्त्तव्यं, प्रमादकृते च तन्निष्कृतिः अवश्यं कर्त्तव्येति॥ ७॥ आख्यायिकान्तरमाह—

असाधनानुचिन्तनं बन्धाय भरतवत् ॥ ८ ॥

भरतो नाम नृपः प्रत्यासन्नमोक्षोऽपि तत्क्षणप्रसूतां हरिणीं

এবং পালকের বিচ্ছেদে দুঃখীও হইল। উপদেশ এই যে, সংসারে কেবল সুখ নাই)। ৫

সর্পের নির্ম্মোকের ন্যায় (স্নেহ) করিবে না। (এক সর্প নির্ম্মোক পরি-ত্যাগ করিয়াও মমতাপ্রযুক্ত স্থানত্যাগ করে নাই। এক আহিতুণ্ডিক (সাপুড়ে) সেই নির্ম্মোকের অনুসরণ করিয়া তাহাকে ধৃত করিয়াছিল। আখ্যায়িকার উদ্দেশ্য, কিছুতেই স্নেহ মমতা করিবে না এবং বহুকালোপভুক্তা প্রকৃতিকে হেয়জ্ঞানে ত্যাগ করিবেক)। ৬

ছিন্নহস্তের দৃষ্টান্ত অনুসরণ করিবে। (এক মুনি অন্য মুনির আশ্রমে না বলিয়া ফলমূল লইয়াছিল। মুনি তাহাকে "চোর" বলিয়া অনুযোগ করিলে, সে অনুতপ্ত হইয়া নিষ্কৃতি প্রার্থনা করিল। তিনি হস্তছেদ প্রায়শ্চিত্ত করিতে বলিলেন; মুনিও তন্মুহূর্ত্তে তাহা করিলেন। আখ্যানের উদ্দেশ্য, অকার্য্য করা উচিত নহে, দৈবাৎ করিলে প্রায়শ্চিত্ত করিবেক। ৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

दृष्ट्वा हरिणशावकं पुपोष। तं विहाय नान्यमना बभूव। मरणसमये तन्नतमनाः प्राणांस्तत्याज। तत्सङ्गान्मुक्तिं नावाप। अनिष्टचिन्तनं न कार्य्यमित्यर्थः ॥ ८ ॥ बहुभिर्मेलनं न कुर्य्यादित्याह—

बहुभिर्योगे विरोधो रागादिभिः कुमारीशङ्खवत् ॥९॥

बहुभिः कलहोऽवश्यं, यथा कुमारीशङ्खानामन्योन्यं झनत्कारः परस्पर संघर्षात् ॥ ९ ॥ द्वाभ्यामपि न कुर्य्यादित्याह—

द्वाभ्यामपि तथैव ॥ १० ॥

संकथनादि-दोषात् ॥ १० ॥ आख्यायिकान्तरमाह—

निराशः सुखी पिङ्गलावत् ॥ ११ ॥

पिङ्गला नाम वेश्या रत्यर्थं भुजंगागमनं प्रतीक्षमाणा उन्निद्रा दुःखमनुभूतवती। एकदा त्वत्यन्तदुःखनिर्व्विण्णा पुनर्नैवं करिष्यामीति निर्व्विण्णा बभूव। निराशा च सुखं स्वपिति ॥ ११ ॥ आशैव दुःखं तत्त्यागः सुखमित्यभिप्रायः गृहारम्भो दुःखायेत्याह—

যাহা মুক্তির অসাধক বা অনুপযোগী ; তাহার চিন্তা করিলে ভরতের ন্যায় হইতে হয়। (ভরত নামক রাজা মুক্তপ্রায় হইয়াও হরিণীর চিন্তায় আকৃষ্ট হইয়া মুক্ত হইতে পারেন নাই) ৮

বহুব্যক্তির সঙ্গ করিবে না। করিলে রাগাদির দ্বারা কুমারীশঙ্খের ন্যায় কলহ হয়। (এক কুমারী শঙ্খহস্তে (একালে চূড়হস্তে তণ্ডুল কণ্ডন আরম্ভ করিলে হস্তস্থিত বহুশঙ্খাভরণ বাজিয়া উঠিল। দেহলীতে কুটুম্ব উপবিষ্ট থাকায় সে লজ্জিতা হইয়া একটী রাখিল, অবশিষ্ট ভাঙ্গিয়া ফেলিল। তখন আর তাহার শঙ্খাভরণ বাজিল না। এই উপাখ্যানের তাৎপর্য্য, মুমুক্ষু ব্যক্তি একাকী থাকিবেন, বহুসঙ্গী হইবেন না। আসঙ্গলিপ্সা মহদ্দোষ ও জ্ঞানলাভের প্রতিবন্ধক)। ৯

দুই জনের দ্বারাও ঐদোষ ঘটে। ১০

আশা ত্যাগ করিলে পিঙ্গলার ন্যায় সুখী হওয়া যায়। (পিঙ্গলা নাম্নী বেশ্যা

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

अनारम्भेऽपि परगृहे सुखी सर्पवत् ॥ १२ ॥

व्यक्तम् ॥ १२ ॥ शास्त्रे व्याख्यान-परोपालम्भादिकमसारमस्ति, तत् परित्यजनीयमित्याह—

बहुशास्त्रगुरूपासनेऽपि साराद्दानं षट्पदवत् ॥१३॥

यथा भ्रमरः पुष्पं विहाय मधु समादत्ते, तद्वन्मोक्षार्थिना अविद्या त्याज्येति ॥ १३ ॥ कस्य समाधिर्भवतीत्याह—

इषुकारवन्नैकचित्तस्य समाधिहानिः ॥ १४ ॥

यथेषुकार इषौ गतमनाः समीपे गच्छन्तं राजानं न बुद्धवान्, तथैवैकाग्रमनसो न समाधिहानिरिति ॥ १४ ॥ सत्त्वशुद्ध्यर्थं न व्रतादिभङ्गः कर्त्तव्यः, इत्याह—

व्रतनियमलङ्घनादानर्थक्यं लोकवत् ॥ १५ ॥

यथा लोके बहुशः कृतसमयलङ्घनं सर्व्वे परित्यजन्ति, तथा

উপপতি আসিবে, এইরূপ আশা করিয়া সমস্ত রাত্র দুঃখ ভোগ করিয়াছিল। পরে সে নিশা অতিবাহিত দেখিয়া আশা পরিত্যাগ করিল। ত্যাগমাত্রেই সে নিশ্চিন্ত হইয়া সুখে নিদ্রিতা হইল। এই আখ্যায়িকার উদ্দেশ্য এই যে, মুমুক্ষু ব্যক্তি নিস্পৃহ ও নিশ্চিন্ত হইবেন; সংসারিক সুখের আশা করিবেন না)। ১১

গৃহাদি নির্ম্মাণ না করিলেও সর্পের ন্যায় পরগৃহে সুখী হওয়া যায়। ইন্দুরেরা বহুকষ্টে গৃহ নির্ম্মাণ করে; কিন্তু সর্প তাহাতে প্রবেশ করিয়া সুখে বাস করে। (এ উপদেশের উদ্দেশ্য,—মুমুক্ষুব্যক্তি বাসার্থ গৃহাদির আড়ম্বর করিবেন না)। ১২

নানাশাস্ত্র ও নানা উপাসনাদি থাকিলেও ভ্রমরের ন্যায় সারগ্রাহী হইবে। (ভ্রমর যেমন পুষ্প পরিত্যাগ করিয়া মধুমাত্র গ্রহণ করে, তদ্রূপ, মুমুক্ষু ব্যক্তি শাস্ত্রোক্ত বিদ্যামাত্র গ্রহণ করিবেন, উপবিদ্যা সকল পরিত্যাগ করিবেন)। ১৩

একাগ্র থাকিতে পারিলে ইষুকারের ন্যায় সমাধিচ্যুত হইতে হয় না। (ইষুকার অর্থাৎ শরনির্ম্মাতা। সে যেমন একাগ্রকালে সমীপবর্ত্তী রাজাকে দেখিতে পায় না, সমাধিস্থ পুরুষও তেমনি একাগ্রকালে জগৎ দেখিতে পায় না)। ১৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

ব্রতাদি লঙ্ঘনাদ্বেদার্থবাহ্যো ভবতীতি ॥১৫॥ তত্ত্বজ্ঞানবিস্মরণে দুঃখমবশ্যং ভবতীত্যাহ—

তদ্বিস্মরণেঽপি ভেকীবৎ ॥ ১৬ ॥

কশ্চিন্নৃপো মৃগয়াং গতো বনে সুন্দরীং কন্যামপশ্যৎ। স তামপৃচ্ছৎ "কা ত্বম্" ইতি। সা প্রাহ "রাজদুহিতাহম্"। রাজা প্রাহ 'মাং ভজস্ব'। সা প্রাহ 'বাঢ়ম্', কিন্তু সময়ং কুরু, ত্বয়া জলং মম ন দর্শনীয়মিতি। এবমস্ত্বিত্যুক্তা রাজা তস্যাঃ পাণিং জগ্রাহ। এবং গতে কালে ক্রীড়য়া আয়াসিতা সা কুত্রজলমিতি রাজানং পপ্রচ্ছ। রাজাপি সংভ্রমাৎ সময়ং বিস্মৃত্য জলমদর্শয়ৎ। সা চ ভেকরাজদুহিতা জলস্পর্শাদ্ভেকী বভূব। রাজাপি জালাদিনা তামন্বিষ্যাঽপ্রাপ্য বহুদুঃখমনুবভূব। তস্মাত্তত্ত্বাভ্যাসবিচ্ছেদো ন কার্য্য ইতি ॥ ১৬ ॥ আখ্যায়িকান্তরমাহ—

জ্ঞানসাধক ব্রতাদি পরিত্যাগ করিলে লোকদৃষ্টান্তে জ্ঞানরূপ প্রয়োজন নষ্ট হইয়া যায়। (বৃথা ব্রত গ্রহণে পাষণ্ডতা জন্মে এবং বৃথা পরিত্যাগেও অনর্থ হয়)। ১৫

তত্ত্বজ্ঞান বিস্মৃত হইলে ভেকীর দৃষ্টান্তে দুঃখী হইতে হয়। (এক রাজা মৃগয়ায় গিয়া এক সুন্দরী কন্যা দেখিয়া আত্মভাব ব্যক্ত করায় সে বলিয়াছিল, আমি ভেকরাজদুহিতা; যদি জল না দেখাও, তবে আমি বিবাহে সম্মতা হই। রাজা তাহা অঙ্গীকার করিয়া তাহাকে বিবাহ করিলেন কিন্তু শীঘ্র সে প্রতিজ্ঞা ভুলিয়া গেলেন। একদিন সে অরণ্যে ক্রীড়াক্লিষ্টা ও পিপাসার্ত্তা হইয়া বলিল, জল কোথায়, দেখান। রাজা স্বীয় প্রতিজ্ঞা বিস্মৃত হইয়া গিয়াছিলেন, সুতরাং তিনি জলপূর্ণ পুষ্করিণী দেখাইয়া দিলেন। সে ভেককন্যা, জল দেখিবামাত্র জলে গমন করিল, আর ফিরিল না। তখন রাজা তাহাকে না পাইয়া দুঃখী হইলেন। অথ্যায়িকাটীর উদ্দেশ্য—মুমুক্ষু যেন তত্ত্বজ্ঞান ভুলিয়া না যান এবং তত্ত্বজ্ঞান রক্ষার্থ সদাসর্ব্বদা তত্ত্বাভ্যাস করেন। ১৬

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

নোপদেশশ্রবণেঽপি কৃতকৃত্যঃ পরামর্শাদৃতে বিরোচনবৎ ॥ ১৭ ॥

ন শ্রবণমাত্রান্মুক্তিঃ, কিন্তু মননাদেব। যথা ইন্দ্রবিরোচনৌ তত্ত্বজ্ঞানায় ব্রহ্মলোকং গতৌ, ব্রহ্মণা চোপদিষ্টৌ। তয়োর্বিরোচনস্তত্ত্বজ্ঞানশ্রবণাৎ স্বগৃহমাগতো ন মননাদি কৃতবান্; অতোনামুচ্যত। ইন্দ্রস্তু ব্রহ্মাণমারাধয়ন্ বহুকালং মননমকরোৎ ॥ ১৭ ॥ ইন্দ্রস্য কিংবৃত্তমিত্যত্রাহ—

দৃষ্টস্তয়োরিন্দ্রস্য ॥ ১৮ ॥

তয়োর্মধ্যে ইন্দ্রস্য বোধো দৃষ্টঃ। বহুকালারাধনেন ব্রহ্মপ্রসাদনাত্মনননিদিধ্যাসন-সাক্ষাৎকারাৎ সিদ্ধিরিতি ॥ ১৮॥ জ্ঞানপ্রাপ্তিশ্চ কথমিত্যত্রাহ—

প্রণতিব্রহ্মচর্য্যোপসর্পণানি কৃত্বা সিদ্ধির্বহুকালাত্তদ্বৎ ॥ ১৯ ॥

অপ্রণতস্যাব্রহ্মচারিণো নাধিকারঃ। তদ্বৎ ইন্দ্রবৎ। যথা ব্রহ্মারাধনেনেন্দ্রেণ জ্ঞানং প্রাপ্তং, তথা গুর্ব্বারাধনেনান্যেনাপি ॥ ১৯ ॥ কিং কালদেশনিয়মান্মুক্তিঃ ? তথাচ চির-ক্ষিপ্রভাবো ন স্যাদিত্যত্রাহ—

পরামর্শ ব্যতীত, মনন ব্যতীত, কেবল উপদেশে কৃতকৃত্যতা (তত্ত্বজ্ঞান ও মোক্ষ) জন্মে না। তাহার দৃষ্টান্ত বিরোচন। বিরোচন ও ইন্দ্র ব্রহ্মার নিকট তত্ত্বজ্ঞান বিষয়ে উপদিষ্ট হইয়াছিলেন। ইন্দ্র বহুকাল সেই শ্রুত তত্ত্বের মননাদি করিয়া ছিলেন, কিন্তু বিরোচন তাহা করেন নাই। মননাদি করেন নাই বলিয়া তাঁহার তত্ত্বজ্ঞান হয় নাই, মুক্তিও হয় নাই)। ১৭

উক্ত উভয়ের মধ্যে ইন্দ্রের তত্ত্বজ্ঞান ও মোক্ষ হইয়াছিল। ১৮

নম্র ও ব্রহ্মচারী হইয়া গুরু-সেবা-তৎপর থাকিলে শীঘ্র তত্ত্বজ্ঞান জন্মে। অথবা ইন্দ্রের ন্যায় দীর্ঘকালে তত্ত্বজ্ঞান হইতে পারে। (ইন্দ্র বহুকাল পরে তত্ত্বজ্ঞ হইয়াছিলেন)। ১৯

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न कालनियमो वामदेववत् ॥ २० ॥

आराधनार्थं कालनियमः, न मोक्षार्थम्; वामदेवस्य तत्त्वज्ञानात् क्षिप्रं मुक्तिदर्शनात् ॥२०॥ ज्ञाते हि ध्यायेत्, न चात्मा केनापि दृष्टः, दृष्टश्चेत् किं ध्यानेनेत्यत आह—

अध्यस्तरूपोपासनात् पारम्पर्य्येण यज्ञोपासकाना-मिव ॥ २१ ॥

धर्म्मः केन दृष्टः? तथापि धर्म्मलाभाय यज्ञोपासनं, पारम्पर्य्येण देवतोद्देशेन हविस्त्यागात्। अत्रापि गुरुणा यदध्यस्तं रूपमुपदिष्टं, तत्स्वरूपोपासनात् पारम्पर्य्येण तद्रूपं प्रकाशते। दृष्टञ्च समानवस्तुचिन्तायां समानानुस्मरणम्। तथा च "सदृशा दृष्टचिन्ताद्याः स्मृतिवीजस्य वोधकाः। अतो नातिप्रसङ्गोऽस्ति स्वप्नादौ भावनावलात् ॥ २१ ॥ ब्रह्मादिलोकलाभात् कृतकृत्यस्य किमात्मज्ञानेनेत्यत्राह—

তত্ত্বজ্ঞানের কাল নিয়ম নাই। অর্থাৎ এত কালে তত্ত্বজ্ঞান হইবে, এরূপ কোন নির্দ্দিষ্ট নিয়ম নাই। বামদেব মুনির ন্যায় শীঘ্র হইতেও পারে, ইন্দ্রের ন্যায় বিলম্বে হইতেও পারে। ২০

যাজ্ঞিক দিগের ন্যায় আরোপিত রূপের উপাসনা বা ধ্যান করিবেক। (ধর্ম্ম প্রত্যক্ষ হয় না, তথাপি যাজ্ঞিকগণ ধর্ম্ম লাভের নিমিত্ত যাগযজ্ঞ করেন। দেবতা দেখা যায় না, তথাপি দেবপূজকগণ পরম্পরা ক্রমে অর্থাৎ উদ্দেশ করিয়া আহুতি প্রদান করে। তাহাতেই তাঁহাদের ধর্ম্ম হয়, দেবতাদর্শনও হয়। অতএব, প্রত্যক্ষ না হইলেও দৃষ্টিগোচর না হইলেও, অধ্যস্ত-রূপের অর্থাৎ গুরূপদিষ্ট স্বরূপের ধ্যান করিবেক। করিলে তাহা হইতেই অভীষ্ট তত্ত্ব প্রকাশিত হইবে। দেখা যায় না বলিয়া ধ্যান হয় না, এ কথা সংগত নহে)। ২১

যাগযজ্ঞাদির দ্বারা স্বর্গ লাভ হইলেও কৃতকৃত্য হওয়া যায় না। কেন না স্বর্গবাসী দিগেরও পুনরাগমন আছে। শ্রুতিতে শুনা যায়, জীব স্বর্গভোগের পর

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

इतरलाभेऽप्यावृत्तिः पञ्चाग्नियोगतो जन्मश्रुतेः ॥२२॥

अग्निहोत्रादिना ब्रह्मलोकप्राप्तिः, कर्म्मजस्य क्षीयत इति पुनरावृत्तौ जन्म श्रुतिः "यथेह कर्म्मजितो लोकः क्षीयते, एवमेवाऽमुत्र पुण्यजितो लोकः क्षीयते" इति। किञ्च "न कर्म्मणा न प्रजया धनेन, त्यागेनैकेऽमृतत्वमानशुः" इति ॥ २२ ॥ विरक्तस्य किं स्वरूपमित्यत्राह—

विरक्तस्य हेयहानमुपादेयोपादानं हंसक्षीरवत् ॥२३॥

यद्यपि सर्व्वेषां हेयहानमुपादेयोपादानम्, तथापि प्रकरणविशेषाद्धेयः संसारः, उपदेयोमोक्ष इति द्रष्टव्यम् ॥ २३ ॥ अत्र युक्तिमाह—

लब्धातिशययोगाद्वा तद्वत् ॥ २४ ॥

तद्वत् हंसवत्, हंसस्यैवातिशयशक्तिः येन मिश्रितमपि क्षीरं पिवति जलं त्यजति। तथा लब्धातिशयस्य पुंसः संसारो हेयः, उपादेयो मोक्ष इति ॥२४॥ किं सरागस्यापि मुक्तिर्भविष्यतीत्यत्राह—

পঞ্চাগ্নিযোগে পুনর্ব্বার জন্মগ্রহণ করে। (পঞ্চাগ্নি = দিব, পর্জন্য, পৃথিবী, নর ও যোষিৎ। স্বর্গচ্যুত হইয়া মেঘে, মেঘ হইতে জলের সঙ্গে পৃথিবীতে, পৃথিবী হইতে শস্যাদির সঙ্গে নর-শরীরে, নরশরীর হইতে রেতের সঙ্গে স্ত্রীশরীরে গিয়া দেহলাভ করে বা উৎপন্ন হয়)। ২২

বিরক্ত পুরুষ হংসের ন্যায় হেয় অংশ পরিত্যাগ করিয়া উপাদেয় অংশ গ্রহণ করিবেন। (এস্থলে হেয় শব্দের অর্থ সংসার, আর উপাদেয় শব্দের অর্থ মোক্ষ)। ২৩

হংস যেমন অতিরিক্ত শক্তিবিশেষ থাকাতে নীরমিশ্রিত ক্ষীর হইতে ক্ষীর মাত্র গ্রহণ করিতে পারে, বিবেকী পুরুষও তেমনি বিবেক জনিত শক্তিবিশেষের দ্বারা সংসারত্যাগ ও মোক্ষ গ্রহণ করিতে পারেন। ২৪

রাগাভিভূত ব্যক্তির মুক্তি দূরে থাকুক, শুকদেবের ন্যায় কামচারিত্ব ও (যাহা ইচ্ছা—তাহা করিতে পারা) থাকে না। ব্যাসের রাগ বা ভোগাসক্তি

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न शुकवत् कामचारित्वं रागोपहतेः ॥२५॥

रागोपहतस्य कामचारित्वमेव नास्ति, किं पुनर्मुक्तिरिति। यथा व्यासस्य सरागस्य न मुक्तिः, अथ तत्सुतस्य शुकस्य वीतरागत्वान्मुक्तिर्भूता, एवम् ॥ २५ ॥ वन्धनः कथमित्यत्राह—

गुणयोगाद्वन्धः शुकवत् ॥२६॥

यथा शुकः पक्षी गुणयोगाद्वन्धमाप्नोति, तथा गुणयोगात् पुमानपि वन्धमाप्नोति ॥ २६ ॥ भोगादेव वैराग्यं कालवशाद्भविष्यति, किं ज्ञानेनेत्यत्राह –

न भोगाद्रागशान्तिर्मुनिवत् ॥ २७ ॥

न मुनेरपि भोगाद्रागशान्तिः, किं पुनरन्यस्य। यथा कश्यप सौभरिप्रभृतयः ॥२७॥ विषयिणां कथं वैराग्यं भविष्यतीत्यत्राह—

दोषदर्शनादुभयोः ॥ २८ ॥

उभयोरात्मनो विषयस्य च। आत्मनो दोषः सङ्गान्नरकपातो गर्भवासादिश्च। विषयदोषः परिणतिविरसत्वादिः ॥ २८ ॥ उपदेशानधिकारिणमाह—

ছিল, তাই তিনি মুক্ত হন নাই, কিন্তু তাঁহার পুত্র শুক রাগশূন্যতা প্রযুক্ত মুক্ত ও কামচারী হইয়া ছিলেন)। ২৫

শুক পক্ষী যেমন গুণ (রজ্জু) যোগে বদ্ধ হয়, পুরুষও তেমনি গুণযোগে (প্রকৃতিযোগে) বদ্ধ হন। ২৬

মুনি হইলেও ভোগ পরিত্যাগ ব্যতীত রাগ শান্তি হইবে না। কশ্যপ প্রভৃতি মুনি ভোগ করিতেন; তাই তাঁহাদের রাগশান্তি হয় নাই। ভোগের দ্বারা ভোগস্পৃহা বৃদ্ধি হয়, নিবৃত্তি হয় না)। ২৭

ভোগ করিবার পূর্ব্বে অথবা ভোগকালে আপনার ও বিষয়ের দোষ প্রত্যক্ষ হইলেই বৈরাগ্য হয়, অন্যথা হয় না। (আপনার দোষ=ভোগে থাকিলে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

ন মলিনচেতস্যুপদেশবীজপ্ররোহোঽজবৎ ॥ ২৯ ॥

যথাঽসংস্কৃতে ক্ষেত্রে ন বীজপ্ররোহঃ, তথা রাগাদিভির্মলিনে চেতসি নোপদেশবীজপ্ররোহঃ। অজবদিতি অজনাম্নি নৃপে ভার্য্যাশোকার্ত্তে যথা বশিষ্ঠেনোপদেশো দত্তো ন স্থিরীবভূব ॥ ২৯ ॥ রাগাদিমলিনে চেতসি নাভাসজ্ঞানমপীত্যাহ—

নাভাসমাত্রমপি মলিনদর্পণবৎ ॥ ৩০ ॥

যথা মলিনে দর্পণে মুখাভাসমপি ন প্রতিভাতি, তথা প্রধানপ্রতিবিম্বিতত্বাদাত্মনঃ প্রধানকার্য্যমাত্মজ্ঞানম্ ॥ ৩০ ॥ ননু মহানেব কারণরূপত্বাদাত্মাস্ত্বিত্যত্রাহ—

ন তজ্জস্যাপি তদ্রূপতা পঙ্কজাদিবৎ ॥ ৩১ ॥

ন কার্য্যমেব কারণং ভেদাৎ; ন হি পঙ্কজ এব পঙ্কঃ ॥ ৩১ ॥

অণিমাদিবিভূতিসিদ্ধস্যাপি ন কৃতকৃত্যতেত্যাহ—

নরক গতি, জন্ম, জরা, পুনঃ পুনঃ মরণ প্রভৃতি। বিষয়ের দোষ=বিষয় মাত্রেই ক্ষণভঙ্গুর, পরিণাম বিরস ও কষ্টপ্রদ প্রভৃতি)। ২৮

চিত্ত মলিন থাকিলে তাহাতে অজরাজার চিত্তের ন্যায় উপদেশাঙ্কুর উৎপন্ন হয় না অর্থাৎ স্থান প্রাপ্ত হয় না অথবা কার্য্যকারক হয় না। অজ রাজা ভার্য্যাশোকে মলিনচিত্ত ছিলেন, তজ্জন্য বশিষ্ঠের অসংখ্য উপদেশ ব্যর্থ হইয়াছিল। (কাম, ক্রোধ, মোহ, লোভ, মাৎসর্য্য, শোক, তাপ,—এ সমস্তই মনের মল সুতরাং ঐ সমস্ত থাকিলে মন মলিন থাকে)। ২৯

মলিন চিত্তে তত্ত্বজ্ঞানের বা তত্ত্বোপদেশের ছায়ামাত্রও পড়ে না। মলিন দর্পণে কি ছায়া পড়ে? না মুখ দেখা যায়? ৩০

যে যাহা হইতে জন্মে, ক্ষেত্রের অথবা ক্ষেত্রপতির দোষে সে তাহার স্বরূপ হইতে পারে না। (তাৎপর্য্য এই যে, উপদেশের দ্বারা জ্ঞান জন্মে সত্য; কিন্তু শিষ্যের চিত্তদোষ না থাকিলে কখনই সে উপদেশের অনুরূপ জ্ঞান লাভ করিতে পারে না, ব্যতিক্রম হইয়া যায়)। ৩১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न भूतियोगे कृतकृत्यता उपास्यसिद्धिवदुपास्यसिद्धिवत् ॥ ३२ ॥

यथा गुरूपासनया तत्त्वज्ञानेन सिद्धस्यानावृत्तेः कृतकृत्यता, तथा न भूतियोगेन, पुनरावृत्तेः। उपास्यसिद्धिवदिति वीप्साऽध्यायपरिसमाप्तौ।

इति श्रीकापिलसांख्यप्रवचनसूत्रवृत्तौ आख्यायिकाध्यायश्चतुर्थः ॥४॥

জীব অণিমাদি অষ্টসিদ্ধি লাভ করিলে কৃতকৃত্য অর্থাৎ মুক্ত হয় না। উপাসকগণ যেমন উপাসনার দ্বারা উপাস্যদেবতা প্রাপ্ত হইলেও মুক্ত হইতে পারে না, সেইরূপ, তত্ত্বজ্ঞান ব্যতীত কেবলমাত্র ঐশ্বর্য্য লাভের দ্বারা কেহ মুক্ত হইতে পারে না। ৩২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

अथ पञ्चमः-परपक्षनिर्जयाध्यायः ।

आख्यायिकानन्तरं परपक्षनिर्जयार्थं पञ्चमाध्यायारम्भः ।

मङ्गलाचरणं शिष्टाचारात्फलदर्शनात् श्रुतितश्चेति ॥१॥

कृतेऽपि मङ्गले ग्रन्थापरिसमाप्तेरकृतेऽपि समाप्तेः, किं मङ्गलेनेति यैरुक्तं, तदनेन निरस्तम् ॥ १ ॥ पूर्वसिद्धमीश्वरासत्त्वमिदानीं न्यायेनाह—

नेश्वराधिष्ठिते फलसम्पत्तिः कर्म्मणा तत्सिद्धेः ॥२॥

यदीश्वरः स्वतन्त्रः कर्त्ता, कर्म्मणा विनापि कुर्य्यात् । अथ कर्म्मसहकारी कुरुते । कर्म्मैवाऽस्तु, किमीश्वरेण ? न च सहकारी प्रधानशक्तिं बाधते, स्वातन्त्र्यविघातात् । किञ्च, स्वार्थपरार्थाभ्यां प्रवृत्तिर्दृष्टा, न चेश्वरस्य स्वार्थमस्ति । परार्थत्वे कारुणिकस्य दुःखमयसृष्ट्यनुपपत्तिः । न च परार्थप्रवृत्तिः, परोपकारादिनापि स्वार्थलाभात् प्रवृत्तेः । तस्मात् कर्म्मैव जगत्कारणमस्तु ॥ २ ॥ एतद्दर्शयति—

स्वोपकारादधिष्ठानं लोकवत् ॥ ३ ॥

न च नित्यस्य स्वोपकारः सम्भवति ॥३॥ स्वोपकार एव भविष्यतीत्यत्राह—

শিষ্টাচার, ফল, শ্রুতি-আজ্ঞা,—এই তিন কারণে গ্রন্থারম্ভে মঙ্গলাচরণ আবশ্যক। (মঙ্গলাচরণ অনাবশ্যক, এ মত নিরস্ত হইল)। ১

কেহ ভাবেন, ঈশ্বর অধিষ্ঠাতা ; তৎপ্রযুক্তই ফলাফল হয়, পরন্তু তাহা সঙ্গত নহে। কর্ম্মের প্রভাবেই ফলসিদ্ধি হয়, ইহাই সত্য। (এই সূত্রের দ্বারা ঈশ্বরবাদ নির্জিত হইল। ঈশ্বর নামক জগৎকারণ ও ফলসম্পাদক কেহ নাই, একমাত্র কর্ম্মই যাবন্ত ফলের প্রদাতা)। ২

স্বীয় উপকার সম্বন্ধ থাকায় লোকদৃষ্টান্তে অধিষ্ঠাতৃত্ব থাকে বটে ; পরন্তু

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

लौकिकेश्वरवदितरथा ॥ ४ ॥

असर्वज्ञ इत्यर्थः ॥ ४ ॥ दूषणान्तरमाह—

पारिभाषिको वा ॥५॥

प्रकृतिच्छायापत्त्या तत्कर्त्तृत्वादात्मैव कर्त्तेति तस्येश्वरेति संज्ञा परिभाषा इत्यर्थः ॥ ५ ॥ हेत्वन्तरमाह—

न रागादृते तत्सिद्धिः प्रतिनियतकारणत्वात् ॥६॥

अविनाभावस्य कारणस्य व्यभिचारे सर्वत्रानाश्वासः। रागस्य प्रवृत्तिनिमित्तमिति तं विना कथं जगन्निर्म्मातृत्वम्? न च मुक्तस्य रागोऽस्ति ॥६॥ रागएव भविष्यतीत्यत्राह—

तद्योगेऽपि न नित्यमुक्तः ॥ ७ ॥

रागयोगेऽपि ॥७॥ प्रधानशक्तियोगात् कर्त्तृत्वं भविष्यतीत्यत्राह—

प्रधानशक्तियोगाच्चेत् सङ्गापत्तिः ॥ ८ ॥

"असङ्गो ह्ययं पुरुष" इति तद्विरोधापत्तिः ॥ ८ ॥ न प्रधानसङ्गः, किन्तु प्रधानसत्तामात्रेण कर्त्तृत्वं भविष्यतीत्यत्राह—

নিত্যনির্ব্বিকারের উপকার সম্বন্ধ অসম্ভব। কাযেই তাদৃশ ঈশ্বর ও তাদৃশ অধিষ্ঠাতৃত্ব অসম্ভব। ৩

মনুষ্যাদির ন্যায় স্বোপকারপ্রযুক্ত অধিষ্ঠান, ইহা স্বীকার করিলে, স্বতন্ত্র ঈশ্বর সিদ্ধ হইবে না, রাজাদির ন্যায় প্রভু মাত্র সিদ্ধ হইবে। ৪

অথবা 'ঈশ্বর' ইহা একটী পরিভাষা বা নাম মাত্র। অর্থাৎ সাংখ্যমতের প্রকৃতিপ্রতিবিম্বিত পুরুষই পরকীয় মতের ঈশ্বর। স্বতন্ত্র বা পৃথক্ ঈশ্বর নাই। ৫

রাগ না থাকিলে, সৌন্দর্য্যবোধ না থাকিলে, "ইদং মে ভূয়াৎ=ইহা হউক" এরূপ ইচ্ছা না থাকিলে, কর্ত্তৃত্ব থাকিতে পারে না। তাহার কারণ এই যে, একমাত্র রাগই কর্ত্তৃত্বনিষ্পাদনের মূল বা প্রধান কারণ। ৬

যদি বল, রাগাদি আছে, তাহা হইলে তাঁহাকে নিত্যমুক্ত অর্থাৎ মুক্তস্বভাব বলিও না। (অর্থাৎ তিনি রাগযুক্ততাহেতু অস্মদাদির ন্যায় অমুক্ত)। ৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

সত্তামাত্রাচ্চেত্, সর্ব্বৈশ্বর্য্যম্ ॥ ৯ ॥

সর্ব্বাত্মনঃ প্রতি প্রধানসত্তায়া অবিশেষাত্ সর্ব্বাত্মনামীশ্বরত্বম্ ॥৯॥ ঈশ্বরসাধনানি প্রমাণানি সন্তি, তত্কথমিত্যত্রাহ—

প্রমাণাভাবান্ন তত্সিদ্ধিঃ ॥ ১০ ॥

প্রত্যক্ষপ্রমাণাভাবাত্ ॥ ১০ ॥ অনুমানং ভবিষ্যতীত্যত্রাহ—

সম্বন্ধাভাবান্নানুমানম্ ॥ ১১ ॥

প্রত্যক্ষপূর্ব্বকত্বাদ্ব্যাপ্তেস্তদভাবাত্ কুতঃ সম্বন্ধগ্রহঃ ? ন চাসাধারণস্য সম্বন্ধগ্রহঃ ॥ ১১ ॥ শাব্দং প্রমাণং ভবিষ্যতীত্যত্রাহ—

শ্রুতিরপি প্রধানকার্য্যত্বস্য ॥ ১২ ॥

প্রধানাজ্জগদুত্পদ্যত ইতি শ্রুতিরস্তি। তস্মাদীশ্বরসাধকপ্রমাণানি প্রমাণাভাসানি ॥১২॥ অবিদ্যাযোগাদাত্মনঃ কর্তৃত্বমিতি কেচিত্ তত্রাহ—

তাঁহার রাগ নাই, না থাকিলেও তিনি প্রকৃতিশক্তির যোগে কর্ত্তা, এ কথাও বলিতে পারিবে না। বলিলে, "অসঙ্গোহয়ং পুরুষঃ" সেই পরম পুরুষ নিঃসঙ্গ, এ সিদ্ধান্তের প্রতি আপত্তি হইবে, ব্যাঘাত হইবে। ৮

প্রকৃতির সহিত তাঁহার সঙ্গ (সম্বন্ধ) হয় না, প্রকৃতির অস্তিত্ব প্রভাবেই তাঁহার কর্তৃত্ব, অর্থাৎ প্রকৃতি থাকাতেই তিনি কর্ত্তা, এরূপ বলিলে সর্ব্বৈশ্বর্য্য আপত্তি হইবে। অভিপ্রায় এই যে, প্রকৃতি সকল কালে ও সকল দেশে আছেন এবং আত্মাও সকল কালে ও সকল দেশে আছেন ; তবে কেন তাহাদের অর্থাৎ সকল দেশে আত্মার কর্তৃত্ব ঐশীশক্তি বা ঐশ্বর্য্য নাই ? ৯

প্রমাণ নাই (প্রত্যক্ষ প্রমাণ) বলিয়াও ঈশ্বর অসিদ্ধ। ১০

জগতের সহিত তাঁহার জন্যজনকসম্বন্ধ না থাকায় অনুমানও হয় না। (অর্থাৎ জগৎ যে কাহার কৃতিনিষ্পন্ন অথবা কাহার ইচ্ছাসম্ভূত তাহা প্রমাণ করা দুঃসাধ্য। ফলিতার্থ এই যে, অনুমানের দ্বারাও ঈশ্বরাস্তিত্ব সিদ্ধ করা যায় না। ১১

শ্রুতিও জগৎকে প্রকৃতিকার্য্য বলিয়া উপদেশ করিয়াছেন। (ঈশ্বর প্রত্যক্ষগোচর নহেন, অনুমানগম্য নহেন, বেদবোধ্যও নহেন)। ১২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

नाविद्याशक्तियोगो नि:सङ्गस्य ॥ १३ ॥

व्यक्तम् ॥ १३ ॥ दूषणान्तरमाह—

तद्योगे तत्सिद्धावन्योन्याश्रयत्वम् ॥ १४ ॥

अविद्यया विना न सृष्टि:, सृष्ट्या विना नाऽविद्या, इत्यन्योऽन्याश्रयत्वम् ॥ १४ ॥ अनादित्वाद्बीजाङ्कुरवन्नान्योऽन्याश्रयत्वमित्यत्राह—

न बीजाङ्कुरवत् सादिसंसारश्रुतेः ॥ १५ ॥

भवेदेवं, यद्यनादि: संसार:, किन्तु सादि: संसार:। श्रुतिश्च "विश्वतश्चक्षुरुत विश्वतोमुखो विश्वतोबाहुरुत विश्वतस्पात्। सम्बाहुभ्यां धमति संपतत्रैर्द्यावाभूमी जनयन् देव एक:।" तस्मात् प्रलये प्रवाहविच्छेद इति ॥ १५ ॥ अविद्यास्वरूपे बाधकमाह—

विद्यातोऽन्यत्वे ब्रह्मबाधप्रसक्तेः ॥ १६ ॥

विद्यातोऽन्यत्वे ब्रह्मणोऽपि विद्यातोऽन्यत्वेन अविद्यात्वं स्यात्। ततश्च ब्रह्मत्वबाध इति ॥ १६ ॥ युक्त्यन्तरमाह—

যিনি নিঃসঙ্গ স্বভাব—তাহাঁতে অবিদ্যাশক্তির যোগ বা সম্বন্ধ হইবার সম্ভাবনা নাই। (এই সূত্রের দ্বারা মায়াবাদীর মত খণ্ডিত হইতেছে)। ১৩

অসঙ্গস্বভাব আত্মায় অবিদ্যাসংযোগ সিদ্ধ বা সপ্রমাণ করিতে গেলে অন্যোন্যাশ্রয় দোষ হইবে। (অবিদ্যাব্যতীত সৃষ্টি হয় না, এবং সৃষ্টিব্যতীত অবিদ্যা হয় না, বা থাকে না, সুতরাং অন্যোন্যাশ্রয় দোষ হয়) *। ১৪

বীজাঙ্কুরের দৃষ্টান্তে সংসারকে অনাদি বলিলে অন্যোন্যাশ্রয় দোষ হয় না বটে ; কিন্তু ইহা অনাদি নহে ; সাদি। কেন-না, শ্রুতি ইহাকে (সংসারকে) সাদি অর্থাৎ উৎপন্ন পদার্থ বলিয়া নির্ণয় করিয়াছেন। ১৫

বিদ্যাভিন্ন অবিদ্যা, অর্থাৎ যাহা বিদ্যা নহে তাহাই অবিদ্যা, অবিদ্যার এরূপ

---

* "অন্যোন্যাশ্রয়" ইহা একপ্রকার তর্ক এবং কার্য্যকারণ জ্ঞানের প্রতিবন্ধক। প্রথম বস্তুর স্বরূপ জানিতে দ্বিতীয় বস্তুর অপেক্ষা এবং দ্বিতীয় বস্তুর স্বরূপ জানিতে প্রথম বস্তুর অপেক্ষা—এরূপ হইলে দুইটীর কোনটীই জানা যায় না। কাযেই তাহা দোষ।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

অবাধে নৈষ্ফল্যম্ ॥ ১৭ ॥

যদি বিদ্যয়াঽবিদ্যা ন বাধ্যতে, বিদ্যৈব ন ভবিষ্যতীতি ॥ ১৭ ॥ বাধ্যত এবেত্যত্রাহ—

বিদ্যাবাধ্যত্বে জগতোঽপ্যেবম্ ॥ ১৮ ॥

এবমিতি জগতোঽপ্যবিদ্যাত্বম্ ॥১৮॥ অস্তি জগতোঽপ্যবিদ্যাত্বমিত্যত্রাহ—

তদ্রূপত্বে সাদিত্বম্ ॥ ১৯ ॥

অনাদিরিয়মবিদ্যা। জগতস্তদ্রূপত্বেঽবিদ্যায়াঃ সাদিত্বম্ ॥১৯॥ ন কর্ম্মণো জগত্কারণত্বং, স্বভাবাদেব জগদুত্পদ্যত ইত্যত্রাহ,—

লক্ষণ হইলে ব্রহ্ম ও অবিদ্যা হন; সুতরাং তাঁহার বাধ বা বিদ্যানাশ্যতা আপনা হইতেই সিদ্ধ হয়। কেন-না, তোমার মতে ব্রহ্মও বিদ্যাভিন্ন; সুতরাং বিদ্যাভিন্নতা-বিধায় ব্রহ্মও অবিদ্যা। অভিপ্রায় এই যে, পরকীয় মতে অবিদ্যামাত্রেই বিদ্যানাশ্য; সুতরাং ব্রহ্মও অবিদ্যা ও বিদ্যানাশ্য। ১৬

ব্রহ্ম বিদ্যাভিন্নতাহেতু অবিদ্যা বলিয়া গণ্য হইলেও তিনি বিদ্যানাশ্য নহেন, অর্থাৎ তাঁহার বাধ হয় না, এরূপ বলিলেও তোমার বিদ্যা লক্ষণ নিস্ফল হইবে। অবিদ্যা যদি বিদ্যানাশ্য না হয়, বিদ্যা যদি অবিদ্যা বিনাশ না করে, তাহা হইলে তাহার বিদ্যাত্বই থাকে না। কাজেই তোমাকে ইচ্ছা না থাকিলেও অবিদ্যাকে বিদ্যানাশ্য বলিয়া অঙ্গীকার করিতে হইবে। করিলে ব্রহ্মবাধ আপত্তি অবিচাল্য থাকিবে। ১৭

বিদ্যাভিন্ন অবিদ্যা এবং তাহা বিদ্যানাশ্য, ইহা স্বীকার করিলে জগৎকেও অবিদ্যা ও বিদ্যানাশ্য বলিতে হইবে। ১৮

জগৎকে অবিদ্যা বলিলে অবিদ্যার সাদিত্ব অঙ্গীকার করিতে হয়। কেন না জগৎ সাদি, ইহা উভয় বাদি সম্মত। (অবিদ্যাবাদীরা অবিদ্যাকে অনাদি বলেন অথচ জগৎকে অনাদি বলেন না। এ সিদ্ধান্ত যে নির্দোষ নহে, তাহা সংক্ষেপে বলা হইল)। ১৯

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

ন ধর্ম্মাপলাপঃ প্রকৃতিকার্য্যবৈচিত্র্যাৎ ॥ ২০ ॥

প্রকৃতের্নিত্যত্বাৎ স্বভাবস্যৈকত্বাদ্ধর্ম্মাভাবাদ্বিচিত্রকার্য্যানুপপত্তিঃ। তস্মাদ্ধর্ম্মভেদেন কার্য্যবৈচিত্র্যম্, ন ধর্ম্মাপলাপঃ ॥ ২০ ॥ ধর্ম্মসিদ্ধৌ প্রমাণমাহ—

শ্রুতিলিঙ্গাদিভিস্তৎসিদ্ধিঃ ॥ ২১ ॥

শ্রুতীতি শাব্দং প্রমাণং দর্শিতম্, লিঙ্গেত্যনুমানম্। আদিশব্দাৎ যোগিপ্রত্যক্ষং, এভির্ধর্ম্মসিদ্ধিঃ ॥ ২১ ॥ যদি দেশকালযোর্ন কারণত্বং, কথং কাশ্মীরে কুঙ্কুমোৎপত্তিঃ, বসন্তে চূতমুকুলোৎপত্তিরিত্যত্রাহ—

ন নিয়মঃ, প্রমাণান্তরাবকাশাৎ ॥ ২২ ॥

নাঽদৃষ্টমেব কারণমিতি নিয়মঃ, কিন্তু অদৃষ্টং সহকারি কারণম্, অন্যেষামপি কারণত্বং, প্রমাণসদ্ভাবাদিত্যর্থঃ ॥ ২২ ॥ দুঃখময়সংসার দর্শনাৎ দুরিতাদৃষ্টমেবাস্তু ইত্যত্রাহ,—

প্রাকৃতিক কার্য্য বিচিত্র ; তৎকারণে ধর্ম্মের অপলাপ হয় না অর্থাৎ ধর্ম্মের কারণতা নাই বলিতে পার না। (স্বভাববাদীরা বলে, জগৎ সাদি অর্থাৎ উৎপন্ন পদার্থ হইলেও ধর্ম্মকারণক উৎপন্ন নহে। স্বভাব বশতঃই উৎপন্ন। তাহাদের মত এই সূত্রের দ্বারা নিরস্ত হইতেছে। সৃষ্টির সহিত জীবধর্ম্মের নিমিত্তনৈমিত্তিক সম্বন্ধ না থাকিলে এমন বিচিত্র সৃষ্টি অর্থাৎ বিবিধ সৃষ্টি ও সুব্যবস্থা হইতে পারিত না)। ২০

শ্রুতি, অনুমান, ও যোগিপ্রত্যক্ষ,—এই তিন প্রকার প্রমাণের দ্বারা ধর্ম্মাস্তিত্ব সিদ্ধ হয়। ২১

দৃষ্টকারণ না থাকিলে অর্থাৎ প্রত্যক্ষ প্রমাণ না থাকিলে বস্তুসিদ্ধি হয় না, এরূপ নিয়ম নাই। কেন না, অন্য প্রমাণের (অনুমানাদির) দ্বারাও বস্তুর অস্তিত্ব সিদ্ধি হয়। কেহ কেহ এইরূপ ব্যাখ্যা করেন :—সৃষ্টি সম্বন্ধে দৃষ্ট পদার্থেরই কারণতা আছে, অদৃষ্টের কারণতা নাই, এরূপ নহে। পরন্তু অদৃষ্টের সহায়তা ব্যতীত অত্যল্প কার্য্যও উৎপন্ন হইতে পারে না। ২২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

उभयत्राप्येवम् ॥ २३ ॥

सुखस्यापि दर्शनात् शुभादृष्टमेवास्तु ॥२३॥ दुःखाभावे सुखाभिमानात् तत्रादृष्टशब्दो मुख्यः, सुखकारणे गौणः, इत्यत्राह—

अर्थात्सिद्धिश्चेत् समानमुभयोः ॥ २४ ॥

अर्थात् अर्थापत्तिप्रमाणेन । एतद्विपरीतसम्भवादुभयोस्तुल्यत्वमिति ॥२४॥ धर्म्मादीनामात्मधर्म्मत्वं निषेधति—

अन्तःकरणधर्म्मत्वं धर्म्मादीनाम् ॥ २५ ॥

बुद्धिधर्म्मत्वं ; आत्मधर्म्मत्वे निःसङ्गत्वश्रुतिविरोधात् ॥२५॥ अन्यधर्म्मस्याऽन्यत्र कार्य्यादर्शनादवरमसत्त्वमेव धर्म्मादीनामित्यत्राह—

गुणादीनां नात्यन्तवाधः ॥ २६ ॥

यथा पृथिव्यादीनां दृष्टत्वान्नात्यन्तवाधः, तथा गुणादीनां धर्म्मादीनामपि । अन्यधर्म्मस्याप्यन्यत्र कार्य्यकरणं चितिच्छायापत्तेरत्युक्तम् ॥ २६ ॥ दुःखाभावः सुखमिति तत्प्रतिषेधार्थमाह—

সংসার দুঃখময়, ইহা দেখিয়া দুরিতাদৃষ্টকেই অর্থাৎ অধর্ম্মকেই সংসারের নিমিত্তকারণ বলিবে, তাহা বলিতে পারিবে না। সংসারে সুখও আছে। তাহা দেখিয়া শুভাদৃষ্টকেও (ধর্ম্মকেও) কারণ বলিতে হইবে। ২৩

সুখ আর্থিকক্রমে সিদ্ধ, এরূপ বলিলে সুখ, দুঃখ দুই সমান হয়। সুখ পৃথক্ পদার্থ নহে, দুঃখের অভাবই সুখ, এরূপ বলিলে আমরাও বলিব, দুঃখও স্বতন্ত্র বস্তু নহে, সুখের অভাবই দুঃখ। সুতরাং সুখের ন্যায় দুঃখের স্বরূপ নির্ণয়ও সমান হইয়া পড়ে। এ বিবাদ অপেক্ষা, তুল্যযুক্তি প্রভাবে, সুখ দুঃখ অথবা শুভাদৃষ্ট অশুভাদৃষ্ট উভয়ই স্বতন্ত্র বা পৃথক, এরূপ বলা ভাল। ২৪

ধর্ম্ম ও অধর্ম্ম অন্তঃকরণের ধর্ম্ম ; (গুণ), আত্মার ধর্ম্ম নহে ২৫

গুণের (প্রাকৃতির) ও গুণধর্ম্ম ধর্ম্মাদির আত্যন্তিক বাধ (অপলাপ বা না থাকা) হয় না। (তাৎপর্য্যার্থ এই যে, অন্তঃকরণের ধর্ম্ম আত্মায় গিয়া

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

पञ्चावयवयोगात् सुखसम्बित्तिः ॥ २७ ॥

यद्यपि मानसप्रत्यक्षेण भावरूपं सुखमवसीयते, तथापि पर-बोधाय प्रमाणमप्युक्तम्। पञ्चावयवयोगादिति त्र्यवयवमनुमानमिति निरस्तम्। प्रतिज्ञाहेतुदृष्टान्तोपनयनिगमनमिति पञ्च। अनेन पक्षधर्म्मत्वं, सपक्ष-सत्त्वं, विपक्षाद्व्यावृत्तिरसत्प्रतिपक्षत्वमवाधित-विषयत्वं च सिद्धम् ॥ २७ ॥ सकृद्दर्शनात् न व्याप्तिरित्यत्राह—

न सकृद्ग्रहणात् सम्बन्धसिद्धिः ॥ २८ ॥

स्वप्रतीतिविरोधात् तथाच वह्निरासभयोः सकृद्दर्शनादनुमानं स्यात्। नैवं प्रतीयत इति ॥ २८ ॥ केयं व्याप्तिरित्यत्राह—

नियतधर्म्मसाहित्यमुभयोरेकतरस्य वा व्याप्तिः ॥ २९ ॥

उभयोरिति समव्याप्तिकयोः कृतकत्वानित्यत्वयोः। एक-

কার্য্য করে, এরূপ বলা অপেক্ষা তাহাতে কোনরূপ ধর্ম্ম নাই, এইরূপ বলা ভাল বটে পরন্তু তাহা একেবারে নাই, কোনপ্রকারে নাই, এরূপ বলা ভাল নহে। আত্মাকে যখন গুণে ও গুণধর্ম্মে প্রতিচ্ছায়াপন্ন হইতে দেখা যায়, তখন আর তাঁহাতে ধর্ম্ম নাই, কোনও প্রকারে নাই, এ কথা বলা যায় না। এই মাত্র বলা যায় যে, তাঁহাতে কোন বাস্তব ধর্ম্ম নাই অথবা তাঁহার স্বরূপে কোনরূপ ধর্ম্ম নাই, কিন্তু তাঁহাতে আরোপিত ধর্ম্ম আছে)। ২৬

দুঃখের অভাব সুখ, ইহা সত্য নহে। অর্থাৎ সুখ অভাব পদার্থ নহে। হেতু এই যে তাহা পঞ্চাবয়বযোগে "সৎ" অর্থাৎ আছে বলিয়া প্রতীত হয়। (প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগম, এই পাঁচ প্রকার অবয়বের দ্বারা অর্থাৎ অনুমান প্রমাণের দ্বারা সুখের ভাবরূপত্ব সপ্রমাণ হয়)। ২৭

একবার দেখিলে বস্তু দ্বয়ের পরস্পর সম্বন্ধ (অবিনাভাব বা ব্যাপ্তি) নির্ণীত বা নিশ্চিত হইবে না; তদ্বিষয়ে ভূয়োদর্শনের অপেক্ষা করিবে। ২৮

একের সহিত অপরের, অথবা উভয়ের সহিত উভয়ের যে নিয়ত ধর্ম্ম সাহিত্য [সহাবস্থান বা একত্রাবস্থিতি] থাকে, তাদৃশ ধর্ম্মসাহিত্যের অন্ত

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

তস্য বিষমব্যাপ্তিকস্য ধূমস্যেতি। তথাচ যাবদ্ব্যাপ্যতিরিক্তিত্বং শতাংশেনাপি শঙ্ক্যতে। বিপক্ষস্য কুতস্তাবদ্ধেতোর্গমনিকাবলম্ ॥২৯।

তত্ত্বান্তরং ব্যাপ্তিরিতি, তন্নিরাকরোতি—

ন তত্ত্বান্তরং বস্তুকল্পনা প্রসক্তেঃ ॥ ৩০ ॥

তত্ত্বান্তরস্বীকারেঽপি অব্যভিচারো বক্তব্যঃ। স এবাস্তু, কিং বস্তু-কল্পনয়েতি ॥ ৩০ ॥ স্বমতমাহ—

নিজশক্ত্যুদ্ভবমিত্যাচার্য্যাঃ ॥ ৩১ ॥

অস্তি বহ্নিধূমযোর্নিজা শক্তিঃ। সা ভূয়োদর্শনেন গৃহ্যতে; সৈব ব্যাপ্তিরিতি ॥ ৩১ ॥ একদেশি মত মাহ

আধেয়শক্তিযোগ ইতি পঞ্চশিখঃ ॥ ৩২ ॥

নাম ব্যাপ্তি। তন্মধ্যে উভয়ের ধর্ম্মসাহিত্যের নাম সমব্যাপ্তি; আর একের ধর্ম্ম সাহিত্যের নাম বিষমব্যাপ্তি। সমব্যাপ্তির স্থল জন্যতা ও অনিত্যতা। আর বিষমব্যাপ্তির স্থল ধূম ও বহ্নি প্রভৃতি। ২৯

ব্যাপ্তি তত্ত্বান্তর নহে। অর্থাৎ উহা সাধ্য ও সাধন এই দু এর অতিরিক্ত অন্য কোন পৃথক্ পদার্থ নহে। ইহা অনঙ্গীকার করিলে অবশ্যই উহার আশ্রয়ার্থ আরও একটী বস্তুর কল্পনা করিতে হইবে। [যাহাঁরা বলেন, ব্যাপ্তি একপ্রকার শক্তি; এই সূত্রের দ্বারা তাহাদের মত খণ্ডিত হইল]। ৩০

আচার্য্যগণ বলিয়াছেন, ধূম-বহ্নির এক প্রকার নিজ শক্তি [স্বাভাবিকী শক্তি] আছে, তাহা ভূয়োদর্শন ও সহচারদর্শনাদির দ্বারা উদ্ভূত অর্থাৎ বিস্পষ্ট হয়, সুতরাং সেই শক্তি উদ্ভবই ব্যাপ্তি। ৩১

পঞ্চশিখ-নামক মুনি বলেন, আধেয়শক্তিযোগের নাম ব্যাপ্তি (আধেয় শক্তি-যোগ=ব্যাপ্যত্বনিশ্চয়—তাহা ব্যাপ্যপদার্থের ধর্ম্ম। অভিপ্রায় এই যে, যত প্রকার মতই থাকুক, সিদ্ধান্তপক্ষে ব্যাপ্তি পৃথক্ পদার্থ নহে। এবং সাধ্য-সাধকের স্বরূপও নহে। উহা একপ্রকার সম্বন্ধ মাত্র)। ৩২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

यदि निजा शक्तिः, अव्युत्पन्नस्यापि वस्तुनोदर्शनादत्राऽयं शक्त इति ज्ञानं स्यात्। न चैवम्। तस्मादाधेयशक्तिर्वाच्येति ॥ ३२ ॥

युक्तिमाह—

न स्वरूपशक्तिनियमः, पुनर्वादप्रसक्तेः ॥ ३३ ॥

यदि स्वरूपं शक्तिः, शक्तो मल्ल इति पुनरुक्तं स्यात् ॥ ३३ ॥

युक्त्यन्तरमाह—

विशेषणानर्थक्यप्रसक्तेः ॥ ३४ ॥

शक्तो देवदत्त इति प्रत्ययो न स्यात्,किन्तु देवदत्तो देवदत्त इति ॥ ३४ ॥ अपरां युक्तिमाह—

पल्लवादिष्वनुपपत्तेः ॥ ३५ ॥

पल्लवादिषु स्वरूपस्य तादवस्थ्यात् अप्रयुक्तेऽपि मन्त्रे विषापनोदनं स्यात् ॥ ३५ ॥ समाधानमाह—

आधेयशक्तिसिद्धौ निजशक्तियोगः समानन्यायात् ॥३६॥

निजा चासौ शक्तिश्चेति निजशक्तिः, न तु स्वरूपमेव शक्तिः। तथाच आधेयशक्तिसिद्धौ निजशक्तियोगः समानन्यायत्वात्। तथाच शक्तेरविशेषादाधेयशक्तियोगो वा निजशक्तियोगोवेति समानो न्यायः।

ব্যাপ্তি এক প্রকার শক্তি এবং তাহা বস্তুর স্বরূপ, এরূপ হইলে, "শক্তিমান্ মল্ল" এরূপ প্রয়োগ হইতে পারে না। এতন্মতে "শক্তিমান্" বিশেষণ অনর্থক ও পুনরুক্তদোষাক্রান্ত। ৩৩-৩৪

স্বরূপ-শক্তি-বাদীর মতটী পল্লবাদিতে উৎপন্ন হয় না। অভিপ্রায় এই যে, তন্মতে পল্লবেও বৃক্ষব্যাপ্যতা থাকে সুতরাং ছিন্নপল্লবে তাহার বিনাশ না হওয়ায় বৃক্ষব্যাপ্যতাবোধ হওয়া উচিত পরন্তু তাহা হয় না। ৩৫

আধেয়শক্তি সিদ্ধ হইলে নিজ-শক্তি উদ্ভব হওয়া সিদ্ধ হয়। হেতু এই যে, শক্তিসিদ্ধিপক্ষে যুক্তিসাম্য আছে। (যদ্রূপ যুক্তিতে আধেয়-শক্তি থাকা সিদ্ধ

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

यच्च वस्तुग्रहणे प्रथमं न गृह्यते, चित्रशक्तित्वात् पदार्थानाम्; यथा स्थितोऽपि पितापुत्रसम्बन्धो विनोपदेशान्न गृह्यते। अतएवोक्तं निजशक्त्युद्भवमिति ॥ ३६ ॥ पदपदार्थयोस्तादात्म्यं निषेधति—

वाच्य-वाचकसम्बन्धः शब्दार्थयोः ॥ ३७ ॥

तादात्म्यपक्षे घटोऽपि श्रोत्रग्राह्यः स्यात्, शब्दोऽपि चाक्षुषः स्यात्। अग्न्याद्युच्चारणे मुखदाहादिप्रसङ्गश्च इति ॥ ३७ ॥

अत्र हेतुमाह—

त्रिभिः सम्बन्धसिद्धेः ॥ ३८ ॥

त्रिभिः प्रकारैः व्युत्पत्तिग्रहणात्। आप्तोपदेशात्—यथाऽयं घट इति। वृद्धव्यवहारात्, यथा गामानाय शुक्लां दण्डेनेति—अत्र प्रयोजकवृद्धवाक्यात् प्रयोज्यवृद्धप्रवृत्तिं दृष्ट्वा बालस्य। प्रसिद्धपद-सामानाधिकरण्यात् यथा पक्षी आम्रं भक्षयतीति श्रुत्वा आम्र-भक्षणार्थं जानाति, पक्षीति तदानीं प्रतिपद्यते ॥ ३८ ॥

कार्य्ये व्युत्पत्तिरिति नियमं व्युदस्यति।

হয়, তদ্রূপ যুক্তিতেই নিজশক্তির উদ্ভব সিদ্ধ হয়। অপিচ বস্তু দেখিলেই যে তাহার শক্তি উদ্ভব (শক্তিবিষয়ক বিস্পষ্টজ্ঞান) হয়, তাহা হয় না। পিতা পুত্র সম্বন্ধ থাকিলেও তাহা উপদেশ ব্যতীত উদ্ভূত বা বিস্পষ্ট হয় না। অতএব, ধুমবহ্নির ব্যাপ্তি নামক নিজশক্তি থাকিলেও তাহা আধেয় শক্তির যোগ ব্যতীত উদ্ভূত বা বিস্পষ্ট হইতে পারে না।) ৩৬

শব্দ ও অর্থ, (বস্তু) উভয়ের বাচ্যবাচক সম্বন্ধ আছে। শব্দ সকল বাচক এবং অর্থ সকল বাচ্য। ৩৭

ঐ সম্বন্ধ তিন প্রকারে সিদ্ধ অর্থাৎ জ্ঞানগম্য হয়। (আপ্তবাক্য (১) বৃদ্ধব্যবহার (২) এবং প্রসিদ্ধশব্দের সহযোগ (৩) * ৩৮

---

* বিশ্বস্ত পুরুষ উপদেশ করিল "উহা ঘট"। শ্রোতা বুঝিল, প্রদর্শিত বস্তুই ঘট। এক জন

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न कार्य्ये नियम उभयथादर्शनात्॥ ३९॥

कार्य्ये व्युत्पत्तिर्दृष्टा, यथा अहरहः सन्ध्यामुपासीतेति। सिद्धार्थे च दृष्टा, यथा हरिर्देवादिदेव इति। तथाहि—विध्यर्थवाद-मन्त्रात्मका वेदाः। विधौ कार्य्यतैकार्थसमवेतायामिष्टसाधनतायां प्रामाण्यम्। विधिशक्तेस्तत्स्मकत्वे नार्थवादस्यापि पारम्पर्य्येण प्रवर्त्तकत्वात् प्रामाण्यम्। विहितस्मारकत्वेन मन्त्रस्यापि प्रामाण्यम्। यत्तु प्रवृत्तिनिमित्तत्वान्मन्त्रार्थवादयोः प्रामाण्यं, न तु प्रतिपादकत्वं, तन्न। उत्पत्तावस्ति प्रवृत्त्यर्थत्वं, ज्ञप्तौ तु सिद্धार्थपरत्वमेव

বাক্যের শক্তি কার্য্যে, অর্থাৎ বাক্য কেবল কার্য্যপদার্থেরই (যাহা করা যায় তাহার) বোধক, সিদ্ধ পদার্থের (যাহার কিছু করিতে হয় না অর্থাৎ যাহা স্বতঃসিদ্ধ ও আছে তাহার) বোধক নহে, এরূপ নিয়ম হইতে পারে না। হেতু এই যে, কার্য্য ও কার্য্যভিন্ন অর্থাৎ সাধ্য ও সিদ্ধ উভয় পদার্থেই বাক্যশক্তির সমাবেশ দেখা যায়। যথা—বিষ্ণু পূজা করিবেক, এস্থানে কার্য্যবোধক এবং বিষ্ণু দেবতা, এ স্থলে সিদ্ধবোধক। এই সূত্রের দ্বারা কার্য্যবাদী মীমাংসকের মত নিরস্ত হইতেছে।* ৩৯

এক জনকে বলিল একটা গাভী আন। সে গাভী আনিল। বালক তাহা দেখিয়া বুঝিল, আনীত পদার্থই গাভীশব্দের বাচ্য। এক বালক আম্র চেনে; কিন্তু পাখী চেনে না। কোন পথিক তাহার সম্মুখে বলিল পাখী আম্র খাইতেছে। শুনিয়া আম্রজ্ঞ বালক বুঝিল, যে আম খাইতেছে সেই টার নাম পাখী। ইত্যাদি।

* মীমাংসকের সিদ্ধান্ত এই যে, বাক্যবোধ্য বস্তুমাত্রেই ক্রিয়ান্বয়ী অর্থাৎ ক্রিয়ার সহিত সম্বন্ধ হইয়া জ্ঞানগম্য হয়। পৃথক রূপে হয় না। অপিচ কর্ত্তব্যবোধ বা ইষ্টসাধনতাজ্ঞান ব্যতীত ক্রিয়াপ্রবৃত্তি বা কার্য্যপ্রবৃত্তি হয় না। কাযেই বলিতে হয়, বাক্যের শক্তি কার্য্যে অর্থাৎ সাধ্যে, কিন্তু সিদ্ধে নহে। সিদ্ধ বস্তুতে ইষ্টসাধনতাজ্ঞানের অথবা কর্ত্তব্য বোধের অভাব থাকে। কেন না তাহার কিছু করিতে হয় না বা করা যায় না। অতএব যাহা সিদ্ধ—তাহার জন্য বাক্যোপদেশ ব্যর্থ সুতরাং বাক্যের শক্তি কার্য্যে [সাধ্যে]. সিদ্ধে নহে। অর্থাৎ শাস্ত্রবাক্য মাত্রেই কার্য্য করিতে বলে যাহা আছে তাহা চিনিতে বলে না।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

तस्मात् सिद्धार्थप्रतिपादकयोरप्यर्थवादमन्त्रयोः प्रामाण्यमिति ॥३९॥

ननु अतीन्द्रियत्वात् वेदार्थस्य कथमुभयथा व्युत्पत्तिरित्यत्राह—

लोकव्युत्पन्नस्य वेदार्थप्रतीतिः ॥ ४०

य एव लौकिकास्त एव वैदिका इति सामान्यादिहापि व्युत्पत्तिरिति ॥ ४० ॥

भवेदेवं, यदि वेदस्य पौरुषेयत्वं स्यात्, नचैवमित्याह—

न त्रिभिरपौरुषेयत्वाद्वेदस्य तदर्थस्याप्यतीन्द्रियत्वात् ॥ ॥ ४१ ॥

ईश्वरस्य निराकृतत्वात् अन्यस्यासम्भवात् भ्रान्तेः पुरुषधर्म्मत्वेन आप्तत्वानिश्चयाद्वेदस्याप्रामाण्यापत्तेरिति ॥ ४१ ॥ वेदाप्रामाण्ये यागादावनाश्वासः इति ; वेदप्रामाण्यप्रतिपादनार्थमाह—

লৌকিক ব্যুৎপত্তি অনুসারেই লোকের বেদার্থ বোধ হইয়া থাকে। (তাৎপর্য্য এই যে, লৌকিক শব্দ যেমন সিদ্ধ বস্তুর বোধক, বৈদিক শব্দও তেমনি সিদ্ধতত্ত্বের বোধক। অপিচ বেদপ্রতিপাদ্য পাপ, পুণ্য, স্বর্গ, নরক, দেবতা, এ সকল অলৌকিক হইলেও লোকের জ্ঞানগম্য বা ব্যুৎপত্তিবিষয় হইতে দেখা যায়। ৪০

যদি বল, বেদ অপৌরুষেয়, তৎপ্রতিপাদ্য পদার্থও অতীন্দ্রিয়, তৎকারণে পূর্ব্বোক্ত তিনের (আপ্তবাক্য, ব্যবহার ও প্রসিদ্ধশব্দের সহোচ্চারণ) দ্বারা বেদার্থ ব্যুৎপত্তি অসম্ভব ;—অর্থাৎ বেদবক্তা ঈশ্বর না থাকায় সাংখ্যমতে বেদ আপ্তবাক্য হইতে পারে না এবং বেদপ্রতিপাদ্যধর্ম্মাধর্ম্মাদি অতীন্দ্রিয় বলিয়া তাহার প্রামাণ্য নিশ্চয় হইতে পারে না। ৪১

(প্রত্যুত্তর এই যে,—বেদার্থ সকল একেবারে অতীন্দ্রিয় নহে ; উহাতে ইন্দ্রিয়বিষয়তাও আছে)। বেদোক্ত যাগদানাদি স্বরূপতঃ ধর্ম্ম নহে। কেন না উহাতে বৈশিষ্ট্য অর্থাৎ দৃষ্টবিশেষের যোগ থাকা দৃষ্ট হয়। (যজ্ঞ করিলেই ধর্ম্ম

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न यज्ञादेः स्वरूपतो धर्म्मत्वं वैशिष्ट्यात् ॥ ४२

वैशिष्ट्यं कालदेशपात्रापेक्षया। तन्निरपेक्षत्वेन न स्वरूपतो धर्म्मत्वम्। अन्यथा अशुद्धकाले म्लेच्छदेशे महापातकिभिश्च कृता यज्ञादयो धर्म्महेतवः स्युः; न चैवम् ॥ ४२ ॥ अज्ञस्य फलदर्शनाद्वेदस्य प्रामाण्यमिति व्युत्पत्त्या किं क्रियते इत्यत्राह—

निजशक्तिर्व्युत्पत्त्या व्यवच्छिद्यते ॥ ४३ ॥

अयं शब्दोऽत्र वाचकत्वेन मुख्यः, अत्र गौण इति व्यवच्छिद्यते ॥४३॥

व्युत्पत्तिसिद्धिः कथं ज्ञायत इत्यत्राह—

योग्यायोग्येषु प्रतीतिजनकत्वात्तत्सिद्धिः ॥ ४४ ॥

प्रसिद्धाप्रसिद्धेषु लौकिकवैदिकपदार्थेषु ज्ञानजनकत्वात् व्युत्पत्तिसिद्धिः ॥ ४४ ॥ वेदनित्यत्वं निराकरोति—

হয়, এরূপ নহে। উহাতে যথোক্ত কাল দেশ পাত্রাদি সম্বন্ধ থাকার অপেক্ষা আছে সুতরাং বেদার্থ সকল কেবল অতীন্দ্রিয় নহে অর্থাৎ বেদ নিরবছিন্ন অপূর্ব্বের বা অদৃষ্টের বোধক নহে। অপিচ যাহার কিছুমাত্র জ্ঞান নাই সেও যখন বেদোক্ত কার্য্য করিয়া ফলপ্রাপ্ত হয় তখন আর উহাকে অনাপ্ত, অপ্রমাণ বা ভ্রান্তবাক্য বলিতে পার না)। ৪২

লৌকিক ব্যুৎপত্তি অর্থাৎ লৌকিক শব্দশক্তিজ্ঞান বেদশব্দের নিজশক্তিকে ব্যবচ্ছেদ করিয়া দেখায়। অমুক শব্দ অমুক অর্থের বোধক, অমুক শব্দ অমুক অর্থে মুখ্য, অমুক অর্থে গৌণ, এতদ্রূপ অবধারণ করায়। (এতাবতা ইহাই বলা হইল যে, বৃদ্ধব্যবহারাদির দ্বারাও বৈদিক শব্দে ব্যুৎপত্তি অর্থাৎ জ্ঞান লাভ হয় এবং সে জ্ঞান অভ্রান্ত)। ৪৩

বাক্যমাত্রেই প্রত্যক্ষযোগ্য ও প্রত্যক্ষের অযোগ্য উভয়বিধ পদার্থে জ্ঞান উৎপাদন করে সুতরাং বেদবাক্যও স্বপ্রতিপাদ্য যোগ্যাযোগ্য (প্রত্যক্ষ যোগ্য ও প্রত্যক্ষ অযোগ্য) উভয় পদার্থে ব্যুৎপত্তি জন্মায়। ৪৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

न नित्यत्वं वेदानां कार्य्यत्वश्रुतेः ॥ ४५ ॥

श्रुतिस्तावत् नाहरासीन्न रात्रिरासीत्, स तपोऽतप्यत, तस्मात्तपस्तेपानात्त्रयो वेदा अजायन्त" । अनुमानञ्च कृतकत्वादित्यादि । प्रत्यक्षेणाप्युच्चरितप्रध्वंसिनो वर्णा इति गृह्यन्ते । यस्तु स एवायं क वर्ण इति प्रत्ययः, स सामान्यविषयः ॥ ४५ ॥ अनित्यत्वात् पौरुषेया वेदा इति । तत्राह—

न पौरुषेयत्वं तत्कर्त्तुः पुरुषस्याभावात् ॥४६॥

निराकृत ईश्वर इत्यभिसन्धिः ॥ ४६ ॥ अन्य एव कर्त्ता भविष्यतीत्यत्राह—

न मुक्तामुक्तयोरयोग्यत्वात् ॥ ४७ ॥

मुक्तस्य निःसङ्गत्वात् कर्त्तृत्वायोगात्, अमुक्तस्य युगपदुपादानानभिज्ञत्वादिति ॥४७॥ अपौरुषेयत्वात्तर्हि नित्यत्वमत आह—

नापौरुषेयत्वान्नित्यत्वमङ्कुरादिवत् ॥ ४८ ॥

स्पष्टम् ॥ ४८ ॥ अङ्कुरादीनामपि सकर्त्तृकत्वं कार्य्यत्वादिति पक्षे मुक्तस्य कर्त्तृत्वमित्यत्राह—

বেদ নিত্য অর্থাৎ অনুৎপন্ন নহে। কেন না, শ্রুতি বলিয়াছেন, "ত্রয়োবেদা অজায়ন্ত" বেদত্রয় জন্মিয়াছে। ৪৫

বেদ জন্মবান্ হইলেও পৌরুষের নহে অর্থাৎ কোন পুরুষের দ্বারা জন্মবান্ হয় নাই। হেতু এই যে, বেদের কর্ত্তৃপুরুষ নাই। (ঈশ্বর নাই, কাযেই উহার কর্ত্তৃপুরুষ নাই, কর্ত্তৃপুরুষ না থাকায় উহা অপৌরুষেয়)। ৪৬

অপিচ, মুক্ত ও অমুক্ত উভয় প্রকার আত্মাই বেদ প্রস্তুত করিবার অযোগ্য। মুক্ত আত্মা নিঃসঙ্গ সুতরাং তিনি অনুরাগ বা ইচ্ছাদি না থাকায় বেদ রচনা করেন নাই এবং অমুক্ত আত্মা ভ্রান্ত ও অসর্ব্বজ্ঞ; সুতরাং তাঁহার দ্বারাও বেদরচনা অসম্ভব। (সাংখ্যমতে বিষ্ণু প্রভৃতি মুক্ত আত্মা)। ৪৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

तेषामपि तद्योगे दृष्टबाधादिप्रसक्तिः ॥ ४९ ॥

अङ्कुरादीनां कर्त्तुरदृश्यत्वात् प्रत्यक्षबाधः। अयोग्यस्य कर्त्ता नास्तीत्युक्तम्। आदिशब्दाद्व्याप्यत्वासिद्धिर्दर्शिता ॥ ४९ ॥ अनित्यत्व-पौरुषेयत्वयोर्व्याप्तिर्नास्तीत्याह—

[यत् पौरुषेयं, तत् शरीरजन्यमिति व्याप्तिर्लोके दृष्टा, तस्या वाधादिरेवं सति स्यादित्यर्थः ॥ ४९ ॥ नन्वादिपुरुषोच्चरितत्वाद्वेदा अपि पौरुषेयाः, इत्यत्राह *]

यस्मिन्नदृष्टेऽपि कृतवुद्धिर्जायते, तत् पौरुषेयम् ॥५०॥

यथा घटादिषु न तु वृक्षादिषु। अदृष्टेऽपीति कर्त्तर्य्यदृष्टेऽपि। न कार्य्यमात्रं सकर्त्तृकं, किन्तु कार्य्यविशेषः ॥५०॥ परतः प्रामाण्यं दूषयति—

(বেদ যদি অপৌরুষেয়ই হয় তবে তাহা নিত্য নহে কেন? এ আপত্তির প্রত্যুত্তর এই যে) অপৌরুষেয় হইলেই যে নিত্য হয়, এরূপ কোন নিয়ম নাই। অঙ্কুর প্রভৃতি অনেক প্রকার অপৌরুষেয় পদার্থ আছে অথচ তাহারা নিত্য নহে ; জন্য। (অঙ্কুর প্রভৃতির কর্তৃপুরুষ নাই ; সুতরাং তাহারাও অপৌরুষেয়)৪৮

অঙ্কুর প্রভৃতির কর্ত্তা আছে, সে কর্ত্তা অদৃশ্য, এরূপ বলিলে দৃষ্টবাধ দোষ হইবে। (যাহা যাহা পৌরুষেয়—তাহা তাহাই শরীরজন্য—এতদ্রূপ ব্যাপ্তি বা নিয়ম দৃষ্ট হয়। অঙ্কুর পৌরুষেয় হইলে অবশ্যই তাহার শরীরী কর্ত্তা দৃষ্ট হইত)। ৪৯।

(অপৌরুষেয়ের প্রকৃত লক্ষণ এই যে) যাহা দৃষ্ট হইবামাত্র "ইহা কৃত" অর্থাৎ জ্ঞান ইচ্ছা ও কৃতি (যত্নবিশেষ) প্রভৃতি পুরুষগুণের দ্বারা নিষ্পন্ন, এতদ্রূপ বুদ্ধি বা অনুভববিশেষ জন্মে ; বস্তুকল্পে তাহাই পৌরুষেয়। লক্ষণ অনুসারে ঘটাদিবস্তুই পৌরুষেয় ; বৃক্ষাদি নহে ; বেদও নহে। অভিপ্রায় এই যে বেদ কাহারও বুদ্ধিপূর্ব্বক কৃত নহে। উহা আদিপুরুষের মুখ হইতে অযত্ননিষ্পাদ্য শ্বাসপ্রশ্বাসের ন্যায় নির্গলিত হইয়া ছিল ; বুদ্ধিপূর্ব্বক কৃত বা রচিত হয় নাই)। ৫০

---

* क्वचित् इदं सूत्रं न दृश्यते।

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

निजशक्त्यभिव्यक्तेः स्वतःप्रामाण्यम् ॥ ५१ ॥

निजशक्तिर्ज्ञानजनक-सामग्रीमात्राधीनं प्रमाणानां प्रामाण्यं, न त्वधिकं गुणमपेक्षते, उत्पत्तिपक्षे । ज्ञप्तिपक्षेऽप्यौत्सर्गिकी ज्ञान-ग्राहकाणां प्रामाण्यबोधशक्तिः । तदभिव्यक्तेः स्वतःप्रामाण्यं, झटिति प्रवृत्तेश्च । यत्रापि शङ्कानिवृत्तये प्रामाण्यजिज्ञासार्थं प्रमाणानु-सरणं, तत्रापि कारणदोषोत्सारणाय, न गुणाय । अत एवा-प्रामाण्यं परतः, तत्र दोषस्यापि कारणत्वादिति ॥ ५१ ॥ बौद्धमतं दूषयति—

नासतः ख्यानं नृश्टङ्गवत् ॥ ५२ ॥

इदं रजतमित्यसदेव शुक्ति-रजततादात्म्यं प्रतिभाति । तन्न, असतोऽर्थक्रियाविरहात् ज्ञानजनकत्वानुपपत्तेः, यथा मनुष्यशृङ्गस्य । ॥ ५२ ॥ प्राभाकरमतं दूषयति—

न, सतोबाधदर्शनात् ॥ ५३ ॥

इदं रजतमिति इदमिति पुरोवर्त्तिविषयं रजतमिति स्मर-णम् । द्वे इमे सम्बित्ती ; भेदाग्रहात् प्रवृत्तिः, न अभेदग्रहणात्

(তাই বলিয়া বেদ শুকতুণ্ডনির্গলিত বচনাবলির ন্যায় অপ্রমাণ নহে) বেদ-বাক্যের নিজশক্তি অর্থাৎ উহার যে স্বাভাবিক জ্ঞানজনক শক্তি আছে, সেই শক্তি অভিব্যক্ত হয়, হইলে উহার প্রামাণ্যও অভিব্যক্ত হয়। সুতরাং বেদ চক্ষুরাদির ন্যায় স্বতঃপ্রমাণ। মন্ত্রে ও আয়ুর্ব্বেদে নিজশক্তি স্পষ্ট অভিব্যক্ত হইতে দেখা যায়, তদনুসারে অন্যবেদেও তদ্রূপ শক্তি থাকা অনুমিত হয়। মন্ত্র ও আয়ুর্ব্বেদ যে সত্যজ্ঞানের জনক—তাহা প্রত্যক্ষ সিদ্ধ ও অন্যনিরপেক্ষ অর্থাৎ অন্যজ্ঞানের সাহায্য সাপেক্ষ নহে)। ৫১

(শূন্যবাদ নিরাসের জন্য বলিতেছেন) যাহা অসৎ অর্থাৎ যাহা আদৌ নাই, মনুষ্য শৃঙ্গের ন্যায় মিথ্যা বা নিঃস্বরূপ, তাহার জ্ঞান অসম্ভব। (অভি-প্রায় এই যে, জ্ঞেয়তত্ত্ব অত্যন্ত-মিথ্যা হইলে জ্ঞানপদার্থও মিথ্যা হয়)। ৫২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

प्रवृत्ति दर्शनात्, नेदं रजतमिति बाधाच्च। न च सम्यक्ज्ञानस्य बाधोऽस्ति। तथाच सति अयं घटः इति ज्ञाने जाते 'नायं घटः' इति ज्ञानं स्यात्॥ ५३॥ वेदान्तिमतं दूषयति—

नानिर्वचनीयस्य, तदभावात्॥ ५४॥

इदं रजतमिति असत्वे अपरोक्षज्ञानाभावात्, सत्यत्वे बाधाभावात्, अतः सदसद्विलक्षणानिर्व्वचनीयत्वम्। तथाच "न सत्वे बाधसम्बित्तिर्न भानमसतोऽपि च। न द्वयात्म विरुद्धत्वादतस्तत्त्वान्तरं कुतः॥ मायामयत्वसिद्धौ तु प्रपञ्चस्य प्रमाणतः। प्रत्यक्षादिप्रमाणानां प्रामाण्यं व्यवहारिकम्॥ अद्वैतागमवाक्यन्तु तत्त्वावेदकलक्षणम्। प्रमाणभावं भजते बाधवैधुर्य्यहेतुतः॥ तस्मान्मायामयत्वेऽपि युक्ता ब्रह्मणि मानता। अद्वैतागमवाक्यानामिति तावद्व्यवस्थितिः"॥ तत्र इदं रजतमित्यनेनैव निर्व्वचनीयत्वात्, न सन्नासन्नित्यनिर्व्वचनीयत्वे न निर्व्वचनीयत्वाच्च॥५४॥ न्यायमतं दूषयति—

नान्यथाख्यातिः, स्ववचोव्याघातात्॥ ५५॥

इदं रजतमिति शुक्तिरेव रजतात्मना अवभासत इति। न। अन्यदन्यात्मना अवभासत इति सम्बिद्विरुद्धम्॥ ५५॥ आरोपित रजतमेव तत्रावभासत इति स्वमतमाह—

(কেহ বলেন,) বস্তুমাত্রেই ও জ্ঞানমাত্রেই সত্য ; বস্তুতঃ তাহা নহে। জ্ঞান ও জ্ঞেয় অত্যন্ত সৎ হইলে কদাচ তাহার বাধ হইল না। ৫৩

শত সহস্র স্থানে জ্ঞানের ও জ্ঞেয়ের বাধ দেখা যায় সুতরাং জ্ঞেয়তত্ত্ব অত্যন্ত সৎ নহে ও অনির্ব্বচনীয় নহে। যাহা কোনও মতে ব্যক্ত করা যায় না, এরূপ পদার্থ নাই। (এতদ্দ্বারা বেদান্তবাদ নিরাকৃত হইতেছে) ৫৪

অন্যথাখ্যাতি (অন্যথা=অন্য প্রকারে। খ্যাতি—জ্ঞান) অর্থাৎ এক বস্তু অন্য বস্তুর আকারে প্রতীত হয়, এ সিদ্ধান্তও ভাল নহে। এ সিদ্ধান্তে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

সদসত্‌খ্যাতির্বাধাবাধাৎ ॥ ৫৬ ॥

ইদং রজতমিতি পুরোবর্ত্তিবিষয়তয়া সৎ, অবাধনাৎ। রজত-বিষয়তয়া ত্বসৎ, বাধাৎ ॥ ৫৬ ॥ তস্মাৎ সদসতী তত্ত্বম্ ॥ স্ফোটং নিরাকরোতি—

প্রতীত্যপ্রতীতিভ্যাং ন স্ফোটাত্মকঃ শব্দঃ ॥ ৫৭ ॥

প্রতীতির্বর্ণেষু, অপ্রতীতিঃ স্ফোটে ; তস্মান্ন স্ফোটাত্মকঃ শব্দঃ। যদি বর্ণাঃ কিঞ্চিদপি ন প্রতিপাদয়ন্তি, স্ফোটপ্রতিপাদনমপি কুতঃ ? অথ প্রতিপাদয়ন্তি, কিমন্তর্গড়ুনা স্ফোটেন ? বর্ণা এব প্রতি-পাদকাঃ সন্ত্বিত্যর্থঃ। নানাত্বাদপি ন স্ফোটসিদ্ধিঃ ॥ ৫৭ ॥

প্রত্যক্ষবাধাৎ বেদস্যানিত্যত্বমুক্তম্, অধুনা বর্ণানামনিত্যত্বং প্রতিপাদয়তি—

স্ববাক্য বিরোধ দোষ আছে। (একে অন্যের আকার, তাহা আবার জ্ঞানের বিষয়, এ কথা "বন্ধ্যার পুত্র" এই কথার ন্যায় বিরুদ্ধ অর্থাৎ মিথ্যা। এই সূত্রের দ্বারা ন্যায়মতে দোষার্পণ করা হইতেছে) ৫৫

যেহেতু বাধ ও অবাধ উভয়ই দৃষ্ট হয়, সেই হেতু সদসৎখ্যাতিই তত্ত্ব। (বস্তুর অবস্থা ও সম্বন্ধ প্রভৃতির বাধ হয় মাত্র, পরন্তু তাহার মূলস্বরূপটী অবাধিত থাকে। ঘটরূপ অবস্থাটীই বাধিত, পরন্তু উহার মুলস্বরূপ মৃত্তিকা অবাধিত)।৫৬

যেহেতু বর্ণেরই প্রতীতি হয়, অন্য কাহার প্রতীতি হয় না, সেই হেতু স্ফোট-নামক বা স্ফোটরূপ শব্দ নাই। কেহ কেহ বলেন, শব্দের অবয়বীভূত প্রত্যেক বর্ণের অর্থবোধক সামর্থ্য নাই। ক্ অ ল্ অ শ্ অ,—এই সকল বর্ণ আনুপূর্ব্বীক্রমে উচ্চারিত হইলে তাহা হইতে এক "কলশ" ইত্যাকার অখণ্ড শব্দ স্ফুটিত অর্থাৎ অভিব্যক্ত হয়, সেই স্ফোট-শব্দই কুম্ভ নামক দ্রব্যের বোধক। কপিল বলিতেছেন যে, বর্ণের দ্বারা স্ফোট-শব্দ জন্মে, তৎপরে সেই স্ফোটের দ্বারা অর্থবোধ জন্মে, এরূপ কল্পনা অপেক্ষা বর্ণক্রমের দ্বারাই অর্থবোধ জন্মে, এই সিদ্ধান্তই সৎসিদ্ধান্ত)। ৫৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न शब्दनित्यत्वं कार्य्यताप्रतीतेः ॥ ५८ ॥

प्रत्यक्षादेः शब्द श्रवणानन्तरं नास्तीति प्रतीतेः, अन्यथा घटस्यापि नित्यत्वम् स्यात् ॥ ५८ ॥ प्रकृति पुरुषादन्यत् सर्व्वं कार्य्यमिति प्रतिपादनार्थं शङ्कते—

पूर्व्वसिद्धसत्त्वस्याभिव्यक्तिर्दीपेनेव घटस्य ॥ ५९ ॥

यथान्धकारस्थो घटो दीपेनाभिव्यज्यते, तथा वर्णा ध्वनिभिर्व्यज्यन्ते। तदभावान्न सन्तीति प्रतिभानं न त्वसत्वादिति ॥ ५९ ॥ समाधानमाह—

सत्कार्य्यसिद्धान्तश्चेत्, सिद्धसाधनम् ॥ ६० ॥

अभिव्यक्तिमाश्रित्य नित्यत्वमुच्यते, ततः सत्कार्य्यसिद्धान्तश्चेत्, सिद्ध साधनम् ॥६०॥ एक एवात्मा ; तथाहि "सितनीलादिभेदेन यथैकं दृश्यते नभः। भ्रान्तदृष्टिभिरेवात्मा तथैकः सन् पृथक् पृथक्।" तन्निराकरोति—

नाद्वैतमात्मनोलिङ्गात्तद्भेदप्रतीतेः ॥ ६१ ॥

जरामरणादिलिङ्गनियमात्। पूर्वञ्च सिद्धवदुक्तं, इदानीं साध्यत

বর্ণ সকল নিত্য নহে ; অনিত্য অর্থাৎ উৎপত্তিবিনাশযুক্ত। হেতু এই যে, তাহাদের জন্ম ও বিনাশ উভয়ই প্রতীত হয়। (শ্রবণ কালে "আছে" বলিয়া বোধ হয়। শ্রবণের পর নাই বলিয়া জ্ঞান হয়। (এতদ্ দ্বারা বর্ণনিত্যবাদীর মত নিরস্ত হইতেছে)। ৫৮

যদি বলেন, দীপ যেমন অন্ধকারস্থ দ্রব্যকে ব্যক্ত করে, প্রকাশ করে, ধ্বনিও তেমনি পূর্ব্বসিদ্ধ বর্ণকে ব্যক্ত করে বা প্রকাশ করে। (সুতরাং ধ্বনির নাশে বর্ণের নাশ ভ্রম হইয়া থাকে, বস্তু কল্পে তাহা নষ্ট হয় না, থাকে)। ৫৯

ঐরূপ বলিলে, পুনরপি সৎকার্য্য সিদ্ধান্ত স্বীকৃত হয়, সুতরাং সিদ্ধসাধন দোষ জন্মে। (অর্থাৎ অভিব্যক্তি পথ অবলম্বন করিয়া নিত্যতা প্রতিপন্ন করিবার প্রয়োজন কি! সেরূপ নিত্যতা ত কার্য্য মাত্রেরই আছে)। ৬০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

इत्यपीनरुक्त्यम् ॥६१॥ माभूत् सजातीयाद्वैतं, अनात्मानो भविष्यन्ति घटादयस्त्वात्मरूपा इति विजातीयाद्वैतं भविष्यतीत्यत्राह—

नानात्मनापि, प्रत्यक्षवाधात् ॥ ६२ ॥

न अनात्मना घटादिना आत्मन एकत्वं, घटादीनां वाह्यत्वेन भेददर्शनात्। एकत्वे घटादीनामात्मत्वमात्मनश्च परिणामित्व-मिति ॥६२॥ सजातीयविजातीयाद्वैतं भविष्यतीत्यत्राह—

नोभाभ्यां, तेनैव ॥ ६३ ।

अवाधितप्रत्ययेनैव भेददर्शनात् ॥ ६३ ॥ एवमद्वैतश्रुतिविरोध इत्यत्राह—

अन्यपरत्वमविवेकानां तत्र ॥ ६४ ॥

अविवेकानां अज्ञानां। तत्र तत्श्रुतेरन्यपरत्वं सामान्यपर-त्वम् ॥ ६४ ॥ एकात्मवादिनां जगदुपादानकारणमपि नास्तीत्याह—

আত্মা অদ্বিতীয় অর্থাৎ একই আত্মা ভিন্ন ভিন্ন উপাধিতে ভিন্নবৎ প্রতীয়মান হইতেছে, ইহা সঙ্গত কথা নহে। কেন না, জরামরণাদি নিয়মের সুব্যবস্থার দ্বারা আত্মার ভিন্নতাই, প্রতীত হয় অর্থাৎ যত শরীর তত আত্মা এইরূপই অনুভূত হয়। ৬১

ঘটাদি অনাত্ম পদার্থের দ্বারাও আত্মাও একত্ব নিষেধ হইতেছে। ঘটাদি পদার্থ যে আত্মা নহে তাহা প্রত্যক্ষসিদ্ধ সুতরাং তদ্দারা আত্মৈকত্ব বাধিত। ৬২

ঐ কারণে অর্থাৎ প্রত্যক্ষবাধারূপ হেতুর দ্বারা আত্মা অনাত্মা উভয়ের দ্বারা অদ্বৈত অর্থাৎ বিশিষ্টাদ্বৈতে নিষিদ্ধ হইতেছে। ৬৩

যে সকল অদ্বৈতশ্রুতি আছে, সে সকল অবিবেকিগণের অন্য প্রয়োজন-সাধনার্থ অর্থাৎ উপাসনার্থ কথিত হইয়াছে। ৬৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

नात्माविद्या नोभयं जगदुपादानकारणं निःसङ्गत्वात्
॥ ६५ ॥

कूटस्थत्वान्नात्मा कारणम्। अविद्याया असत्यत्वान्न कारणत्वम्। सत्यत्वेऽद्वैतहानिः। सम्बन्धाभावान्नोभयं कारणम् ॥६५॥ चिदानन्दस्वरूप आत्मा इत्यत्राह—

नैकस्यानन्दचिद्रूपत्वे द्वयोर्भेदात् ॥ ६६ ॥

आनन्दः सुखम् चित् ज्ञानम्। आनन्दचिद्रूपत्वे द्वैतापत्तिः। न चानन्दो न विषयजं सुखं, चितिर्वा वृत्तिज्ञानं; किन्त्वन्यदेवालौकिकमिति वाच्यम्; अलौकिकत्वेनाप्रामाणिकत्वात्। प्रामाणिकत्वे प्रमाणसत्त्वे नैव द्वैतत्वम्। किञ्च, आत्मन आनन्दरूपत्वं आनन्दधर्मत्वं वा? आनन्दधर्मत्वे द्वैतत्वापत्तिः, निर्गुणत्वादिश्रुतिविरोधश्च। आनन्दरूपत्वे तु संसारावस्थायां कथमानन्दो नानुभुयते? अविद्यातिरोधानादिति चेत्? अमूर्त्तत्वादविद्यायाः न तया कुड्यवत्तिरोधानसम्भवः। अथाभिभवस्तिरोधानशब्दार्थः; नित्यस्य चित्तनोर्नाभिभवः। अविद्याया मिथ्यात्वादात्मनश्च सत्यत्वान्न तयोः सम्बन्धः, वस्त्ववस्तुनोः सम्बन्धाभावात् सम्बन्धे वा निःसङ्गादिश्रुतिविरोधः। आनन्दानुभवे च कर्म्मकर्तृविरोधः। किञ्च, आनन्दात्मत्वे किं प्रमाणम्? किं प्रमाणानुसरणेन स्वयमेव प्रमाणरूपत्वादात्मन इति चेत्, तन्न; प्रमाणव्यवस्थार्थं प्रमेयस्वीकारात्। प्रमेयाभावात् किं प्रमाणेन

অসঙ্গতাহেতু আত্মা, মিথ্যাস্বরূপ বলিয়া অবিদ্যা, এবং একাধারে সত্য মিথ্যা সম্বন্ধ হয় না অর্থাৎ থাকে না বলিয়া মিলিত উভয় (আত্মা ও অবিদ্যা) জগতের উপাদান কারণ নহে। [অভিসন্ধি এই যে, অদ্বৈত মতে জগতের উপাদান থাকা অসম্ভব হয় এবং অবিদ্যা থাকায় অদ্বৈত-কথা কথামাত্র হয়)। একের (আত্মার) চিদ্রূপতা ও আনন্দরূপতা অসম্ভব। সম্ভব বলিলে

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

परिच्छेत्तव्यम् ? प्रमित्युपधानाभावाच्च प्रमाणत्वमेव नास्ति । चिद्रुपत्वञ्च नानन्दरूपत्वं, द्वयोर्भेदात् । तयोरलौकिकत्वेनाभेदसिद्धिरित्यपि न, अलौकिकत्वादेव व्याप्तिग्रहणाभावात् । ततो नात्मनोद्विरूपत्वमिति । यदि च मुक्तावानन्दो नानुभूयते, तर्हि किं तेन । अनुभूयते चेत्, अनुभवितनुभवानुभवनीया वाच्याः । यदा च यावद्देहभावित्वेनात्मसाक्षात्कारादपि समाधिरित्युच्यते, तदा देहपातानन्तरमात्मनः स्थितिरिति क्व समाधिः ? तथा च समाधौ सकलदुःखनिवृत्तेरानन्दलाभइत्यभिमन्यते । देहाभावात् समाधिनाशे क्वानन्दानुभवः ? एवञ्च मुक्तावानन्दानुभवो भ्रान्त इति स्थितम् ॥ ६६ ॥

अथानन्दस्मृतेः का वार्त्ता ? तथाच "आनन्दं ब्रह्मणो विद्वान् न बिभेति कुतश्चन । यतो वाचो निवर्त्तन्ते अप्राप्य मनसा सह ।" इत्यत्राह—

दुःखनिवृत्तेर्गौणः ॥ ६७ ॥

व्यक्तम् ॥ ६७ ॥ प্রকারান্তরমাহ—

অদ্বৈত-হানি। কেন না, চিৎ ও আনন্দ এক নহে, ভিন্ন। (চিৎ=জ্ঞান, আনন্দ=সুখ। দুঃখজ্ঞানকালে সুখানুভব না হওয়ায় সুখ ও জ্ঞান এক নহে, বিভিন্ন) সুতরাং অদ্বৈত নহে, দ্বৈত। সুখকে আত্মার ধর্ম্ম বা গুণ বলিলেও দ্বৈত। স্বরূপ বলিলে বলিব, সংসারকালে তাহা থাকে না কেন ? অবিদ্যা কিছু বস্ত্রাদির ন্যায় মূর্ত্ত পদার্থ নহে, যে তাহা ঢাকিয়া রাখিবে। যাহা মিথ্যা, কি প্রকার তাহা (অবিদ্যা) সত্য চৈতন্যকে অভিভব করিবে ? অতএব, আত্মা কেবলও চিৎস্বরূপ ; আনন্দস্বরূপ নহেন)। ৬৫।৬৬

"আত্মা আনন্দময়" এরূপ শ্রৌত প্রয়োগ সকল গৌণ অর্থাৎ শ্রুতি দুঃখ নিবৃত্তি লক্ষ্য করিয়া অথবা ঔপাধিক আনন্দ লক্ষ্য করিয়া ঐরূপ কথা বলিয়া থাকেন। ৬৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

विमुक्तिप्रशंसा मन्दानाम् ॥ ६८ ॥

मन्दानाम् तामसानां । विमुक्तिप्रशंसा प्रवर्त्तनार्थं प्रोत्साहनमिति ॥ ६८ ॥ मनोवैभवं निराकरोति—

न व्यापकत्वं मनसः करणत्वादिन्द्रियत्वाद्वा वास्यादिवच्चक्षुरादिवच्च ॥ ६९ ॥

यच्च शिरसि मे वेदना, पादे मे सुखमिति ज्ञानं मनोविभुत्वं प्रतिपादयति, तदाशुसञ्चारित्वात् क्रमाग्रहणनिमित्तम्। नानेन विभुत्वसिद्धिः ॥ ६९ ॥ दूषणान्तरमाह—

सक्रियत्वाद्गतिश्रुतेः ॥ ७० ॥

सक्रियत्वादित्यनुमानं दर्शितम्। गतिश्रुतेरिति शब्दो दर्शितः ॥ ७० ॥ अणुत्वेऽपि कारणाभावान्नित्यं भविष्यतीत्यत्राह—

न निर्भागत्वं, तद्योगाद्घटादिवत् ॥७१॥

न निर्भागत्वं नाकारणवत्त्वम्। तद्योगात् भागयोगात्। किमस्य कारणम् ? अहंकारः। षट्‌केन युगपद्योगात् परमाणूनां सभागत्व-

---

অথবা অবিবেকী দিগকে প্রোৎসাহিত করিবার জন্য মুক্তির বা মুক্ত আত্মার প্রশংসা মাত্র করিয়াছেন। ৬৮

মন ব্যাপক পদার্থ নহে। কেননা, মন করণ ও ইন্দ্রিয়। ৬৯

মন শীঘ্রসঞ্চারী, সেই হেতু উহার সর্ব্ব দেহব্যাপকতা অনুভূত হয়। পদে বেদনা ও মস্তকে সুখ,—এরূপ অনুভব শতপদ্মপত্র ভেদন্যায়ে শীঘ্র সঞ্চারিত্ব বলেই হয়; ব্যাপক বলিয়া নহে)। ৭০

মন ক্রিয়াযুক্ত এবং শ্রুতিতে উহার গতিবর্ণনাও আছে। তৎকারণে উহা বিভু বা ব্যাপক পদার্থ নহে। ৭১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

सिद्धिः ; तस्मात् घटादिवदनित्यं मनः ॥ ७१ ॥ नित्यानित्य-विभागमाह—

प्रकृतिपुरुषयोरन्यत् सर्व्वमनित्यम् ॥ ७२ ॥

स्पष्टम् ॥ ७१ ॥ दिक्कालादीनां नित्यत्वात् कथं सर्व्वमनित्य-मित्यत्राह—

न भागलाभो भागिनो निर्भागत्वश्रुतेः ॥ ७३ ॥

न कारणलाभो भागिनो जगत्कारणस्य प्रधानस्य, निर्भागत्व-श्रुतेः मूलकारणत्वान्नास्य कारणान्तरमस्ति इति श्रुतिः ॥ ७३ ॥

आनन्दाभिव्यक्तिर्मुक्तिरित्येतद्दूषयति—

नानन्दाभिव्यक्तिर्मुक्तिर्निर्धर्म्मकत्वात् ॥ ७४ ॥

मुक्तौ धर्म्मधर्म्मिभावाभावात्साभिव्यक्तिः । किं सर्व्व-दास्ति ? संसारदशायामपि मुक्तिप्रसङ्गः । अथ मुक्तौ क्रियते ? कार्य्यस्याऽवश्यं नाशात् पुनरनिर्म्मोक्ष इति ॥ ७४ ॥ विशेषगुणो-च्छित्तिर्मोक्ष इति दूषयति—

न विशेषगुणोच्छित्तिस्तद्वत् ॥ ७५ ॥

विशेषनिषेधात् सामान्यगुणस्वीकारः । तथाच गुणयोगाद-

মন নির্ভাগ অর্থাৎ নিরবয়ব নহে। কেননা, মন ইন্দ্রিয়গণের সহিত সংযুক্ত হয়। সংযুক্ত হয় বলিয়া উহা ঘটপটাদির ন্যায় সাবয়ব সুতরাং অনিত্য। (মন পরমাণুতুল্য ও নিরবয়ব, তৎকারণে তাহা নিত্য এই মতটী নৈয়ায়িকদিগের)। ৭২

অধিক কি, প্রকৃতি-পুরুষ ভিন্ন যে কিছু, সমস্তই অনিত্য। ৭৩

ভাগীর অর্থাৎ মূলকারণ প্রধানের নিরবয়ব শ্রুতি থাকায় তাহার আর ভাগ থাকা অর্থাৎ কারণ থাকা সিদ্ধ হয় না। কথাটীর তাৎপর্য্য এই যে, প্রকৃতি-পুরুষই নিরবয়ব ও নিত্য ; তদ্ভিন্ন সমস্তই সাবয়ব ও অনিত্য। দিক্‌কাল প্রভৃতি পৃথক্ তত্ত্ব নহে ; সুতরাং সে সকলের নিত্যানিত্য বিভাগ নাই)। ৭৪

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

निर्मोक्षः ॥ ७५ ॥ देहपरिमाण आत्मा, तस्य देहमात्राद्गतिरेव मुक्तिरिति, तद्दूषयति—

न विशेषगतिर्निष्क्रियस्य ॥ ७६ ॥

नोर्द्धगत्या मुक्तिः, निर्गुणनिष्क्रियनिर्धर्म्मक आत्मेति श्रुतेः। कुतो मुक्ति? हस्तिकृमिदेहपरिणामित्वेन संकोच-विकाशाभ्यां सावयवत्वेनानित्यस्य स्यादिति ॥ ७६ ॥ वौद्धमुक्तिं दूषयति—

नाकारोपरागोच्छित्तिः क्षणिकत्वादिदोषात् ॥ ७७ ॥

स किमाकारः ज्ञानस्वरूपः? तथाच ज्ञानस्याप्युच्छेद इति कस्य मुक्तिः? अथ धर्म्मः? क्षणिकत्वात् सर्व्वदा तन्नाशे संसारिणामपि मुक्तिः स्यात्। अथ वासनावशात्तदा न मुच्यते, वासनोच्छित्तिरेव मोक्षोऽस्तु, किमाकारोपरागोच्छित्त्या? आदिशब्दात् स्वच्छसंवित्प्रवाहस्यापि नश्वरत्वात् कस्य मुक्तिरिति ॥ ७७ ॥

वौद्धविशेषस्य मुक्तिं दूषयति—

আত্মাতে আনন্দাভিব্যক্তির নাম মুক্তি, এ সিদ্ধান্ত যুক্তিযুক্ত নহে। কেননা, আত্মা নির্ধর্ম্মক। তাহাতে আনন্দ অথবা তাহার অভিব্যক্তির কোনরূপ ধর্ম্ম থাকার সম্ভাবনা নাই। ৭৫

আত্মাতে সামান্য গুণের ও বিশেষ গুণের উচ্ছেদ হইলেই মুক্তি হয়, এ মতটীও ঐরূপ; অর্থাৎ প্রোক্তকারণে (নির্ধর্ম্মকত্ব বিধায়) গুণোচ্ছেদের নাম মুক্তি নহে। ৭৬

বিশেষ গতি অর্থাৎ ব্রহ্মলোকাদি প্রাপ্তিই মুক্তি, ইহাও সঙ্গত নহে। (আত্মা নিষ্ক্রিয়, তাঁহার গতি নাই, সুতরাং তাহা মুক্তি নহে) গতিমাত্রেই সোপাধিক; তাহা মুক্তি হয় না, প্রত্যুত বন্ধন হয়। ৭৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

न सर्व्वोच्छित्तिरपुरुषार्थत्वादिदोषात् ॥ ৩৮ ॥

स्पष्टम् ॥ ৩৮ ॥ शून्यं मुक्तिरिति दूषयति—

एवं शून्यमपि ॥ ৩৯ ॥

अपुरुषार्थत्वादेः । आदिशब्दादनुष्ठानाभावः सूचितः । यद्यात्मा स्वीक्रियते, तदा तत्परिपन्थिनि द्वेषः, तदनुकूले च स्नेह इति तयो र्बन्धहेतुत्वादनिर्मोक्षः स्यात् । मैवम् । नहि रागद्वेषमात्राद्बन्धः, किन्तु तद्विशेषात् । यथा बौद्धपक्ष एव न सम्बित्सन्तानमात्राद्बन्धः, स्वच्छसम्बित्सन्तानस्य मोक्षाङ्गत्वात्; तथा कैवल्यात्मपरिपन्थिनि द्वेषात् निरुपहितात्मस्थितौ रागान्न बन्धः, प्रत्युत मोक्षहेतुत्वमेवेति ॥ ৩৯ ॥ कालदेशकर्म्मविशेषान्मुक्तिरिति । तद्दूषयति—

संयोगाश्च वियोगान्ता इति न देशादिलाभोऽपि ॥৮০

देशसंयोगस्य वियोगान्तत्वात् पुनः संसारः । आदिशब्दात्

আকারের উপরাগ উচ্ছেদ হওয়াই মুক্তি; এ সিদ্ধান্ত সদোষ। ক্ষণিকত্ব প্রভৃতি অনেক দোষ আছে। (ইহার দ্বারা বৌদ্ধমতের মুক্তি নিরাকৃত হইতেছে। বৌদ্ধেরা বলে, "অহঃ অহং" ইত্যাকার অনন্তরিত জ্ঞানপ্রবাহের নাম আত্মা, তাহার বিষয়াকার হওয়াই বন্ধন, এবং বিষয়াকার নিবৃত্তি হওয়াই মোক্ষ। কিন্তু এ মতের আকার বা বিষয়াকার উভয়ই জ্ঞান, তাহা আবার ক্ষণিক ও আত্মা। অতএব যদি বিষয়াকার জ্ঞানের ও অহ-মাকার জ্ঞানের বা জ্ঞান প্রবাহের উচ্ছেদই আত্মারও উচ্ছেদ হইল, ইহা স্বীকর্ত্তব্য। সুতরাং মোক্ষই বা কি এবং কাহারই বা মোক্ষ? ৭৮

জ্ঞান প্রবাহরূপ আত্মার সর্ব্বোচ্ছেদ হওয়াও মুক্তি নহে। যেহেতু তাহা অপুরুষার্থ। কোন্ পুরুষ আত্মনাশ ইচ্ছা করে;)? ৭৯

শূন্যবাদীর মুক্তিও ঐরূপ। ৮০

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

कालकर्म्मणोरपि परिग्रहः। कालयोगस्याप्येवम्। कर्म्मणश्च क्षयित्वात् पुनः संसार इति ॥ ८० ॥ भागस्य जीवात्मनो भागिनि ब्रह्मणि योगो मुक्तिरिति। तद्दूषयति—

न भागयोगोऽभागस्य ॥ ८१ ॥

न ब्रह्मणोभागो जीवात्मा, ब्रह्मणो भागाभावात्। योगस्य वियोगान्तत्वात् पुनर्बन्धप्रसङ्गः। अथ संसारकारणाभावान्न वियोग इति, एवञ्च स एवास्तु किं भागयोगकल्पनया ॥ ८१ ॥ अणिमादिसिद्धिरेव मुक्तिरित्यत्राह—

नाऽणिमादियोगोऽप्यवश्यम्भावित्त्वात्तदुच्छित्तेरितर-वियोगवत् ॥ ८२ ॥

तेषामपि कार्य्यत्वादनित्यत्वम्। आदिशब्दात् लघिमा गरिमा प्राप्तिः प्राकाम्यमीशित्वं वशित्वं यत्रकामावसायित्वमिति ॥ ८२ ॥

परमैश्वर्य्यपदप्राप्तिरेव मुक्तिरित्यत्राह—

স্থানবিশেষ প্রভৃতি লাভের নাম মুক্তি, এ কথাও সঙ্গত নহে। কেননা সংযোগ মাত্রেরই বিয়োগ হইয়া থাকে। (অভিপ্রায় এই যে, সাযুজ্য, সালোক্য, সারূপ্য, সাষ্টি,—এই চারি প্রকার মুক্তি নহে; স্বর্গ)। ৮১

(কেহ বলেন, জীব সকল ব্রহ্মের ভাগ অর্থাৎ অংশ। তাহারা ভাগীর (ব্রহ্মের) সহিত যুক্ত হইয়া বা মিলিয়া গেলেই মুক্তি হয়। (বস্তুতঃ) ভাগীর (জীবের) ভাগ যোগ (ব্রহ্মের সহিত যোগ) মুক্তি বলিয়া গণ্য নহে। (ব্রহ্মের ভাগ অসম্ভব, যোগের বিয়োগ আছে, বিয়োগ হইলেই পুনর্ব্বন্ধন হইবে। সুতরাং তাহা মোক্ষ নহে)। ৮২

অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যের লাভ হইলেও মোক্ষ হয় না। কেন না, সে সকলের

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

नैन्द्रादिपदयोगोऽपि तद्वत् ॥ ८३ ॥

अनित्यत्वादित्यर्थः ॥ ८३ ॥ केचित् भौतिकानीन्द्रियानीति, तन्निराकरोति ।

न भूतप्रकृतित्वमिन्द्रियाणामाहङ्कारिकत्वश्रुतेः ॥ ८४।

तथाच "एतस्माज्जायते प्राणो मनः सर्व्वेन्द्रियाणि च खं वायु र्ज्योतिरापश्च पृथिवी विश्वस्य धारिणी"। भूतप्रकृतित्वमिति तु येनेन्द्रियेण यद्भूतकारणं तन्मात्रं गृह्यते, तस्य तत्प्रकृतित्वाभिमानाद्व्यपदेशः ॥ ८४ ॥ षट् पदार्थज्ञानान्मुक्तिरित्यत्राह—

न षट्पदार्थनियमस्तद्बोधान्मुक्तिः ॥ ८५ ॥

द्रव्यगुणकर्म्म सामान्यविशेष समवाया इति षट् पदार्थाः । तत्र पृथिव्यप्तेजोवाय्वाकाशकालदिगात्ममनांसीति द्रव्याणि । रूपरसगन्धस्पर्शाः-संख्यापरिमाणानि पृथकत्वं संयोगविभागौ परत्वापरत्वे वुद्धयः सुखदुःखे इच्छाद्वेषौ प्रयत्नश्च गुरुत्व द्रवत्व स्नेह संस्कार धर्म्माधर्म्मशब्दा गुणाः । उत्क्षेपणाऽवक्षेपणाकुञ्चनप्रसारणगमनानि कर्म्माणि । परमपरञ्च सामान्यम् । नित्यद्रव्यवृत्तयोऽन्त्या विशेषाः । अयुतसिद्धानां यः सम्बन्ध इह प्रत्ययहेतुः, स समवायः, इति नास्ति नियमोऽनियतपदार्थवादित्वात् सांख्यानाम् । न च तद्बोधान्मुक्तिः, आत्मज्ञानादेव मुक्तेः ॥ ८५ ॥ षोड़शपदार्थज्ञानात् मुक्तिरित्यत्राह—

উচ্ছেদ অবশ্যম্ভাবী ; অন্যপদার্থের ন্যায় ঐশ্বর্য্যেরও উচ্ছেদ হইয়া থাকে । ৮৩

ঐরূপ, ইন্দ্রত্বপদ পাওয়াও মুক্তি নহে । ৮৪

ইন্দ্রিয়গণ ভৌতিক নহে । শ্রুতি বলিয়াছেন, উহারা আহঙ্কারিক অর্থাৎ অহঙ্কার দ্রব্য হইতে উৎপন্ন, ভূত হইতে উৎপন্ন নহে । ৮৫

দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায়,—এই ছয় পদার্থ, এরূপ নিয়ম নাই এবং তদ্বিষয়ক তত্ত্বজ্ঞান হইলেই মুক্তি হয়, তাহা হয় না । (ছয় পদার্থের

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

षोड़शादिष्वप्येवम् ॥ ८६ ॥

प्रमाणप्रमेयसंशयप्रयोजनदृष्टान्तसिद्धान्तावयवतर्कनिर्णयवादजल्पवितण्डाहेत्वाभासच्छल जातिनिग्रहस्थानानां तत्त्वज्ञानान्निःश्रेयसाधिगम इति। प्रत्यक्षानुमानोपमानशब्दाः प्रमाणानि। आत्मशरीरेन्द्रियार्थबुद्धिमनःप्रवृत्तिदोषप्रेत्यभावफलदुःखापवर्गाः प्रमेयम्। समानानेकधर्म्मोपपत्तेः विप्रतिपत्तेरुपलब्ध्यनुपलब्धिव्यवस्थातश्च विशेषापेक्षो विमर्शः संशयः। यमर्थमधिकृत्य प्रवर्त्तते, तत् प्रयोजनम्। लौकिकपरीक्षकानां यस्मिन्नर्थे बुद्धिसाम्यं, स दृष्टान्तः। तन्त्राधिकरणाभ्युपगमसंस्थितिः सिद्धान्तः। स चतुर्विधः, सर्व्वतन्त्रप्रतितन्त्राधिकरणाभ्युपगमसंस्थित्यर्थान्तरभावात्। प्रतिज्ञाहेतूदाहरणोपनयनिगमनान्यवयवाः। अविज्ञाततत्त्वेऽर्थे कारणोपपत्तितस्तत्त्वज्ञानार्थमूहस्तर्कः। विमृश्य पक्षप्रतिपक्षाभ्यां अर्थावधारणं निर्णयः। प्रमाणतर्कसाधनोपालम्भः सिद्धान्ताविरुद्धः पञ्चावयवोपपन्नः पक्ष प्रतिपक्षपरिग्रहः वादः। यथोक्तोपपन्नःछलजातिनिग्रहस्थानसाधनोपालम्भो जल्पः। स प्रतिपक्षस्थापनाहीनो वितण्डा। सव्यभिचारविरुद्धप्रकरणसमसाध्यसमातीतकाला हेत्वाभासाः। वचनविघातोऽर्थविकल्पोपपत्त्याच्छलम्। तत्त्रिविधम्, वाक्छलं सामान्यछलं उपचारछलञ्च। साधर्म्म्यवैधर्म्म्याभ्यां प्रत्यवस्थानं जातिः। साधर्म्म्यवैधर्म्म्योत्कर्षापकर्षवर्ण्यावर्ण्यविकल्पसाध्यप्राप्त्यप्राप्तिप्रसङ्गप्रतिदृष्टान्तानुत्पत्तिसंशयप्रकरणहेत्वर्थापत्त्यविशेषोपपत्त्युपलब्ध्यऽनुपलब्धिनित्यानित्यकार्य्यसमाः। विप्रतिपत्तिरप्रतिपत्तिश्च निग्रहस्थानम्। प्रतिज्ञाहानिः। प्रतिज्ञान्तरं प्रतिज्ञाविरोधः प्रतिज्ञासन्न्यासो हेत्वन्तरमर्थान्तरं निरर्थकमविज्ञातार्थमपरार्थकमप्राप्त-

---

অতিরিক্ত প্রকৃত্যাদি পদার্থ আছে, তদ্বিষয়ক বিবেকজ্ঞান ব্যতীত মোক্ষ হয় না। এই সূত্রের দ্বারা বৈশিষিক মত নিরস্ত, হইতেছে। ৮৬

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

कालं न्यूनमधिकं पुनरुक्तमननुभाषणमज्ञानमप्रतिभा विक्षेपो मतानुज्ञा पर्य्यनुयोज्योपेक्ष निरनुयोज्यानुयोगोऽपसिद्धान्तोहेत्वाभासाश्च निग्रहस्थानानि। इयन्त इति न नियमः, न वा तद्बोधान्मुक्तिः। आदिशब्दादन्येऽपि नियतपदार्थां निराकार्य्याः ॥ ८६ ॥ नित्याश्चतुर्विधाः परमाणवः तैरेव महाभूतारम्भात् किं प्रधानेनेत्यत्राह—

नाणुनित्यता, तत्कार्य्यत्वश्रुतेः ॥ ८७ ॥

प्रधानात् 'सर्व्वमजायत', प्रकृतिपुरुषादन्यत् सर्व्वमनित्यम् इति श्रुतेः कार्य्यत्वात् परमाणूनां न नित्यत्वं कारणत्वं वा ॥ ८७॥ एवञ्च परमाणुत्वमेव न भवतीत्यत्राह—

न निर्भागत्वं कार्य्यत्वात् ॥ ८८ ॥

निर्भागत्वं निरवयवत्वम् यत् कार्य्यं, तन्न निर्भागं, यथा पट इति ॥ ८८ ॥ उद्भूतरूपवत्त्वाच्च प्रत्यक्षमित्यत आह—

न रूपनिबन्धनात् प्रत्यक्षनियमः ॥ ८९ ॥

इहाऽयं पक्षीत्याकाशस्य प्रत्यक्षत्वात् व्यभिचारात् उद्भूतरूपनिबन्धनात् न प्रत्यक्षत्वनियमः अलौकिके च समाधिबलजे योगि प्रत्यक्षे न पर्य्यनुयोगोऽस्ति ॥ ८९ ॥ अणु महद्दीर्घं ह्रस्वमिति चतुर्विधपरिमाणं नास्तीत्याह—

न परिमाणचातुर्विध्यं द्वाभ्यां तद्योगात् ॥९०॥

महदणुभ्यां कार्य्यकारणयोगात् व्यवहारसिद्धेः। एतत्प्रभेदा

ষোড়শ পদার্থ বিষয়েও ঐরূপ। (এই সূত্রের দ্বারা ষোল পদার্থ বাদী নৈয়ায়িকদিগের মত নিরস্ত হইতেছে)। ৮৭,

পরমাণু নিত্য নহে। শ্রুতি তাহারও জন্মবর্ণনা করিয়াছেন। ৮৮

যে হেতু উহা (অণু) জন্য সেই হেতু উহা নির্ভাগ অর্থাৎ নিরবয়ব নহে। (যাহা জন্মে তাহা সাবয়ব, এইরূপ নিয়ম দৃষ্ট হয়)। ৮৯

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

एवाऽन्ये परिमाणभेदा इति ॥ ९० ॥ प्रकृतिपुरुषव्यतिरिक्तं सामान्यं नित्यमस्तीत्यत्राह—

अनित्यत्वेऽपि स्थिरतायोगात् प्रत्यभिज्ञानं सामान्यस्य ॥ ९१ ॥

यथा सोऽयं देवदत्त इति न सामान्यविषया प्रत्यभिज्ञा, तथाऽनित्यत्वेऽपि सामान्यस्य वहुकालस्थैर्य्यात् ज्वालादिषु प्रत्यभिज्ञानमिति ॥ ९१ ॥ सामान्यासत्वं निराकरोति—

न तदपलापस्तस्मात् ॥ ९२ ॥

न सामान्यापलापः, प्रत्यभिज्ञानात् परीक्षयुक्तेः प्रत्यक्ष-वाधात् ॥ ९२ ॥ अस्त्येकाकारा वुद्धिः, सान्यनिवृत्तिपरा, इत्यत्राह—

नान्यनिवृत्तिरूपत्वं भावप्रतीतेः ॥ ९३ ॥

अभावरूपत्वे प्रतियोगिस्मरणाधीनं ज्ञानं लभ्येत, न तु विधिमुखतयेति। तथाच "सिद्धश्चागौरपोह्येत, गोनिषेधात्मकश्च सः।

রূপ থাকিলেই প্রত্যক্ষ হয়, না থাকিলে হয় না, এরূপ নিয়ম নাই। (অভিপ্রায় এই যে, যেমন রূপবর্জ্জিত জ্ঞান সুখাদির প্রত্যক্ষ হয়, তেমনি, প্রকৃতি পুরুষও প্রত্যক্ষ হইয়া থাকেন। লোকাতীত সমাধি ক্ষমতার কথা দূরে থাকুক, লৌকিক অনুভবেও আকাশাদি পদার্থের প্রত্যক্ষতা সিদ্ধ বা নির্ণীত হয়)। ৯০

চারি প্রকার (অণু, মহৎ, দীর্ঘ, হ্রস্ব) পরিমাণ নহে। হেতু এই যে, অণু, মহৎ,—এই দুই প্রকার পরিমাণের দ্বারা প্রোক্ত চারি প্রকার পরিমাণ সম্ভব বা সিদ্ধ হইতে পারে। ৯১

ব্যক্তি অনিত্য হইলেও স্থৈর্য্যযোগে তদ্গত সামান্যের অর্থাৎ জাতির প্রত্যভিজ্ঞান হইয়া থাকে। (ঘটরূপ ব্যক্তি থাকে না, কিন্তু তাহার সামান্য অর্থাৎ ঘটত্বরূপ জাতি থাকে। জাতি থাকে বলিয়াই তদ্যোগে অর্থাৎ জাতিসম্বন্ধের দ্বারা সোঽয়ং ঘটঃ—অর্থাৎ সেই ঘট এই,—এতদ্রূপ প্রত্যভিজ্ঞা (মনে পড়া বা স্মরণবিশেষ) হয়। ৯২

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

तत्र गौरेव वक्तव्यो नञा यः प्रतिषिध्यते। गव्यसिद्धे त्वगौर्नास्ति तदभावे च गौ कुतः।" इति॥ ९३॥ सादृश्यनिबन्धना प्रत्यभिज्ञा भविष्यतीत्यत्राह—

न तत्त्वान्तरं सादृश्यं प्रत्यक्षोपलब्धेः॥ ९४॥

भूयोऽवयवसामान्ययोगः सादृश्यं न तत्त्वान्तरं, प्रत्यक्षेणैव बहुतरतथावयवग्रहणात् 'तत्सदृशोऽयम्, इति ज्ञानोत्पादात्॥ ९४॥ प्रकारान्तरमाह—

निजधर्म्माभिव्यक्तिर्वा वैशिष्ट्यात्तदुपलब्धेः॥९५॥

अस्ति पदार्थानां निजा शक्तिः सा तुल्यपिण्डान्तरदर्शनादभिव्यक्ता विशिष्टा सती 'सदृशोऽयमि'ति सादृश्योपलब्धेः कारणम्, न तु तत्वान्तरं सादृश्यम्॥ ९५॥ संज्ञासंज्ञिसंबन्धज्ञानहेतुः सादृश्यमिति तत्-सिद्धिरित्यत्राह—

न संज्ञासंज्ञिसम्बन्धोऽपि॥ ९६॥

न सम्बन्धज्ञानहेतुः सादृश्यं व्यभिचारात्, अन्यत्राप्युपदेशादेः संज्ञासंज्ञिसम्बन्धनिश्चयात्। करणव्युत्पत्त्या विषयिनो ज्ञानस्योपलक्षणं॥ ९६॥ शब्दार्थयोर्नित्यः सम्बन्ध इति निरस्यति—

সেই হেতু অর্থাৎ প্রত্যভিজ্ঞা হেতু, জাতির অপলাপ হয় না। তাৎপর্য্য এই যে, জাতি নাই এ সিদ্ধান্ত সঙ্গত নহে। ৯৩

সেই দেবদত্ত এই,—এতদ্রূপ প্রত্যভিজ্ঞা অন্যপদার্থে নিবৃত্তিরূপ (অভাবরূপ নহে। কেন না, উহা ভাবরূপেই প্রতীত হয়। ৯৪

প্রত্যক্ষের দ্বারাই সাদৃশ্য প্রতীতি হইয়া থাকে; তৎকারণে তাহা (সাদৃশ্য) তত্ত্বান্তর অর্থাৎ অতিরিক্ত পদার্থ নহে। ৯৫

অথবা তাহা বস্তুনিষ্ঠ শক্তিবিশেষের অভিব্যক্তি ভিন্ন অন্য কিছু নহে। সে শক্তি তুল্যবস্তুদর্শনের পর অভিব্যক্ত বা বিস্পষ্ট হয় এবং বিশিষ্টাবুদ্ধি জন্মায়,

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

न सम्बन्धनित्यतोभयाऽनित्यत्वात् ॥ ९७ ॥

शब्दार्थयोरनित्यत्वात् कथं सम्बन्धो नित्यः स्यात् ॥९७॥ अज-सम्बन्धमपाकरोति—

नाजःसम्बन्धो धर्म्मिग्राहकप्रमाणवाधात् ॥ ९८ ॥

संयोगोऽभवन् कर्म्मजो भवेत्, न च नित्यस्य व्यापकस्य क्रियास्ति। महदादयश्चानित्याः, कथं तत्संयोगो नित्यः स्यात्? आत्मनाञ्च निर्धर्म्मकत्वात् न तैः प्रधानेन संयोगोऽस्ति। किञ्च, येन प्रमाणेन वस्तु गृह्यते, तेनैव च संयोगग्रहणमिति धर्म्मिग्राहकप्रमाणवाधः ॥ ९८ ॥ समवायं निरस्यति—

न समवायोऽस्ति प्रमाणाभावात् ॥ ९९ ॥

समवायः सम्बद्धोऽसम्बद्धो वा। असम्बद्धत्वे कथमन्यं सम्बन्धिनं कुर्य्यात्? सम्बद्धित्वेऽन्यसम्बन्धस्यासम्भवात् समवाय एव वक्तव्यः, तस्याप्यन्यस्तस्याप्यन्यइत्यनवस्थानान्नास्ति समवायः। यस्त्वविभागेन प्रतिभासः, स संयोगविशेषवैचित्र्यात्, यथा तप्तायःपिण्डे वह्निः ॥९९॥ यदि समवायो नास्ति, कथं शुक्लः पट इति, अश्वो गच्छतीति, गौरोऽयमिति ज्ञानम्? इत्यत्राह—

সুতরাং "ইহা অমুকের মত" এতদ্রূপ জ্ঞান জন্মে। (অভিপ্রায় এই যে সাদৃশ্য পদার্থ প্রত্যক্ষেরই অন্তর্গত)। ৯৬

যাহা সংজ্ঞাসংজ্ঞিসম্বন্ধজ্ঞানের হেতু—তাহাই সাদৃশ্য, এ সিদ্ধান্তও যুক্তি যুক্ত নহে। ঐরূপ জ্ঞান উপদেশাদির দ্বারাও হয়, সুতরাং ঐরূপ সাদৃশ্য লক্ষণ অব্যভিচারী নহে)। ৯৭

শব্দ ও অর্থ উভয়ই অনিত্য। সেই হেতু তদুভয়ের সম্বন্ধ ও অনিত্য। (ফলিতার্থ এই যে, শব্দার্থের সম্বন্ধ নিত্য, এরূপ মত সদোষ)। ৯৮

সম্বন্ধ অজ (যাহা জন্মে না তাহা অজ) নহে। হেতু এই যে, তাহা ধর্ম্মিগ্রাহক প্রমাণের দ্বারা বাধিত অথবা ঐ মতে ধর্ম্মিগ্রাহক প্রমাণের বাধা

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2,Equipment Heritage Foundation, Jalg

उभयत्राप्यन्यथासिद्धेर्न प्रत्यक्षमनुमानं वा ॥१००॥

उभयत्रापि तादात्म्येनैवोपपत्तेः, अन्यथा सामानाधिकरण्यं न स्यादिति ॥ १०० ॥ अनुमेया क्रिया स्यादित्यत्राह—

नानुमेयत्वमेव क्रियाया नेदिष्ठस्य तत्तद्वतोरेवा-परोक्षप्रतीतेः ॥ १०१ ॥

निकटस्थस्य क्रियाक्रियावतोरेवापरोक्षप्रतीतिः। अन्यथा सिद्धस्य प्रत्यक्षस्यवाधात्। यदि संयोगविभागाभ्यां कर्म्मानुमीयते, तयोरुभयवृत्तित्वात् वृक्षमूलादग्रं गच्छति पुरुषे वृक्षेऽपि कर्म्मानुमीयेत। ननु पुरुषकर्म्मणा संयोगविभाग सिद्धौ किमर्थं वृक्षे कर्म्म स्वीकर्त्तव्यम्? उत्पत्तौ भवेदेवं, अव्यभिचारात्तु संयोगविभागाभ्यां वृक्षे कर्म्मानुमानं न निवर्त्तते, किञ्च अन्धकारे 'भुजाग्रं मे कम्पत' इत्यादौ कम्पनमात्रज्ञानं भ्रान्तिः। सूर्य्यक्रियानुपलम्भस्त्वातिदूरादिदोषादिति ॥ १०१ ॥ पञ्चभूतारब्धं शरीरमित्यत्राह—

न पाञ्चभौतिकं शरीरं बहूनामुपादानायोगात् ॥१०२

वहूनां भिन्नजातीयानाम् उपष्टम्भकत्वे तु चतुर्णां निमित्तत्व-

আছে। (ধর্ম্মিগ্রাহক প্রমাণ অর্থাৎ সম্বন্ধনিশ্চায়ক প্রমাণ। ফলকথা এই যে, সম্বন্ধ পদার্থ নিত্য নহে)। ৯৯

কেহ বলেন, সমবায় (সম্বন্ধবিশেষ) আছে। পরন্ত তাহাও নাই। কেন না, সমবায় থাকার প্রমাণ নাই। ১০০

(নাই কেন? শুক্লবস্ত্র, এতদ্বিধ স্থানে বৈশিষ্ট্যপ্রত্যক্ষ হয় ও অনুমানও হয়; সুতরাং সমবায় থাকা সম্বন্ধে প্রত্যক্ষ ও অনুমান উভয় প্রমাণই আছে। প্রত্যুত্তর এই যে,) বৈশিষ্ট্যপ্রত্যক্ষ ও বৈশিষ্ট্য অনুমান উভয়ই অন্য প্রকারে সিদ্ধ হইয়া থাকে অর্থাৎ তাদাত্ম্যরূপেই প্রতীত হইয়া থাকে। সমবায় আছে বলিয়া ঐরূপ প্রতীতি হয়, এরূপ মনে করা ভ্রম। ১০১

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

Digitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalgaon

মস্ত্যেব; তেন পাঞ্চভৌতিকমিত্যুচ্যত ইতি॥১০২॥ নাস্তি সূক্ষ্মশরীরং, প্রমাণাভাবাদিত্যত্রাহ—

ন স্থূলমিতি নিয়ম আতিবাহিকস্যাপি বিদ্যমানত্বাৎ॥ ১০৩॥

মনসো নিরাশ্রয়স্য গত্যভাবাৎ মরণে দেহপ্রাপ্তয়ে মনস আশ্রয়ো বক্তব্যঃ। স এবাতিবাহিকং সূক্ষ্মং শরীরমিতি। অত্র "অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষবলাৎ যমঃ।" ইতি বচনম্। পুরি স্থূলশরীরে শেত ইতি পুরুষঃ সূক্ষ্মদেহ॥১০৩॥ অপ্রাপ্তপ্রকাশকমিন্দ্রিয়ং, দূরে শব্দোপলম্ভাৎ, কাচাভ্রস্ফটিকান্তরিতোপলব্ধেশ্চেত্যত্রাহ—

নাপ্রাপ্তপ্রকাশকত্বমিন্দ্রিয়াণামপ্রাপ্তেঃ সর্বপ্রাপ্তের্বা॥ ১০৪॥

নাপ্রাপ্তার্থপ্রকাশকত্বং যৎপ্রাপ্ত প্রকাশকত্বম্। শ্রোত্রং বৃত্তিদ্বারেণ শব্দেন সহ সম্বধ্যতে। কাচাদয়স্তু স্বচ্ছত্বাৎ ন চক্ষুঃপ্রসারং প্রতিবধ্নন্তি। দূরে চ বৃত্তিদ্বারেণ বস্তুগ্রহণম্। যদ্যপ্রাপ্তের্নগৃহ্নাতি,

---

যে হেতু নিকটস্থ সক্রিয় পদার্থ প্রত্যক্ষরূপে প্রতীত হয়, সেই হেতু ক্রিয়া পদার্থ অনুমেয় নহে। (নাস্তিকেরা বলে যে, ক্রিয়া পদার্থ প্রত্যক্ষ নহে; দেশান্তরসংযোগাদির দ্বারা অনুমেয়। এই সূত্রের দ্বারা নাস্তিকদিগের ঐরূপ মত নিরস্ত হইল)। ১০২

শরীর পাঞ্চভৌতিক নহে। হেতু এই যে, বিভিন্ন জাতীয় পদার্থের উপাদানতা যুক্তিবহির্ভূত। (তাৎপর্য্য এই যে, পাঁচ ভূতই যে শরীরের উপাদান, তাহা নহে। এক ভূতই উপাদান, অন্য চারি ভূত তাহার সহায় অর্থাৎ উপষ্টম্ভক বা নিমিত্তকারণ মাত্র। অন্যভুতের সাহায্য আছে বলিয়াই শাস্ত্রে ও লোকে স্থূল শরীরকে উপচারক্রমে পঞ্চভৌতিক বলে। ১০৩

শরীর মাত্রেই স্থূল অর্থাৎ প্রত্যক্ষ যোগ্য; ইহা নিয়মিত নহে। কেন না, আতিবাহিক (লিঙ্গ বা সূক্ষ্ম) শরীরও আছে। শরীর কি? না ইন্দ্রিয়ের আশ্রয়

CC-0: In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

tized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalg

कुड्यव्यवहितवत् दूरत्वेनाऽप्राप्तेरविशेषादव्यवहितमपि न गृह्येत। अथाऽप्राप्तेरपि गृह्णाति ; अविशेषाज्जगदुदरवर्त्ति सर्वं गृह्णीयादिति ॥ १०४ ॥ यदि प्रसारि चक्षुस्तैजसं तर्हीतित्राह—

न तेजोऽपसर्पणात्तैजसं चक्षुर्वृत्तितस्तत्सिद्धेः ॥१०५॥

तैजस इवापसर्पणात् दूरेऽपि प्रकाशकत्वात् तैजसमितग्भिमानः। वस्तुतस्तु वृत्तिद्वारेण सम्बन्धात् तत्सिद्धेः प्रमेयसिद्धेः ॥१०५॥ अथ वृत्तेरप्रत्यक्षत्वात् कथं वृत्तिसिद्धिरितत्राह—

प्राप्तार्थप्रकाशलिङ्गाद्वृत्तिसिद्धिः ॥ १०६ ॥

व्यक्तम् ॥ १०६ ॥ वृत्तिः किं दीपज्वालेव भागरूपा, गुणान्तरं वा इतत्राह—

भागगुणाभ्यां तत्त्वान्तरं वृत्तिः सम्बन्धार्थं सर्पतीति ॥ १०७ ॥

कार्य्यानुमेया वृत्तिस्तत्त्वान्तरं आहङ्कारिकम्, अनियतः पदार्थो यतः। असम्बद्धस्य ज्ञानायोगात् तदर्थं सर्पति। तथाच 'वृत्तयः प्रसरद्रूपाः स्फारिताचस्य यत्र च। अदृष्टानुग्रहात्तत्र संवद्धार्थविवोधिकाः ॥' १०७ ॥ कथममूर्त्तायाः वृत्तेः सर्पणक्रिया ? इतत्राह—

সুতরাং তাহা স্থূল সূক্ষ্ম উভয়ই প্রকারই হইতে পারে। (এতদ্দ্বারা দেহাত্মাবাদ নিরস্ত হইতেছে)। ১০৪

ইন্দ্রিয়গণ অপ্রাপ্ত প্রকাশক নহে। অর্থাৎ অসম্বদ্ধ বস্তু গ্রহণ করে না। (বাঙ্গালা সাংখ্যদর্শনে ইহার বিস্তৃত বিবরণ বলা হইয়াছে)। ১০৫

তেজঃপদার্থ প্রসারী, তাহা দেখিয়া চক্ষুরিন্দ্রিয়ও তৈজস, এরূপ বলা যায় না। চক্ষুর দূরস্থ বস্তুর গ্রহণ বৃত্তির দ্বারাও সিদ্ধ হয়। (তৎপুস্তকে এ কথাও বিস্তার করা হইয়াছে) ১০৬

চক্ষু প্রাপ্তবস্তুকেই প্রকাশ করে ; অপ্রাপ্তকে প্রকাশ করে না, এতদ্রূপ হেতুর দ্বারা চক্ষুর বৃত্তি থাকা সিদ্ধ অর্থাৎ অনুমিত হয় ১০৭

CC-0. In Public Domain Sri Aurobindo Library, Pondicherry

gitized by eGangotri/Sarayu Trust. Funding IKS-MoE-Grant-2 Equipment Heritage Foundation, Jalga

न द्रव्ये नियमस्तद्योगात्॥ १०८॥

अनियतत्वात् पदार्थानां न द्रव्य एव क्रियानियमः, किन्तु यत्र प्रमाणं दृश्यते तदनुमन्यामहे। वृत्तौ च क्रिया दृष्टा, अन्यथा वस्तूपलम्भाभावादिति॥ १०८॥ देशभेदे भौतिकानीन्द्रियाणि भविष्यन्ति, यथा वृश्चिकदष्टस्य देशभेदे मरणमित्यत्राह—

न देशभेदेऽप्यन्योपादानतास्मदादिवन्नियमः॥ १०९॥

स्वशरीर एव व्याप्तिर्गृहीता, आहङ्कारिकाणीन्द्रियानीति। तद्व्यभिचारे च धूमोऽप्यग्निं व्यभिचरेत्॥ १०९॥ पाञ्चभौतिकमिति व्यपदेशे हेतुमाह—

निमित्तव्यपदेशात्तद्व्यपदेशः॥ ११०॥

पञ्चोपादानता निषिद्धा, न निमित्तता। तेन पाञ्चभौतिकमिति व्यपदेशः॥ ११०॥ कति शरीरभेदा इत्यत्राह—

বৃত্তি দীপজ্বালার ন্যায় ভাগরূপা (অংশরূপা) নহে, গুণান্তরও নহে। বৃত্তি চক্ষু হইতে তত্ত্বান্তর অর্থাৎ অহঙ্কারিক পরিণামবিশেষ এবং তাহা সম্বন্ধসিদ্ধির নিমিত্ত প্রসররূপা হয়। ১০৭

দ্রব্যেই ক্রিয়া হয়, মূর্ত্ত পদার্থেই ক্রিয়া হয়, অমূর্ত্তপদার্থে হয় না, এমন কোন নিয়ম নাই। সুতরাং বৃত্তি অমূর্ত্ত পদার্থ হইলেও তাহাতে ক্রিয়া থাকা অনুমিত হয়। ১০৮

